



বার্ষিক  
প্রতিবেদন  
২০১৯-২০



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড





بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



বাণী

এ. এম. আমিনুল হক  
মহাপরিচালক  
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

মুজিব শতবর্ষের এই বিশেষ মুহূর্তে আমি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শুদ্ধা নিবেদন করছি, যিনি ১৯৭২ সালে পানির সুষ্ঠু ও টেকসই ব্যবস্থাপনা ও উন্নয়নের মাধ্যমে স্বল্প মেয়াদে দারিদ্র ও দূর্ভিক্ষ মোকাবেলা করা এবং দীর্ঘ মেয়াদে দেশের প্রতি ইঞ্চি জমি মানুষের জীবন, জীবিকা ও বিনিয়োগ নিরাপদ করার স্পন নিয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড প্রতিষ্ঠা করেছিলেন। দেশের পানি সম্পদ ব্যবস্থাপনায় প্রধান সংস্থা হিসেবে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সাফল্যের সাথে গত ৬০ বছর ধরে কার্যক্রম চালিয়ে আসছে। দেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ এবং প্রাকৃতিক বিপর্যয় সত্ত্বেও খাদ্যদ্রব্য রপ্তানী করছে। ২০১৯-২০ অর্থবছরের কর্মকাণ্ডের বার্ষিক প্রতিবেদনটি প্রকাশ করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এ পর্যন্ত ছোট বড় ৮৭৭ টি প্রকল্প বাস্তবায়ন করেছে। এসব প্রকল্পের আওতায় অন্যান্য অবকাঠামোর পাশাপাশি ১৬৩৫৩ কিলোমিটার বেড়িবাঁধ এবং ১২৮৭ কিলোমিটার নদী তীর সংরক্ষণের মাধ্যমে দেশের দুই তৃতীয়াংশ অঞ্চলে মানুষের জীবন, জীবিকা ও বিনিয়োগের নিরাপদ পরিবেশ সৃষ্টি হয়েছে। দেশের গুরুত্বপূর্ণ নদ নদীর নাব্যতা রক্ষার নিমিত্তে ২১৪৩ কিলোমিটার ড্রেজিং ও খনন করে জীববৈচিত্র্যময় গ্রীণ ইকোসিস্টেম রক্ষা করা হচ্ছে। ১৩০টি সেচ প্রকল্পের মাধ্যমে প্রায় ১৬.৩৫ লক্ষ হেক্টর জমিতে সেচ সুবিধা প্রদান করায় বাৎসরিক অতিরিক্ত প্রায় ১.১১ কোটি মেট্রিক টন খাদ্য উৎপাদিত হয়েছে।

জাতির পিতার দীর্ঘ মেয়াদী স্বপ্ন পূরণে মাননীয় প্রধানমন্ত্রী ভবিষ্যৎ প্রজন্মের জন্য বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা বা ডেল্টা প্ল্যান ২১০০ উপহার দিয়েছেন। এ পরিকল্পনার ৮০টি কার্যক্রমের মধ্যে বর্তমানে ১৭টি কার্যক্রম বাপাউবো বাস্তবায়ন করেছে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কোভিড-১৯ রোগের প্রাদুর্ভাব সময়েও মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে নিরাপদ স্বাস্থ্যবিধি পালন করে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সক্রিয় সহযোগীতা ও সমন্বয়ে হাওর অঞ্চল সহ দেশের সকল অঞ্চল ও প্রকল্পের কাজ চলমান রেখেছে এবং নিবিড় মনিটরিং ব্যবস্থাপনার মাধ্যমে কাজের গুণগত মান ও পরিমাণ নিশ্চিত করেছে।

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ ব্যবস্থার মাধ্যমে বন্যা মৌসুমে ৫ দিনের সুনির্দিষ্ট আগাম বন্যা পূর্বাভাস এবং এপ্রিল-মে মাসে হাওর অঞ্চলের জন্য ৩ দিনের আকস্মিক বন্যার আগাম পূর্বাভাস প্রদান করা সম্ভব হচ্ছে। সামগ্রিক ভাবে সাম্প্রতিক বছরগুলোতে সমন্বিতভাবে যথাযথ প্রস্তুতি গ্রহণের ফলে বন্যার ক্ষয়ক্ষতির পরিমাণ হ্রাস পেয়েছে।

“ডিজিটাল বাংলাদেশ” বাস্তবায়নের মধ্য দিয়ে সুশাসন, স্বচ্ছতা ও সামাজিক সমতা প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ক্রয় প্রক্রিয়ায় ই-জিপি ব্যবহার, ই-ফাইলিং ব্যবহার, জনবল নিয়োগে অনলাইন সিস্টেম ব্যবহার, হাজিরা ব্যবস্থাপনাসহ সকল কর্মকর্তা-কর্মচারীর তথ্য ডেটাবেজে সংরক্ষণ করেছে। মাঠ পর্যায়ে অনলাইন ক্যামেরার মাধ্যমে প্রকল্পের কার্যক্রম ই-মনিটরিং করার একটি যুগান্তকারী পদক্ষেপ চালু করেছে।

জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা করে অর্থনৈতিক প্রবৃদ্ধি ধরে রাখা এবং টেকসই উন্নয়ন নিশ্চিত করা বর্তমানে দ্রুতগতিতে অগ্রসরমান বাংলাদেশের জন্যে একটি বড় চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ সামনে রেখে টেকসই ও পরিবেশবান্ধব পানি সম্পদের ব্যবস্থাপনার মাধ্যমে বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ দেশে উত্তরনে আমরা মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে দৃঢ় প্রত্যয়ে নিরলস ভাবে কাজ করছি।

৩০.০৯.২০২০  
(এ. এম. আমিনুল হক)

প্রকাশক  
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

প্রকাশকাল  
সেপ্টেম্বর, ২০২০

### প্রকাশনা কমিটি

- |  |            |
|--|------------|
| ১। প্রধান প্রকৌশলী, মনিটরিং<br>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড                               | আহবায়ক    |
| ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>প্রসেসিং পরিদপ্তর<br>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড            | সদস্য      |
| ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট<br>কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর<br>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য-সচিব |
| ৪। প্রোগ্রামার<br>কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর<br>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড              | সদস্য      |
| ৫। উপ বিভাগীয় প্রকৌশলী<br>প্রসেসিং পরিদপ্তর<br>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড              | সদস্য      |

মুদ্রণ  
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
ওয়াপদা ভবন, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০

# সূচীপত্র

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পৃষ্ঠা

ভূমিকা	১
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সৃষ্টি	১
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন-২০০০	১
পরিচালনা পরিষদ	১
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন ২০০০ অনুসারে বাপাউবোর কার্যাবলী	২
সাংগঠনিক কাঠামো	২
জনবল	৪
পদ সৃজন	৪
জনবল নিয়োগ	৪
পদোন্নতি প্রদান	৪
মানব সম্পদ উন্নয়ন	৫
অভ্যন্তরীণ প্রশিক্ষণ	৫
বৈদেশিক প্রশিক্ষণ	৫
বাপাউবোর প্রকল্পে অর্থায়ন	৬
২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী	৬
২০১৮-২০১৯ অর্থবছরে রাজস্ব বাজেটে সম্পাদিত কার্যক্রম	৭
২০১৮-২০১৯ অর্থবছরে সমাপ্তকৃত প্রকল্পসমূহ	৭
২০১৮-২০১৯ অর্থবছরে সমাপ্ত কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্পের অর্জিত সাফল্য	৯
২০১৮-২০১৯ অর্থবছরে চলমান গুরুত্বপূর্ণ কয়েকটি প্রকল্প	১১
২০১৮-২০১৯ অর্থ-বছরে অনুমোদিত উল্লেখযোগ্য প্রকল্পসমূহ	১৪
জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় গ্রহীত প্রকল্প	১৫
বাপাউবোর ২৫ বছর মেয়াদী খসড়া পরিকল্পনা	১৬
বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ এর কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ভূমিকা	১৭
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের রুটিন কার্যক্রম	১৯
সেচ, সেচ সার্ভিস চার্জ ধার্য ও আদায় কার্যক্রম এবং জনগণের অংশগ্রহণমূলক কার্যক্রম	১৯
পানি বিজ্ঞান (Hydrology) এর আওতাধীন দপ্তরসমূহের কার্যক্রম	২২
ড্রেজার পরিদপ্তরের কার্যক্রম	২৯
যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের কার্যক্রম	৩১
অডিট পরিদপ্তরের কার্যক্রম	৩১
শৃংখলা পরিদপ্তরের কার্যক্রম	৩২
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মামলা সংক্রান্ত কার্যক্রম	৩২
জমি অধিগ্রহণ কার্যক্রম	৩৩
e-GP কার্যক্রম	৩৩
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) কার্যক্রম	৩৪
ইনোভেশন কর্মকাণ্ড	৩৬
বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রতিবেদন	৩৬
এক নজরে বাপাউবোর সাফল্যের খতিয়ান	৩৬



	পৃষ্ঠা
এক নজরে জুন, ২০১৯ পর্যন্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক সম্পাদিত অবকাঠামো/ কর্মকাণ্ডের বিবরণ	৩৯
উপসংহার	৩৯
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০১৮-২০১৯ সালের বিভিন্ন কর্মকাণ্ড	৪১
পরিশিষ্ট-১	৪৫
২০১৮-২০১৯ অর্থ বছরের ৩০-০৬-২০১৯ তারিখ পর্যন্ত আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের দরপত্র কার্যক্রমসহ বাস্তব ও আর্থিক অগ্রগতির বিবরণ	
পরিশিষ্ট-২	৬৯
২০১৮-২০১৯ অর্থবছর পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহের আর্থিক ও বাস্তব অগ্রগতির বিবরণী	
পরিশিষ্ট-৩	৭৫
২০১৮-২০১৯ অর্থ বছরে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় অনুমোদিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন	
পরিশিষ্ট-৪	৮১
বাপাউবোর ২৫ বছর মেয়াদী খসড়া পরিকল্পনা	

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

### ভূমিকা

বাংলাদেশ একটি কৃষি প্রধান দেশ। এ কারণে কৃষিজ সম্পদ দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বন্যা, অতিবৃষ্টিজনিত আগাম বন্যা, জলাবদ্ধতা, ফসলি জমিতে লোনা পানি প্রবেশ, খরা, সেচ সুবিধার অভাব, ইত্যাদি কৃষি উৎপাদনের প্রধান অন্তরায়। কৃষি উন্নয়নের জন্য পানি সম্পদ উন্নয়ন অপরিহার্য। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড দেশের পানি সম্পদ উন্নয়ন ও এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বন্যা প্রতিরোধ, সেচ ব্যবস্থা, পানি নিষ্কাশন, আবাদযোগ্য জমি লবণাক্ততা থেকে রক্ষা, সমুদ্র হতে নতুন নতুন জমি উদ্ধার কাজে নিরলস প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এছাড়া দেশের শিল্প ও বাণিজ্য কেন্দ্র, শহর বন্দর, কৃষিযোগ্য জমি সীমান্ত বরাবর প্রবাহমান নদীসমূহ ভাঙ্গনের কবল থেকে বাংলাদেশের ভূখণ্ড নদীর ভাঙ্গন থেকে রক্ষা কাজেও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সর্বদা নিয়োজিত।

### বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সৃষ্টি

১৯৫৪ ও ১৯৫৫ সালের উপর্যুপরি ভয়াবহ বন্যায় দেশের জানমাল এবং অবকাঠামো ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়। এরই পরিপ্রেক্ষিতে তদানীন্তন সরকারের আমন্ত্রণে জনাব জে, এ, ক্রুগের নেতৃত্বে ক্রুগ মিশন নামে জাতিসংঘের একটি প্রতিনিধিদল বাংলাদেশের জটিল পানি সম্পদ ব্যবস্থাপনার উপর সমীক্ষা পরিচালনা করেন। ক্রুগ মিশনের সমীক্ষার সুপারিশক্রমে বাংলাদেশের সেচ ব্যবস্থার উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণসহ পানি সম্পদের উন্নয়ন, আহরণ, ব্যবহার এবং বিদ্যুৎ উন্নয়ন ও ব্যবস্থাপনার লক্ষ্যে ১৯৫৯ সনের অর্ডিন্যান্স নং-১ এর মাধ্যমে পূর্ব-পাকিস্তান পানি ও বিদ্যুৎ উন্নয়ন কর্তৃপক্ষ (ইপিওয়াপদা) সৃষ্টি করা হয়। তৎকালীন সেচ অধিদপ্তরের সকল কর্মকর্তা কর্মচারীকে ইপিওয়াপদার পানি উইং এ আত্মীকরণসহ প্রকৌশলী, বিজ্ঞানী, কারিগরি ও অ-কারিগরি বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাসহ বিপুল সংখ্যক কর্মচারী নিয়োগ করা হয়। পরবর্তীতে ১৯৭২ সালে প্রেসিডেন্ট অর্ডার নং- ৫৯ এ তদানীন্তন ইপিওয়াপদার “পানি উইং” নিয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) নামে একটি স্বতন্ত্র সংস্থা সৃষ্টি করা হয়।

### বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন-২০০০

পরিবর্তিত প্রেক্ষাপটে জাতীয় পানি নীতি ১৯৯৯ এর অনুসরণে সমন্বিত ও জনগণের অংশগ্রহণের মাধ্যমে দেশের পানি সম্পদের উন্নয়ন ও দক্ষ ব্যবস্থাপনার লক্ষ্যে ১১ জুলাই, ২০০০ এ “বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন-২০০০” জারি করা হয়। অনুমোদিত জাতীয় পানি নীতি অনুসরণপূর্বক পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড পানি সম্পদ সেক্টরের অন্যতম প্রধান বাস্তবায়নকারী সংস্থা হিসেবে কাজ করে যাচ্ছে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রধান নির্বাহী মহাপরিচালক। মহাপরিচালক এবং তাঁর অধীনস্থ ৫ জন অতিরিক্ত মহাপরিচালক সমন্বয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ব্যবস্থাপনা কার্য পরিচালনা করে আসছে। পানি সেক্টরের মাঠ পর্যায়ের প্রকল্প/প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়ন এবং সমাপ্ত প্রকল্পের রক্ষণাবেক্ষণ কর্মকাণ্ড সম্পাদনের জন্য সারাদেশকে ৯টি জোনে (উত্তর-পূর্বাঞ্চল, কেন্দ্রীয় অঞ্চল, উত্তরাঞ্চল, দক্ষিণাঞ্চল, দক্ষিণ-পশ্চিমাঞ্চল, পূর্বাঞ্চল, পশ্চিমাঞ্চল, দক্ষিণ-পূর্বাঞ্চল ও উত্তর-পশ্চিমাঞ্চল) বিভক্ত করা হয়েছে এবং প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী জোনের দায়িত্ব পালনে নিয়োজিত রয়েছেন।

### পরিচালনা পরিষদ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ অনুসারে বোর্ডের সার্বিক নীতি নির্ধারণের জন্য একটি পরিচালনা পরিষদ রয়েছে। পরিচালনা পরিষদের চেয়ারম্যান মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। বিভিন্ন মন্ত্রণালয়ের ৪ (চার) জন সচিবসহ সরকারি/বেসরকারি সেক্টরের বিভিন্ন পেশার প্রতিনিধি এবং মাঠ পর্যায়ে পানি ব্যবস্থাপনা সমিতির সাথে সংশ্লিষ্ট প্রতিনিধিসহ ১২ (বারো) সদস্য সমন্বয়ে এ পরিচালনা পরিষদ গঠিত।

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন ২০০০ অনুসারে বাপাউবোর কার্যাবলী

### (ক) কাঠামোগত কার্যাবলী

১. নদী ও অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ, পানি নিষ্কাশন, সেচ ও খরা প্রতিরোধের লক্ষ্যে জলাধার, ব্যারেজ, বাঁধ, রেগুলেটর বা অন্য যে কোন অবকাঠামো নির্মাণ;
২. সেচ, মৎস্য চাষ, নৌপরিবহন, বনায়ন, বন্যপ্রাণী সংরক্ষণ ও পরিবেশের সার্বিক উন্নয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে পানি প্রবাহের উন্নয়ন কিংবা পানি প্রবাহের গতিপথ পরিবর্তনের জন্য জলপথ, খালবিল ইত্যাদি পুনঃখনন;
৩. ভূমি সংরক্ষণ, ভূমি পরিবৃদ্ধি ও পুনরুদ্ধার এবং নদীর মোহনা নিয়ন্ত্রণ;
৪. নদীতীর সংরক্ষণ এবং নদী ভাঙ্গন হতে সম্ভাব্য ক্ষেত্রে শহর, বাজার, হাট এবং ঐতিহাসিক ও জাতীয় জনগুরুত্বপূর্ণ স্থান সমূহ সংরক্ষণ;
৫. উপকূলীয় বাঁধ নির্মাণ ও সংরক্ষণ;
৬. লবণাক্ততার অনুপ্রবেশ রোধ এবং মরুভূমি প্রশমন;
৭. সেচ, পরিবেশ সংরক্ষণ ও পানীয় জল আহরণের লক্ষ্যে বৃষ্টির পানি ধারণ।

### (খ) অকাঠামোগত ও সহায়ক কার্যাবলি


- i) বন্যা ও খরা পূর্বাভাস সতর্কীকরণ;
- ii) পানিবিজ্ঞান সম্পর্কিত অনুসন্ধান কার্য পরিচালনা এবং এতদসম্পর্কিত তথ্য ও উপাত্ত গ্রহণ, সংরক্ষণ ও বিতরণ;
- iii) পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে সরকারের সংশ্লিষ্ট সংস্থার সহযোগিতায় এবং সম্ভাব্য ক্ষেত্রে বোর্ড কর্তৃক সৃষ্ট অবকাঠামোভুক্ত নিজস্ব জমিতে বনায়ন, মৎস্য চাষ কর্মসূচি বাস্তবায়ন এবং বাঁধের উপর রাস্তা নির্মাণ;
- iv) বোর্ডের কার্যাবলির উপর মৌলিক ও প্রায়োগিক গবেষণা;
- v) বোর্ড কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের সুফল সংশ্লিষ্ট সুবিধাভোগীদের মধ্যে অব্যাহত রাখার লক্ষ্যে সুবিধাভোগীদের সংগঠিতকরণ, প্রকল্পে তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণ, প্রকল্প রক্ষণাবেক্ষণ ও পরিচালন এবং প্রকল্প ব্যয় পুনরুদ্ধার সংক্রান্ত বিভিন্ন কলাকৌশল ও প্রাতিষ্ঠানিক কাঠামো উদ্ভাবন, বাস্তবায়ন ও পরিচালন।

## সাংগঠনিক কাঠামো

প্রকল্প বাস্তবায়ন এবং সমাপ্ত-প্রকল্পের পরিচালন ও রক্ষণাবেক্ষণসহ পানি সেक्टरের সকল কর্মকাণ্ড সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের দপ্তর সমূহের বিস্তারিত নিম্নের সাংগঠনিক কাঠামোতে প্রদর্শিত হয়েছে।



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামো



## জনবল

পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড একটি জাতীয় গুরুত্বপূর্ণ সংস্থা। ১৯৭২ সালের প্রেসিডেন্ট অর্ডার নং ৫৯ মোতাবেক তদানীন্তন ইপিওয়াপদার “পানি উইং” নিয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) একটি স্বতন্ত্র সংস্থা হিসেবে সৃষ্টি হয়। শুরুতে এর অনুমোদিত জনবল ছিল ২৪,৩৬৮ জন। পরবর্তীতে বিভিন্ন সময় সংস্থাটির জনবল হ্রাস করা হয়। ১৯৮৫ সালে সংস্থার জনবল এনাম কমিটির মাধ্যমে হ্রাস করে ১৮০৩২ এ আনা হয়। পুনরায় ১৯৯৮ সালে এর জনবল ১৮০৩২ থেকে কমিয়ে ৮৯৩৫ জন করা হয়। পানি সম্পদ সেক্টরে উন্নয়নমূলক কর্মকাণ্ড ত্বরান্বিত করার লক্ষ্যে সম্প্রতি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ১৬৪ ক্যাটাগরীর ১২৬৩৪ জন জনবল সম্বলিত Need Based Set-Up এর মধ্যে চূড়ান্ত ভেটিংকৃত ১১৬ ক্যাটাগরীর ১০১৮২ টি পদ সৃজনে সরকারী আদেশ গেজেট আকারে প্রকাশিত হয়েছে। অবশিষ্ট ৪৮ ক্যাটাগরীর ২৪৫৬ টি পদের গেজেট প্রকাশের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

## পদ সৃজন

বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর পানি সম্পদ ব্যবস্থাপনার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। বাংলাদেশের বৃহৎ নদীসমূহে ড্রেজিং, নদী ব্যবস্থাপনা এবং গঙ্গা ব্যারেজ প্রকল্পের ন্যায় মেগা প্রকল্প হাতে নেয়া হয়েছে। আগামী মধ্য-মেয়াদী বাজেটে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের পরিধিও অনেক বৃদ্ধি পেয়েছে। উল্লেখযোগ্যভাবে জনবল হ্রাস ও বর্তমানে বাপাউবোর কর্মপরিধি বৃদ্ধি পাওয়ায় জনবল বৃদ্ধির প্রয়োজনীয়তা দেখা দেয়। সে মোতাবেক ২০১০ সালে সর্বমোট ১৫০৬৭ পদের জন্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে Need Based জনবল কাঠামোর প্রস্তাবনা দেয়া হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় পর্যালোচনা পূর্বক ৬৪৫৯টি নতুন পদ (যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর ও ড্রেজার পরিদপ্তর নতুনভাবে অন্তর্ভুক্তকরণ পূর্বক) অস্থায়ীভাবে রাজস্ব খাতে সৃজন এবং বাপাউবোর অনুমোদিত ৮৯৩৫টি পদ হতে ১৮০০টি পদ বিলুপ্তিসহ সর্বমোট ১৩৫৯৮ পদ এর সম্মতি জ্ঞাপন করে। এরই ধারাবাহিকতায় অর্থ মন্ত্রণালয় ৫৪৯৯টি পদ সৃজন এবং ১৮০০টি পদ বিলুপ্ত করে মোট ১২৬৩৪টি পদের সুপারিশ করে। এছাড়াও ৫৯৫টি আর্মড গার্ড (আনসার) এর পদ অঙ্গীভূতকরণের (Embodiment) মাধ্যমে পূরণ করার সুপারিশ থাকায় মোট পদ সংখ্যা দাঁড়ায় ১৩২২৯টি। বিস্তারিত নিম্নরূপঃ

ক্রমিক নং	সংস্থা/পরিদপ্তরের নাম	এনাম সেট-আপ ১৯৮৪ অনুসারে জনবল	গেজেট '৯৮ অনুসারে জনবল	প্রক্রিয়াধীন Need Based সেট-আপ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত	
				জনপ্রশাসন মন্ত্রণালয়	অর্থ মন্ত্রণালয়
১।	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (যান্ত্রিক সরঞ্জাম ও ড্রেজার পরিদপ্তর বাদে)	১৪১২৫	৮৯৩৫	১২০২৮	১১৮৭০
২।	যান্ত্রিক সরঞ্জাম (এমই) পরিদপ্তর	২১৪৫	-	৪২৫	৩৬০
৩।	ড্রেজার পরিদপ্তর	১৪০৫	-	১১৪১	৯৯৯
৪।	নদী গবেষণা ইনস্টিটিউট	১৯০	-	-	-
৫।	যৌথ নদী কমিশন	১৬৭	-	-	-
	মোট	১৮০৩২	৮৯৩৫	১৩৫৯৮	১৩২২৯

## জনবল নিয়োগ

পানি সম্পদ সেক্টরে উন্নয়নমূলক কর্মকাণ্ড গতিশীল রাখার স্বার্থে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে শূন্য পদের বিপরীতে নিয়মিতভাবে জনবল নিয়োগের কাজ চলমান আছে। ২০১৯-২০২০ অর্থ বছরে নিয়োগের বিস্তারিত বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক নং	গ্রেড	সেট- আপভুক্ত পদের সংখ্যা	বর্তমানে কর্মরত সংখ্যা	২০১৯-২০২০ সালে সরাসরি নিয়োগকৃত পদসংখ্যা	শূন্য পদের সংখ্যা	ডিসেম্বর, ২০ এর মধ্যে সরাসরি নিয়োগের প্রক্রিয়াধীন পদসংখ্যা (আউটসোর্সিং সহ)
১	১ হতে ৯	১৪০৫	১০৩৫	৮৬	৩৭০	৯৯
২	১০	৯৫৬	৭৫০	০	২০৬	১৪২
৩	১১ হতে ১৬	২২৭৩	২৪৫৯	৪৩২	-১৮৬*	১৭৭
৪	১৭ হতে ২০	৫৫৪৮	৩০২২	০	২৫২৬	১৩৯
	মোট	১০১৮২	৭২৬৬	৫১৮	২৯১৬	(৫৫৭+৮৫৫**) = ১৪১২

\*বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিদ্যমান সেটআপ অনুযায়ী অনুমোদিত পদের সংখ্যা ১০১৮২ টি। ১০১৮২ টি পদের মধ্যে তৃতীয় শ্রেণীর অনুমোদিত পদের সংখ্যা ২২৭৩ টি। বর্তমানে তৃতীয় শ্রেণীর পদে পূর্বের (১৯৯৮) সেটআপের পদের বিপরীতে



বেশ কিছু নিয়মিত জনবল কর্মরত আছে। পূর্বের সেটআপ এবং বিদ্যমান সেটআপ অনুযায়ী তৃতীয় শ্রেণীর পদে বর্তমানে ২৪৫৯ জন নিয়মিত জনবল কর্মরত আছেন। সে হিসেবে তৃতীয় শ্রেণীর শূন্য পদের সংখ্যা=(২২৭৩-২৪৫৯)=-১৮৬ টি।

\*আউটসোর্সিং এর পদসমূহ সাকুল্য বেতন ভিত্তিক বিধায় গ্রেড ভিত্তিক বিভাজনে অন্তর্ভুক্ত করা হয়নি। ১০টি ক্যাটাগরীর ৫৫৩ পদ আউটসোর্সিং এর মাধ্যমে পূরণের জন্যই-জিপিতে দরপত্র আহ্বান করা হয়েছে এবং ০৯টি ক্যাটাগরীর ৩০২ পদ আউটসোর্সিং এর মাধ্যমে পূরণের লক্ষ্যে ক্যাটাগরী নির্ধারণের জন্য পুনঃপ্রায় অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

## নিয়োগ/পদোন্নতি প্রদান

প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	নতুন নিয়োগের বিষয়টি কর্মচারী পরিদপ্তরের সহিত সংশ্লিষ্ট নয়।
১২৮ জন	১০৪ জন	২৩২ জন	-	-	-	

## মানব সম্পদ উন্নয়ন

কর্মকর্তা/কর্মচারীদের পেশাগত মানের উৎকর্ষ সাধনে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। পানি সম্পদ উন্নয়নের সাথে সম্পৃক্ত জনবলের দক্ষতা ও পেশাগত জ্ঞান সমৃদ্ধির লক্ষ্যে ২০১৯-২০২০ অর্থ বছরের অভ্যন্তরীণ ও বৈদেশিক বৈদেশিক প্রশিক্ষণ কর্মকাণ্ডের বিস্তারিত নিম্নরূপঃ

### অভ্যন্তরীণ প্রশিক্ষণ

ক্রমিক নং	সময়কাল	কোর্সের সংখ্যা	অংশগ্রহণকারীর সংখ্যা	জনদিবসের সংখ্যা
১।	২০১৯-২০	৪৭	১১০৭	১৫১৩৮

### বৈদেশিক প্রশিক্ষণ

ক্রমিক নং	দেশের নাম	কোর্সের সংখ্যা	অংশগ্রহণকারীর সংখ্যা	জনদিবসের সংখ্যা
১।	ভারত	৫	৬	৩০
২।	জাপান	২	৩	১২৬
৩।	তুরস্ক	২	২	৯
৪।	নেপাল	১	৩	৯
৫।	চীন	২	৩	২৩
৬।	আমেরিকা	২	৮	৪২
৭।	মালেশিয়া	১	১	৩
৮।	জার্মানী	৩	৫	৭২
৯।	যুক্তরাজ্য	২	৯	৩৯
১০।	সুইজারল্যান্ড	১	১	৪
১১।	কোরিয়া	২	২	৭
১২।	ইটালী	২	৬	৩৮
১৩।	সংযুক্ত আরব আমিরাত	১	১	৫
১৪।	ফিলিপাইন	১	১	৫
মোট =		২৭	৫১ জন	৪০৯

## বাপাউবো'র প্রকল্পে অর্থায়ন

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) সরকারের উন্নয়ন ও পরিচালনা বাজেট বরাদ্দের মাধ্যমে প্রাপ্ত অর্থের সাহায্যে বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনা করে থাকে। এছাড়াও, বিভিন্ন উন্নয়ন সহযোগীর কাছ থেকে ঋণ ও অনুদান সহায়তা পেয়ে থাকে। ২০০৯-২০২০ বছরসমূহে বিশ্বব্যাংক, এশীয় উন্নয়ন ব্যাংক, ইফাদ, নেদারল্যান্ড সরকার, জাইকা, সিডা, ওপেক, চীন প্রভৃতি উন্নয়ন সহযোগীর কাছ থেকে পানি সম্পদ খাতে ঋণ বা অনুদান সহায়তা পাওয়া গিয়েছে। প্রকল্প গ্রহণের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী/দাতা সংস্থা সমূহ কর্তৃক আরোপিত শর্ত সংক্রান্ত কিছু প্রতিবন্ধকতার কারণে বিগত বছরসমূহে এ সাহায্যের পরিমাণ ধীরে ধীরে কমে এসেছে। এছাড়াও, বর্তমান উন্নয়ন বাস্তব সরকার অর্থনৈতিক প্রবৃদ্ধির বিভিন্ন মাইলফলক অতিক্রম করায় নিজ অর্থায়নে মেগা প্রকল্প বাস্তবায়নের সক্ষমতা অর্জন করেছে। এহেন প্রেক্ষাপটে বর্তমানে এ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের সিংহভাগই সরকারের নিজস্ব সম্পদ থেকে নির্বাহ করা হচ্ছে। সংস্থাপন ব্যয় ও সমাপ্ত প্রকল্পের বিদ্যমান অবকাঠামোগুলোর পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ব্যয় সরকারের অনুন্নয়ন রাজস্ব বাজেট থেকে আসে। বিগত কয়েক বছরে অনুন্নয়ন বাজেট বরাদ্দের পরিমাণ কিছুটা বৃদ্ধি পাওয়ায়



পরিচালন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে সমাপ্তকৃত প্রকল্পগুলো হতে ঈক্ষিত সফল অর্জন করা সম্ভব হচ্ছে। জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবিলায় ও প্রাকৃতিক দুর্যোগে বিভিন্ন অবকাঠামো রক্ষায় ও টেকসই করার লক্ষ্যে ২০০৯-১০ অর্থ-বছর হতে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে সীমিত ব্যয়ের প্রকল্প গ্রহণ করে বাস্তবায়ন করা হচ্ছে।

## ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী


২০১৯-২০ অর্থ-বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) তে বাস্তবায়নাধীন মোট প্রকল্প ছিল ৮৯টি। এডিপিতে বরাদ্দ ছিল ৫৯৫২.৩৯ কোটি টাকা। তন্মধ্যে, ১টি প্রকল্প বাস্তবায়ন করা হবে না মর্মে পরিকল্পনা কমিশনকে জানিয়ে দেয়া হয়। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী (আরএডিপি) তে ১৬টি নতুন অনুমোদিত প্রকল্প অন্তর্ভুক্ত হয়ে মোট প্রকল্প সংখ্যা দাঁড়ায় ১০৫টি। তন্মধ্যে ৯৮টিই বিনিয়োগ প্রকল্প (৯১টি জিওবি ও ৭টি বৈদেশিক ঋণ সহায়তাপুষ্টি) ও ৭টি জিওবি অর্থায়নে সমীক্ষা প্রকল্প এবং ১টি কারিগরী সহায়তা প্রকল্প। আরএডিপিতে বরাদ্দ বৃদ্ধিপ্রাপ্ত হয়ে দাঁড়ায় ৭০৩৫.৬০ কোটি টাকা। সার্বিক বাস্তব অগ্রগতি ৮৮.৮৭% এবং আর্থিক অগ্রগতি ৭৭.০৯% (বিস্তারিত পরিশিষ্ট-১)। ১২টি প্রকল্পের বাস্তবায়ন সমাপ্ত হয়েছে। ২০১৯-২০ অর্থ-বছরে আরএডিপিতে বরাদ্দ ও ব্যয়ের পরিমাণ নিম্নরূপঃ

(কোটি টাকায়)

বিবরণ	বরাদ্দ	অর্থ ছাড়	ব্যয়	অগ্রগতি (বরাদ্দের %)	অগ্রগতি (অর্থছাড়ের %)
স্থানীয়	৫৯৩৭.০২	৪৮৫৫.৭০	৪৭১০.৯৪	৭৯.৩৫%	৯৭.০২%
প্রকল্প সাহায্য	১০৯৮.৫৮	৮০৮.২১	৭১৩.০৬	৬৪.৯১%	৮৮.২৩%
মোট	৭০৩৫.৬০	৫৬৬৩.৯১	৫৪২৪.০০	৭৭.০৯%	৯৫.৭৬%

০৩ জুন, ২০২০ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় হতে মোট ৬২টি প্রকল্পের আরএডিপি বরাদ্দের উপযোজন প্রস্তাব প্রেরণ করা হলেও পরিকল্পনা কমিশন হতে অর্থ বিভাগের ২২/০৪/২০২০ তারিখের পরিপত্রের আওতায় নিম্ন অগ্রাধিকার তালিকাভুক্ত প্রকল্পসমূহের উপযোজন প্রস্তাব বিবেচনা না করে মোট ৫৩টি প্রকল্পে আরএডিপি বরাদ্দের উপযোজন প্রস্তাব অনুমোদন দেয়া হয়। এছাড়াও, কোভিড পরিস্থিতিতে সীমিত সম্পদের ব্যয় শাস্ত্রীয় ব্যবহার নিশ্চিতকল্পে অর্থ বিভাগ হতে ৬টি প্রকল্পের ৪র্থ কিস্তির চাহিদার আংশিক অর্থছাড় হয় ও ৪৩টি প্রকল্পের ৪র্থ কিস্তির অর্থছাড় হয়নি।

এমতাবস্থায়, ২০১৯-২০ অর্থ-বছর শেষে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহে ন্যূনতম ১৩২৮.৪৯ কোটি টাকার বিল পরিশোধযোগ্য কাজ সম্পাদিত হয়ে থাকলেও চাহিদা মাসিক উপযোজন প্রস্তাব অনুমোদন লাভ না করায় ও অর্থছাড় সম্পন্ন না হওয়ায় সে কাজের বিল পরিশোধ করা সম্ভব হয়নি। এমতাবস্থায়, ২০১৯-২০ অর্থ-বছরে ১৩২৮.৪৯ কোটি টাকার পেভিং বিল পরিশোধ করা হলে বাপাউবোর আর্থিক অগ্রগতি প্রায় ১৮.৮৮% বৃদ্ধি পেয়ে ৯৫.৯৭% তে উন্নীত হতো।





## ২০১৯-২০২০ অর্থবছরে রাজস্ব বাজেটে সম্পাদিত কার্যক্রম

২০১৯-২০ অর্থ বছরের আবর্তক ব্যয় পরিচালনা ব্যয় বাবদ বাজেট বরাদ্দ ১৬৭৬.৬৬ কোটি টাকা এবং ব্যয় ১৫৭২.৬৮ কোটি টাকা। পরিচালনা বাজেট বরাদ্দ এবং ব্যয় বিবরণী নিম্নরূপঃ

লক্ষ টাকা

ক্রমিক	অর্থনৈতিক কোড	গৌণ খাত	বরাদ্দ	ব্যয়
		ও এন্ড এম :		
১	৩২৫৮১৩৭	বাঁধ	৭৫০০০.০০	৭৪৫৬৯.৩১
২	৩২৫৮১০৬	আবাসিক ভবন	৩০০০.০০	২৯৬৯.১১
৩	৩২১১১১৩	বিদ্যুৎ	৪৬৯৭.৩০	৩৮৯৪.২৭
৪	৩৮২১১০২	ভূমি উন্নয়ন কর	২২১৫.১১	১৯৯১.২৭
৫	৩৮২১১০৩	পৌর কর	৫২২.৩৭	৫০১.২২
		উপমোট (ক)	৮৫৪৩৪.৭৮	৮৩৯২৫.১৮
৬	৩২৫৭১০৪	জরিপ	১১০০.০০	১০১৩.২২
		উপমোট (খ)	১১.০০.০০	১০১৩.২২
		সংস্থাপন :		
৭	৩৬৩১১০১১	বেতন ও ভাতাদি বাবদ সহায়তা	৩৭৩২০.৬৮	৩৪৬৮২.৩৮
৮	৩৬৩১১০৩	পন্য ও সেবা বাবদ সহায়তা	৭৬৮৯.৯১	৬৮০৪.১০
৯	৩৬৩১১০৪	পেনশন ও অবসর সুবিধা বাবদ সহায়তা (নিজস্ব আয় সহ)	৩৫৩৯০.৪৫	৩০৪২৬.৪৫
১০	৩৬৩১১৯৯	অন্যান্য অনুদান বাবদ সহায়তা	৫০.০০	৪৩.৩৪
১১	৩৬৩২	মূলধন অনুদান বাবদ সহায়তা	৬৮০.৬১	৩৭৩.৭৯
		উপমোট (গ)	৮১১৩১.৬৫	৭২৩৩০.০৬
		সর্বমোট (ক+খ+গ)	১৬৭৬৬৬.৪৩	১৫৭২৬৮.৪৬

## ২০১৯-২০ অর্থ বছরে সমাপ্তকৃত প্রকল্পসমূহ

২০১৯-২০ অর্থ-বছরে ৩০টি প্রকল্প সমাপ্তির জন্য প্রাথমিকভাবে নির্ধারণ করা হয়। তবে মার্চ, ২০২০ মাসে বৈশ্বিক মহামারী কোভিড-১৯ রোগের বাংলাদেশে প্রাদুর্ভাব দেখা দেয়। ২৫ মার্চ, ২০২০ তারিখের পর থেকে সরকারী নির্দেশনা মোতাবেক দেশে লকডাউন পরিস্থিতি বিদ্যমান থাকায় উদ্ভূত পরিস্থিতিতে সকল প্রকল্পেরই বাস্তবায়ন প্রবলভাবে বাধাগ্রস্ত হয়। এতদসংক্রান্ত বিবিধ কারণে বেশির ভাগ প্রকল্পেরই কাজের সাইট বন্ধ হয়ে যায় ও সর্বোচ্চ প্রচেষ্টায় সামাজিক দূরত্ব নিশ্চিত করে নিরাপদ স্বাস্থ্যবিধি পালন করে স্থানীয় প্রশাসনের সাথে আলোচনাক্রমে কিছু প্রকল্পে আংশিকভাবে কাজ চলমান রাখা সম্ভব হয়। পানি সম্পদ মন্ত্রণালয় ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের উদ্যোগে মে, ২০২০ মাসের মধ্যে সিংহভাগ প্রকল্পে কঠোর সামাজিক দূরত্ব নিশ্চিত করে নিরাপদ স্বাস্থ্যবিধি অনুসরণ করে কাজ আরম্ভ হয়। এহেন প্রেক্ষাপটে ২০১৯-২০ অর্থ-বছরে আরএডিপি বরাদ্দ হতে ৫২৭.৭০ কোটি টাকা ব্যয়ে সর্বোচ্চ ১২টি প্রকল্পের বাস্তবায়ন সমাপ্ত করা সম্ভব হয়। সমাপ্ত প্রকল্পসমূহের বিস্তারিত তালিকা নিম্নে প্রদত্ত হলোঃ

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	প্রকল্পের নাম	(বাস্তবায়নকাল)	প্রাক্কলিত ব্যয়	প্রকৃত ব্যয়
<b>কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা</b>				
১	জামালপুর জেলার ইসলামপুর উপজেলায় যমুনা নদীর বামতীর রক্ষাকল্পে হারগিলা নামক স্থানে ক্রসড্যাম নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত)।	জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০২০	৩০৭০.০৭	২৪০৬.৩০
<b>পূর্বাঞ্চল, কুমিল্লা</b>				
২	নোয়াখালী জেলার হাতিয়া ও সুবর্ণচর উপজেলাধীন স্বর্ণদ্বীপ (জাহাজ্যার চর) এ বাংলাদেশ সেনাবাহিনীর গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ মেঘনা নদীর ভাঙ্গন হতে রক্ষাকল্পে জিওব্যাগ দ্বারা নদী তীর সংরক্ষণ প্রকল্প।	জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০২০	৮৮৬২.৩৬	৭৮০১.৭৭
<b>উত্তর-পশ্চিমাঞ্চল, রাজশাহী</b>				
৩	নওগাঁ জেলার সাপাহার ও পোরশা উপজেলাধীন জবাইবিল বন্যা নিয়ন্ত্রণ, পানি নিষ্কাশন ও সেচ প্রকল্প (১ম সংশোধিত)।	সেপ্টেম্বর, ২০১৬ হতে জুন, ২০২০	৪০৭০.০৮	৩৮৬৯.৯০

ক্রঃ নং	প্রকল্পের নাম	(বাস্তবায়নকাল)	প্রাক্কলিত ব্যয়	প্রকৃত ব্যয়
৪	যমুনা নদীর ভাঙ্গন হতে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলাধীন খুদবান্দি, সিংড়াবাড়ী ও শুভগাছা এলাকা সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত)।	জুলাই, ২০১৭ হতে জুন, ২০২০	৪৬৪৬০.০০	৪২৭৪৭.৪৮
<b>দক্ষিণাঞ্চল, বরিশাল</b>				
৫	বরিশাল জেলার মুলাদী উপজেলার ৭নং কাজীর চর ইউনিয়নস্থ বাহাদুরপুর গ্রাম কয়লা খালের ভাঙ্গন হতে রক্ষা প্রকল্প।	জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০২০	১০৮০.৯০	১০০৩.৯৯
৬	মেঘনা নদীর ভাঙ্গন থেকে ভোলা জেলার চরফ্যাশন পৌর শহর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত)।	জুলাই, ২০১৬ হতে জুন, ২০২০	২৭৭৯৭.৫৮	২৬৩১১.০০
৭	ভোলা জেলার মেঘনা নদীর ভাঙ্গন থেকে মনপুরা উপজেলার রামনেওয়াজ লঞ্চঘাট এলাকা রক্ষা এবং তেঁতুলিয়া নদীর ভাঙ্গন থেকে চরফ্যাশন উপজেলার ঘোষেরহাট লঞ্চঘাট এলাকা রক্ষা প্রকল্প (১ম সংশোধিত)।	জুলাই, ২০১৬ হতে জুন, ২০২০	৩১৩১৮.৫৯	২৯৪৩৬.৮১
<b>বিশেষ প্রকল্পসমূহ (সমীক্ষাধর্মী)</b>				
৮	Feasibility for re-excavation of small & medium khals-beels in the country.	সেপ্টেম্বর, ২০১৮ হতে জুন, ২০২০	৪৯৮.০০	২৮৪.৭০
৯	Post project evaluation and impact assessment of 10 BWDB projects.	জানুয়ারি, ২০১৮ হতে মার্চ, ২০২০	৩৪৪.০০	৩২৪.৪৫
১০	Feasibility Study for Providing Irrigation Facilities through Construction of Hydraulic Elevator Dam (HED) across Macinee River at Dighinala, Khagrachari; Shrimai Khal at Patiya, Chattogram & Kasalang River at Sajek Valley, Rangamati.	মে, ২০১৯ হতে ডিসেম্বর, ২০১৯	৪৬৯.৫৫	৩৪৮.২৭
১১	Feasibility Study for Protection & Development of Kuakata Sea Beach.	জুলাই, ২০১৯ হতে জুন, ২০২০	৪৫৫.৬২	৩৩৮.৫৬
১২	Feasibility Study for Protection & Development of Cox'sbazar Sea Beach.	জুলাই, ২০১৯ হতে জুন, ২০২০	৪৯৮.৫০	৩৭১.২৪

## ২০১৯-২০ অর্থ-বছরে সমাপ্তকৃত কয়েকটি উল্লেখযোগ্য প্রকল্পের অর্জিত সাফল্য

- নওগাঁ জেলার সাপাহার ও পোরশা উপজেলাধীন জবাইবিল বন্যা নিয়ন্ত্রণ, পানি নিষ্কাশন ও সেচ প্রকল্প (১ম সংশোধিত)।

বাস্তবায়নকাল :	সেপ্টেম্বর, ২০১৬ হতে জুন, ২০২০ পর্যন্ত
প্রকল্প এলাকা :	নওগাঁ
প্রাক্কলিত ব্যয় :	৪০.৭০ কোটি টাকা
প্রকৃত ব্যয় :	৩৮.৭০ কোটি টাকা
অবকাঠামো :	<div>জমি অধিগ্রহণ - ৩.৫১ হেক্টর</div> <div>১৪-ভেন্ট রেগুলেটর নির্মাণ - ১টি (হাপানিয়া রেগুলেটর)</div> <div>ইনলেট নির্মাণ - ১০ টি</div> <div>বাঁধ পুনরাকৃতিকরণ - ১০.০০০ কিঃমিঃ</div> <div>খাল পুনঃখনন - ১৭.৫৫ কিঃমিঃ</div> <div>আগ্রোচ বাঁধের স্লোপ প্রতিরক্ষা - ০.৮০০ কিঃমিঃ</div>

### প্রকল্পের সুফল :

- নওগাঁ জেলার পোরশা উপজেলায় ভারতীয় সীমান্ত হতে প্রায় ৩.০০ কিঃমিঃ ভিতরে বিল এলাকায় হাপানিয়া নামক স্থানে ১৪-ভেন্ট রেগুলেটর নির্মাণ, ৪৫০ মিটার খাল পুনঃখনন করে রেগুলেটরের পুনর্ভবা নদীর সাথে সংযোগ স্থাপন ও রেগুলেটর থেকে জবাইবিল পর্যন্ত আরো ১৭.৫৫০ কিঃমিঃ





খাল পুনঃখননের মাধ্যমে জবাইবিল ও তৎসংলগ্ন এলাকায় ১১২০০ হেক্টর জমিতে সেচ সুবিধার সম্প্রসারণ ঘটেছে।

- জবাইবিল খালের পানি নিষ্কাশন ও ধারণ ক্ষমতা বৃদ্ধি করে ফসল উৎপাদনের নিবিড়তা ১৩০.৩৬% হতে ১৯৫.৫৪% এ উন্নীত হয়েছে।
- জবাইবিল খালের পানি ধারণ ও পানি নিষ্কাশন সুবিধা বৃদ্ধি পেয়েছে।
- কৃষি উৎপাদন বৃদ্ধি পাওয়ায় স্থানীয় খাদ্য নিরাপত্তা ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটেছে।

➤ **ভোলা জেলার মেঘনা নদীর ভাঙ্গন থেকে মনপুরা উপজেলার রামনেওয়াজ লঞ্চঘাট এলাকা রক্ষা এবং তেঁতুলিয়া নদীর ভাঙ্গন থেকে চরফ্যাশন উপজেলার ঘোষেরহাট লঞ্চঘাট এলাকা রক্ষা প্রকল্প (১ম সংশোধিত)।**

[মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প; প্রতিশ্রুতিকালঃ ১১-১১-২০১০]

বাস্তবায়নকাল :	জুলাই, ২০১৬ হতে জুন, ২০২০ পর্যন্ত
প্রকল্প এলাকা :	ভোলা
প্রাক্কলিত ব্যয় :	৩১৩.১৯ কোটি টাকা
প্রকৃত ব্যয় :	২৯৪.৩৭ কোটি টাকা
অবকাঠামো :	নদী তীর সংরক্ষণ
	End Termination
	স্লোপ প্রোটেকশন
	তেঁতুলিয়া নদী ড্রেজিং

প্রকল্পের সুফল :

- ভোলা জেলায় মেঘনা নদীর ভাঙ্গন হতে মনপুরা উপজেলাধীন রামনেওয়াজ লঞ্চঘাট এবং তেঁতুলিয়া নদীর ভাঙ্গন হতে চরফ্যাশন উপজেলাধীন ঘোষেরহাট লঞ্চঘাট এলাকাসহ প্রায় ২১০০ হেক্টর এলাকাব্যাপী সরকারি-বেসরকারি বিভিন্ন স্থাপনা, স্কুল/কলেজ/মাদ্রাসা ও কৃষি জমি রক্ষা পেয়েছে।
- প্রায় ৯৪৩৩৫.২০ লক্ষ টাকা মূল্য সমতুল্য গুরুত্বপূর্ণ স্থাপনা, পাকা রাস্তা, বন্যা নিয়ন্ত্রন বাঁধ, হাট-বাজার, স্কুল-কলেজ, মসজিদ-মাদ্রাসা, ফলের বাগান, সরকারি-বেসরকারি স্থাপনা, ঘর-বাড়ী নদী ভাঙ্গনের হাত হতে রক্ষা করা হয়েছে।

## ২০১৯-২০ অর্থ-বছরে বাস্তবায়নাধীন গুরুত্বপূর্ণ কয়েকটি প্রকল্প

➤ **বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার প্রকল্প (নতুন ধলেশ্বরী-পুংলী-বংশী-তুরাগ-বুড়িগঙ্গা রিভার সিস্টেম) প্রকল্প (২য় সংশোধিত)।**

বাস্তবায়নকাল :	জুলাই, ২০১০ হতে জুন, ২০২১ পর্যন্ত
প্রকল্প এলাকা :	টাঙ্গাইল, গাজীপুর, ঢাকা
প্রকল্প ব্যয় :	১১২৫.৫৯ কোটি টাকা
বাস্তব অগ্রগতি :	৫১.৪০%
প্রকল্পের উদ্দেশ্য :	

- নিউ ধলেশ্বরী-পুংলী-বংশী-তুরাগ নদী পুনঃখননের মাধ্যমে শুষ্ক মৌসুমে যমুনা নদী হতে ২৪৫ কিউমেক পানি সরবরাহ নিয়ে বুড়িগঙ্গা নদীতে ১৪১ কিউমেক পানির প্রবাহ বৃদ্ধির মাধ্যমে পানির দূষণ সহনীয় পর্যায়ে কমিয়ে আনা এবং নদীর নাব্যতা বৃদ্ধি করা।
- বুড়িগঙ্গা নদীসহ ঢাকা মহানগরীর চারপাশের প্রবহমান নদীগুলোতে সারা বছরব্যাপী নৌযান চলাচলের নিমিত্তে প্রয়োজনীয় গভীরতা নিশ্চিত করা।
- সেচ ও মৎস্য উন্নয়ন।
- সামগ্রিকভাবে অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত উন্নয়ন।

**২০১৯-২০ অর্থ-বছরে বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ :**

- সেডিমেন্ট বেসিন ও গাইড বাঁধ নির্মাণের জন্য জমি অধিগ্রহণ - ৮৩.৪৮ হেক্টর
- অফটেক এলাকায় যমুনা নদীর বাম তীরে গাইড বাঁধ নির্মাণ- ১.৫৩০ কিঃমিঃ (আং-২৫.০০%)
- সেডিমেন্ট বেসিন নির্মাণ - ১.৫০০ কিঃমিঃ (আং-১৫.০০%)
- নদী ড্রেজিং - তুরাগ নদী: ১৯.১৫০ কিঃমিঃ (আং), বংশাই নদী: ২০.৫০০ কিঃমিঃ (আং)
- ব্রীজের ফাউন্ডেশন ট্রিটমেন্ট - ৩টি (এলজিইডি-এর মাধ্যমে)

**➤ গড়াই নদী ড্রেজিং ও তীর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধনী প্রক্রিয়াধীন)।**

বাস্তবায়নকাল : অক্টোবর, ২০১৮ হতে জুন, ২০২২ পর্যন্ত  
 প্রকল্প এলাকা : কুষ্টিয়া  
 প্রকল্প ব্যয় : ৫৯১.৫৮ কোটি টাকা  
 বাস্তব অগ্রগতি : ৮.৯৫%  
 প্রকল্পের উদ্দেশ্য :

- প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো গড়াই নদী ড্রেজিং এর মাধ্যমে শুষ্ক মৌসুমে মিঠা পানির প্রবাহ বৃদ্ধি করা।
- দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে বিশেষত খুলনা উপকূলীয় এলাকায় লবণাক্ততা কমানো।
- সুন্দরবন এলাকার প্রাকৃতিক পরিবেশ বিপর্যয়ের হাত থেকে রক্ষা করা।

**২০১৯-২০ অর্থ-বছরে বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ**

- গড়াই নদী ড্রেজিং (নিজস্ব ড্রেজার দ্বারা) - ১৩.৩৩ কিঃমিঃ (৯২.৭৯ লক্ষ ঘনমিটার মাটি)
- নদী তীর সংরক্ষণ - ৩.০০ কিঃমিঃ (আং-৪.০৯%)

**➤ সিরাজগঞ্জ জেলায় যমুনা নদী হতে পুনরুদ্ধারকৃত ভূমির উন্নয়ন এবং প্রস্তাবিত অর্থনৈতিক অঞ্চল রক্ষা প্রকল্প (১ম সংশোধনী প্রক্রিয়াধীন)।**

বাস্তবায়নকাল : জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০২১ পর্যন্ত  
 প্রকল্প এলাকা : সিরাজগঞ্জ  
 প্রকল্প ব্যয় : ৫০৯.৯৪ কোটি টাকা  
 বাস্তব অগ্রগতি : ৬১.১৯%  
 প্রকল্পের উদ্দেশ্য :

- “ক্যাপিটাল (পাইলট) ড্রেজিং অব রিভার সিস্টেম ইন বাংলাদেশ” শীর্ষক প্রকল্পের আওতায় ড্রেজিংকৃত মাটি দ্বারা ২০১১ সালের বন্যার পর সিরাজগঞ্জ হার্ডপয়েন্টের ভাটিতে বন্যা নিয়ন্ত্রণ বাঁধ হতে মাটি ফেলা শুরু করে নদীর পাড়ের প্রায় ১.৫০ কিঃমিঃ দূরে নদীর অভ্যন্তরে সৃষ্ট চর পর্যন্ত একটি প্রবাহমান শ্রোতধারা বন্ধ করে ক্রসবার-৩ নির্মাণ করা হয়। চ্যানেলটি পশ্চিম তীরের পেরিয়ে প্রবাহমান শ্রোতধারা বন্ধ করার ফলে ভাটিতে প্রায় ৬.০০ কিঃমিঃ নদী এলাকা শুষ্ক হয়ে যায়, ফলশ্রুতিতে বিপুল পরিমাণ জমি যা বিগত সময়ে নদীগর্ভে বিলীন হয়ে গিয়েছিল তা পুনরুদ্ধার হয়। পরবর্তীতে ভাটিতে ক্রসবার-৪ নির্মাণ করা হয় এবং কয়েক বছরের বন্যায় পলি জমে জমে জায়গা সমূহ কিছুটা উঁচু হয় এবং জমিতে কিছু রবি শস্য যেমন- সরিষা, বাদাম এবং অল্প জমিতে ধানের আবাদ শুরু হয়। এ প্রকল্পের মূল উদ্দেশ্য হলো যমুনা নদীর ভাঙ্গন হতে ক্রসবার-৩ এবং ক্রসবার-৪ এর মধ্যবর্তী প্রস্তাবিত অর্থনৈতিক অঞ্চল এবং বঙ্গবন্ধু সেতুর পশ্চিম গাইড বাঁধ রক্ষা করা।
- সিরাজগঞ্জ সদর উপজেলার সিরাজগঞ্জ লঞ্চঘাট এবং শহরের বিয়ারা ঘাট, ঘোনাপাড়া ও সয়দাবাদ এলাকার কৃষি জমি, ঘর-বাড়ি, রাস্তা-ঘাট সরকারি ও বেসরকারি স্থাপনা যমুনা নদীর ভাঙ্গন হতে রক্ষা করা।
- নদীর গভীরতম শ্রোতধারা ব্যবস্থাপনার মাধ্যমে টেকসই নদী ব্যবস্থাপনা বজায় রাখা।
- নদী ভাঙ্গন রক্ষার মাধ্যমে অত্র এলাকার জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থান উন্নয়ন।

- নদী তীর রক্ষার মাধ্যমে পরিবেশ ও বাস্তুসংস্থানের ভারসাম্য বজায় রাখা।
- পুনরুদ্ধারকৃত ভূমি ড্রেজিংকৃত মাটির মাধ্যমে ভরাট করা।

২০১৯-২০ অর্থ-বছরে বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ :

- নদী ড্রেজিংকৃত মাটি দ্বারা পুনরুদ্ধারকৃত জমি ভরাট- ৪.৬৮ বর্গ কিঃমিঃ (৪৭.৮১ লক্ষ ঘন মিটার মাটি)
- নদী তীর সংরক্ষণ - ৩.২০০ কিঃমিঃ (আং-১৮.৪১%)
- বাঁধ নির্মাণ -৩.২০০ কিঃমিঃ (আং-৯০.০০%)

➤ **যমুনা নদীর ডান তীরের ভাঙ্গন হতে গাইবান্ধা জেলার সদর উপজেলা এবং গণকবর সহ ফুলছড়ি উপজেলার বিভিন্ন স্থাপনা রক্ষা প্রকল্প।**

বাস্তবায়নকাল : জুলাই, ২০১৭ হতে জুন, ২০২১ পর্যন্ত  
প্রকল্প এলাকা : গাইবান্ধা  
প্রকল্প ব্যয় : ২৯৯.৩৭ কোটি টাকা  
বাস্তব অগ্রগতি : ৪২.৭৮%  
প্রকল্পের উদ্দেশ্য :

- যমুনা নদীর ডানতীরে নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নের মাধ্যমে গাইবান্ধা জেলার সদর উপজেলার বাগুড়িয়া এবং ফুলছড়ি উপজেলার সিংড়িয়া, রতনপুর, কাতলামারি এবং গণকবর সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা নদী ভাঙ্গন হতে রক্ষা করা।
- ব্রহ্মপুত্র ডানতীর বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পুনর্বাসন ও শক্তিশালীকরণ।
- যমুনা নদী ড্রেজিং এর মাধ্যমে নদীর প্রবাহনিয়ন্ত্রণ করা।

২০১৯-২০ অর্থ-বছরে বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ :

- নদী তীর সংরক্ষণ - ৪.৫০০ কিঃমিঃ (আং-৪৩%)
- বাঁধ পুনর্বাসন - ৫.০০০ কিঃমিঃ
- যমুনা নদী ড্রেজিং - ৬.৩২০ কিঃমিঃ (১৪.৬৮ লক্ষ ঘনমিটার মাটি)

➤ **চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া ও বোয়ালখালী উপজেলা এবং রাঙ্গামাটি পার্বত্য জেলার কাপ্তাই উপজেলায় কর্ণফুলী ও ইছামতি নদী এবং শিলক খালসহ অন্যান্য খালের উভয় তীরের ভাঙ্গন হতে রক্ষা প্রকল্প।**

বাস্তবায়নকাল : ডিসেম্বর, ২০১৮ হতে জুন, ২০২১ পর্যন্ত  
প্রকল্প এলাকা : চট্টগ্রাম, রাঙ্গামাটি  
প্রকল্প ব্যয় : ৩৯৮.৯১ কোটি টাকা  
বাস্তব অগ্রগতি : ৩৫.০০%  
প্রকল্পের উদ্দেশ্য :

- চট্টগ্রাম জেলাধীন রাঙ্গুনিয়া ও বোয়ালখালী উপজেলা এবং রাঙ্গামাটি পার্বত্য জেলার কাপ্তাই উপজেলায় কর্ণফুলী নদীর উভয় তীরবর্তী বিভিন্ন গুরুত্বপূর্ণ ভাঙ্গন কবলিত এলাকা রক্ষার্থে ৭.০০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজ সম্পাদন করা।
- চট্টগ্রাম জেলাধীন রাঙ্গুনিয়া উপজেলায় ইছামতি নদীর উভয় তীরবর্তী বিভিন্ন গুরুত্বপূর্ণ ভাঙ্গন কবলিত এলাকা রক্ষার্থে ৩.০০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজ সম্পাদন করা।
- চট্টগ্রাম জেলাধীন রাঙ্গুনিয়া ও বোয়ালখালী উপজেলায় শিলক খালসহ অন্যান্য খালের উভয় তীরের বিভিন্ন ভাঙ্গন কবলিত এলাকায় ২.৫০০ কিঃমিঃ তীর প্রতিরক্ষা কাজ সম্পাদন করা।
- টেকসই নদী ব্যবস্থাপনার লক্ষ্যে কর্ণফুলী নদীতে ১০.০০০ কিঃ মিঃ এবং ইছামতি নদীতে ৬.০০০ কিঃমিঃ ড্রেজিং এর মাধ্যমে নদীর পানির ধারণ ক্ষমতা বৃদ্ধিসহ গতিপথের প্রবাহ স্বাভাবিক রাখা।
- নদী তীর প্রতিরক্ষার মাধ্যমে পরিবেশগত প্রভাব ও বাস্তুসংস্থানের ভারসাম্যহীনতা প্রশমন করা।
- নদী তীরবর্তী ভাঙ্গন কবলিত স্থান প্রতিরক্ষা করে পর্যটন শিল্প বিকাশে ভূমিকা রাখা।

২০১৯-২০ অর্থ-বছরে বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ :

- নদী তীর সংরক্ষণ - ৫.৭৮০ কিঃমিঃ (পূর্ণ), ০.৪৫০ কিঃমিঃ (আংশিক)

➤ নোয়াখালী এলাকার জলাবদ্ধতা নিরসনকল্পে বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প (১ম সংশোধনী প্রক্রিয়াধীন)।

বাস্তবায়নকাল : জুলাই, ২০১৬ হতে জুন, ২০২১ পর্যন্ত

প্রকল্প এলাকা : নোয়াখালী

প্রকল্প ব্যয় : ৩২৪.৯৯ কোটি টাকা

বাস্তব অগ্রগতি : ৫৩.২২%

প্রকল্পের উদ্দেশ্য :

- বৃহত্তর নোয়াখালী জেলার জলাবদ্ধতা সমস্যা নিরসনকল্পে নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন সাধন।
- উপকূলীয় এলাকায় উন্মুক্ত অংশে উপযুক্ত অবকাঠামো নির্মাণের মাধ্যমে জোয়ারের পানি বাহিত পলি প্রবেশ নিয়ন্ত্রণ করা।
- লবনাক্ত পানির প্রবেশ রোধ করে কৃষি উৎপাদন বৃদ্ধি করা।
- জলাবদ্ধতা সমস্যা নিরসনপূর্বক পরিবেশের উন্নয়ন সাধন করা।
- প্রকল্প এলাকায় দারিদ্র্য বিমোচন করা।

২০১৯-২০ অর্থ-বছরে বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ :

পোল্ডার ৫৯/৩সি তে বাঁধ নির্মাণ- ৪.০০০ কিঃমিঃ

বামনী ১৯-ভেন্ট রেগুলেটরের ডাইভারশন চ্যানেল খনন-১.৭০০ কিঃমিঃ

চর লেংটায় বামনী নদীতে ১৯ ভেন্ট স্লুইস নির্মাণ- ১টি (আংশ-৫১.০০%)

মহিষমরা খালের উপর ২-ভেন্ট ড্রেনেজ স্লুইস নির্মাণ-১টি (আংশ-২৬.০০%)

পোল্ডার নং-৫৯/৩সি তে সন্দীপ চ্যানেলে নদী তীর সংরক্ষণ কাজ- ২.০০০ কিঃমিঃ

খাল পুনঃখনন- ৪০.০০০ কিঃমিঃ

➤ ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়) (১ম সংশোধনী প্রক্রিয়াধীন)।

বাস্তবায়নকাল : নভেম্বর, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত

প্রকল্প এলাকা : সমগ্র বাংলাদেশ

প্রকল্প ব্যয় : ২২৭৯.৫৫ কোটি টাকা

বাস্তব অগ্রগতি : ৫৭.০০%

প্রকল্পের উদ্দেশ্য :

- প্রকল্পটির আওতায় দেশের ৬৪টি জেলায় প্রায় ৪০৮৭ কিলোমিটার নদী, খাল এবং জলাশয় খনন করা হচ্ছে। প্রকল্পটির বাস্তবায়ন শেষে ২টি সিটি কর্পোরেশন ও ৩৭৫টি উপজেলার ৮৮টি ছোট নদী, ৩৫২টি খাল ও ৮টি জলাশয় পুনরুজ্জীবিত হবে।
- জলাশয়, খাল ও নদীর মধ্যে আন্তঃসংযোগ স্থাপিত হবে।
- জলাভূমি ও জীববৈচিত্র্য সংরক্ষিত হবে।
- শুষ্ক মৌসুমে ব্যবহারের জন্য নদী ও খালে পানি ধরে রাখা সম্ভব হবে।
- নদী ও খালের নাব্যতা বৃদ্ধি পাবে এবং বন্যার প্রকোপ হ্রাস পাবে।
- প্রকল্পটি বাস্তবায়নে নিষ্কাশন ব্যবস্থার উন্নয়নের ফলে আনুমানিক ৫,২০,০০০ হেক্টর এলাকায় জলাবদ্ধতা, বন্যা ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বিপর্যয় হতে নিরাপত্তা নিশ্চিত হবে।
- প্রায় ১,৩০,০০০ হেক্টর জমিতে সেচ সুবিধা প্রদানের ফলে বার্ষিক প্রায় ৩,৫০,০০০ মেট্রিক টন ফসল উৎপাদন বৃদ্ধি পাবে।



### ২০১৯-২০ অর্থ-বছরে বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ :

- খাল পুনঃখনন -৮৪৭.৮৫০ কিঃমিঃ (পূর্ণ), ৪৫০.৫২০ কিঃমিঃ (আং) (৩১৩.৮৬ লক্ষ ঘনমিটার মাটি)
- নদী ড্রেজিং/পুনঃখনন - ৩৫৫.১২০ কিঃমিঃ (পূর্ণ), ৫৬১.১৫৫ কিঃমিঃ (আং) (৪৬২.১৮ লক্ষ ঘনমিটার মাটি)
- নদী/খালের তীরে অবৈধ স্থাপনা উচ্ছেদ- ৭৩২৪টি (২৩ ডিসেম্বর, ২০১৯ হতে সারাদেশে একযোগে নদী, খাল বা তাদের তীরে অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম আরম্ভ হয়)

### ২০১৯-২০ অর্থ-বছরে অনুমোদিত উল্লেখযোগ্য প্রকল্পসমূহ

#### ➤ সাতক্ষীরা জেলার পোন্ডার ১, ২, ৬-৮ এবং ৬-৮ (এক্সটেনশন) এর নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প।

বাস্তবায়নকাল : জুলাই, ২০২০ হতে জুন, ২০২৩ পর্যন্ত

প্রকল্প এলাকা : সাতক্ষীরা (উপজেলা- কলারোয়া, সাতক্ষীরা সদর, দেবহাটা, আশাশুনি ও তালা)

প্রকল্প ব্যয় : ৪৭৫.২৬ কোটি টাকা

অনুমোদন তারিখ : ০২/০৬/২০২০ (ঘূর্ণিঝড় “আম্পান” পরবর্তী প্রথম একনেক সভা)

প্রকল্পের উদ্দেশ্য :

- সাতক্ষীরা জেলার অন্তর্গত পোন্ডার ১, ২, ৬-৮ ও ৬-৮ (এক্সটেনশন) এর অভ্যন্তরীণ খাল ও বেষ্টিত নদী সমূহ পুনঃখনন/ড্রেজিং এর মাধ্যমে প্রকল্পভুক্ত এলাকায় নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন করে জলাবদ্ধতা নিরসন করা।
- বাঁধ পুনরাকৃতিকরণ, অবকাঠামোসমূহের পুনঃনির্মাণ/মেরামত করে পোন্ডারসমূহের কার্যকারিতা নিশ্চিতকরণের মাধ্যমে প্রকল্পভুক্ত এলাকা উপকূলীয় ঝড় ও জলোচ্ছাস এবং অমাবস্যা ও পূর্ণিমার উচ্চ জোয়ারের পানি পোন্ডার অভ্যন্তরে প্রবেশ রোধ করা।
- পোন্ডারসমূহের অভ্যন্তরীণ খাল সমূহের মাধ্যমে মিঠা পানি সংরক্ষণ করে শুষ্ক মৌসুমে সেচ সুবিধা বৃদ্ধির মাধ্যমে অধিক ফসল উৎপাদন, লবণাক্ততা প্রশমন ও গৃহস্থলী কাজে ব্যবহার করা।
- নদী/খাল পুনঃখনন/ড্রেজিং এর মাধ্যমে নৌ যোগাযোগ সুবিধা বৃদ্ধি করার মাধ্যমে ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটানো, মৎস্য উৎপাদন বৃদ্ধি করা, জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন করা।
- পোন্ডারে ঢাল প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়নের মাধ্যমে বাঁধের ভাঙ্গন রোধ করে এর স্থায়ীত্ব বৃদ্ধি করা।
- পোন্ডার সমূহে বনায়নের মাধ্যমে ভূমিক্ষয় রোধ করা এবং পরিবেশের ভারসাম্য রক্ষা করা।

#### ডিপিপি অনুযায়ী বাস্তবায়িতব্য ভৌত কার্যক্রমসমূহ :

নদী ড্রেজিং	-	২০.৫০০ কিঃমিঃ
নদী পুনঃখনন	-	৬০.৫০০ কিঃমিঃ
বাঁধ পুনরাকৃতিকরণ	-	১১৩.১২ কিঃমিঃ
অভ্যন্তরীণ খাল পুনঃখনন	-	৩৪৪.২২ কিঃমিঃ
রেগুলেটর প্রতিস্থাপন/পুনর্গঠন	-	৬টি
রেগুলেটর মেরামত	-	২১টি
ঢাল প্রতিরক্ষামূলক কাজ আরসিসি ঘাটলা সহ	-	১.৭০০ কিঃমিঃ

#### ➤ মনু নদীর ভাঙন হতে মৌলভীবাজার জেলার সদর, রাজনগর ও কুলাউড়া উপজেলা রক্ষা প্রকল্প।

বাস্তবায়নকাল : জুলাই, ২০২০ হতে জুন, ২০২৩ পর্যন্ত

প্রকল্প এলাকা : মৌলভীবাজার (উপজেলা- মৌলভীবাজার সদর, রাজনগর ও কুলাউড়া)

প্রকল্প ব্যয় : ৯৯৬.২৮ কোটি টাকা

অনুমোদন তারিখ : ২১/০৬/২০২০

প্রকল্পের উদ্দেশ্য :

- মনু নদী ভারতের ত্রিপুরা হতে উৎপত্তি হয়ে বাংলাদেশের কুলাউড়া উপজেলায় প্রবেশ করে কুশিয়ারা নদীতে পতিত হয়েছে। মনু নদীর মোট দৈর্ঘ্য ১৮৬ কিঃমিঃ। এর মধ্যে ভারত অংশে ১১২ কিঃমিঃ এবং বাংলাদেশ অংশে ৭৪ কিঃমিঃ। মনু নদীর মোট ক্যাচমেন্ট এলাকার মাত্র ৯%



বাংলাদেশের ভিতরে অবস্থিত। মনু নদী সর্পিলাকার হওয়ার কারণে এর প্রতিটি বাঁকের এক পাশে চর ও অপর পাশে ভাঙ্গন সৃষ্টি হয়। ফলে, সরকারি-বেসরকারি বিভিন্ন স্থাপনা নদীর গর্ভে বিলিন হয়ে যাচ্ছে। এ সমস্যা সমাধানের লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

- প্রকল্প এলাকায় নদী তীর সংরক্ষণ, চর অপসারণ, বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পুনর্বাসন ও ফ্লাড ওয়াল নির্মাণের মাধ্যমে মৌলভীবাজার শহরসহ সরকারি-বেসরকারি বিভিন্ন অবকাঠামো, বসতবাড়ি, ফসলী জমি নদী ভাঙ্গন ও বন্যার কবল হতে রক্ষা করা।

**ডিপিপি অনুযায়ী বাস্তবায়িতব্য ভৌত কার্যক্রমসমূহ :**

নদী তীর সংরক্ষণ	- ৩০.২৪০ কিঃমিঃ (৬৭টি স্থানে)
নতুন ফ্লাড ওয়াল নির্মাণ	- ২.৫০০ কিঃমিঃ
বিদ্যমান ফ্লাড ওয়াল পুনর্বাসন	- ০.৭৬৬ কিঃমিঃ
নদী ড্রেজিং (চর অপসারণ)	- ১২.১১ কিঃমিঃ (৩৫টি স্থানে)
বিদ্যমান বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পুনর্বাসন	- ৮৫.৯১০ কিঃমিঃ





## জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় গৃহীত প্রকল্প

জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলায় বাংলাদেশ সরকার নিজস্ব অর্থায়নে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড গঠন করে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে বিশ্বে অনন্য নিজস্ব স্থাপন করেছে। জলবায়ু পরিবর্তনের ফলে প্রাকৃতিক দুর্যোগের কারণে সমুদ্র ও নদী অববাহিকার পানি ব্যবস্থাপনা অবকাঠামোসমূহ বেশী ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং নদী তীর ভাঙ্গন বৃদ্ধি পাচ্ছে বিধায় বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (BCCTF) এর অর্থায়নে বাস্তবায়িত প্রকল্প গ্রহণে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড অগ্রণী ভূমিকা পালন করেছে। জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলায় ও প্রাকৃতিক দুর্যোগে নদী তীর সহ বিভিন্ন অবকাঠামো রক্ষা এবং টেকসই করার লক্ষ্যে ২০০৯-১০ হতে ২০১৯-২০ অর্থবছর পর্যন্ত জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় বাপাউবোর ১৩৪টি প্রকল্পের জন্য অনুমোদন আদেশ জারি করা হয় যার মোট প্রাক্কলিত ব্যয় ১০৯৩.৭১ কোটি টাকা। তন্মধ্যে, জুন, ২০২০ পর্যন্ত ৯১৮.২১ কোটি টাকা ব্যয়ে ১০৬ টি প্রকল্পের বাস্তবায়ন সম্পন্ন হয়েছে এবং ১৭৫.৫০ কোটি টাকা ব্যয়ে ২৮ টি প্রকল্পের বাস্তবায়ন চলমান আছে। এ প্রকল্পগুলোর মধ্যে রয়েছে উপকূলীয় এলাকায় জেগে উঠা চরাঞ্চলে পোন্ডার/বাঁধ নির্মাণ/মেরামত, ভূমি পুনরুদ্ধারে ক্রসড্যাম নির্মাণ, নদী তীর সংরক্ষণ এবং নদী/খাল পুনঃখনন ইত্যাদি (বিস্তারিত পরিশিষ্ট-৩)।

## বন্যা ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা

### বাৎসরিক বন্যা মৌসুমঃ

- ২০১৯ সালের বর্ষা মৌসুমে ব্রহ্মপুত্র বেসিনে ভয়াবহ বন্যা দেখা দেয়। ব্রহ্মপুত্র ও যমুনা নদীর পানি সবকয়টি স্টেশনে বিপদসীমা অতিক্রম করে জামালপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধায় বন্যা ভয়াবহ আকার ধারণ করে, যা উত্তর-মধ্যাঞ্চলের বগুড়া, সিরাজগঞ্জ ও টাঙ্গাইল সহ মানিকগঞ্জ পর্যন্ত বিস্তৃত হয়। উজানের ঢলে পানি সমতল বৃদ্ধির ফলে গত ১৮ জুলাই, ২০১৯ তারিখে যমুনা নদীর পানি বাহাদুরাবাদ ও ফুলছড়ি স্টেশনে বিপদসীমার যথাক্রমে ১৬৬ সেগমিঃ এবং ১৫৩ সেগমিঃ উপর দিয়ে প্রবাহিত হয়। তাছাড়াও, তিস্তা নদীর পানি গত ১২ জুলাই, ২০১৯ তারিখে ডালিয়া স্টেশনে বিপদসীমার ৫২ সেগমিঃ উপর দিয়ে প্রবাহিত হয়; যা বিগত ৪০ বছরের রেকর্ড অতিক্রম করে।
- ২০১৯ সালের বন্যায় সারাদেশে (হাওর অঞ্চল ব্যতীত) বাপাউবোর বাঁধের ১৩৭৬টি স্থানে মোট ৪৭৩.৭৪৩ কিঃমিঃ দৈর্ঘ্য ভাঙ্গন কবলিত হয়। তন্মধ্যে, ৮২৬টি স্থানে ক্ষতিগ্রস্ত ১৩৮.৪৭৯ কিঃমিঃ দৈর্ঘ্যে বাঁধ আপদকালীন জরুরী কাজ গ্রহণের মাধ্যমে মেরামত করা হয়।
- ২০১৯ সালের বন্যায় সারাদেশে বাপাউবোর বাস্তবায়িত ১২২৯ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজের ২১০টি স্থানে মোট ৩২.৫২৪ কিঃমিঃ দৈর্ঘ্য ক্ষতিগ্রস্ত হয়। তন্মধ্যে, ১১৫টি স্থানে ক্ষতিগ্রস্ত ৯.৬৮১ কিঃমিঃ দৈর্ঘ্যে নদী তীর সংরক্ষণ কাজের ভাঙ্গন কবলিত স্থান আপদকালীন জরুরী কাজ গ্রহণের মাধ্যমে মেরামত করে ভাঙ্গন মোকাবেলা করা হয়।
- এছাড়াও, নদী তীরে অনেক জায়গা-ই রয়েছে যেখানে অতীতে কখনো নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন করা হয়নি। এরূপ উন্মুক্ত নদী তীরের ৯৬৫টি স্থানে মোট ৩৪০.৯০০ কিঃমিঃ দৈর্ঘ্যে নদী তীর ভাঙ্গন কবলিত হয়। তন্মধ্যে, ৬৪৯টি স্থানে ক্ষতিগ্রস্ত ৮২.২৫৯ কিঃমিঃ দৈর্ঘ্যে আপদকালীন জরুরী কাজ গ্রহণের মাধ্যমে নদী তীর ভাঙ্গন প্রতিহত করা হয়।
- বন্যা মৌসুমে বাস্তবায়িত জরুরী কার্যক্রমের ফলে ৩৪২টি স্কুল, ১২৭টি মাদ্রাসা, ৩৭৪টি মসজিদ, ৮২টি মন্দির, ২১৮টি বাজার, প্রায় ৪৯০ কিঃমিঃ রাস্তা এবং অন্যান্য মন্ত্রণালয়ের ২২টি স্থাপনা নদী ভাঙ্গন হতে রক্ষা পায়।

### উপকূলীয় ঘূর্ণিঝড় “বুলবুল”ঃ

- বঙ্গোপসাগরে সৃষ্ট গভীর নিম্নচাপ “বুলবুল” প্রবল ঘূর্ণিঝড়ে পরিণত হয়ে গত ১০ নভেম্বর, ২০১৯ দিবাগত রাতে দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় উপকূল দিয়ে ভারত হয়ে বাংলাদেশে আঘাত হানে। পূর্বাভাস অনুযায়ী ঘূর্ণিঝড়টির কেন্দ্রে বায়ুর বেগের মান ১০০-১২০ কিঃমিঃ/ঘন্টা হবার কথা থাকলেও দেশের দক্ষিণ-পশ্চিমের সুন্দরবন উপকূলীয় সবুজ বেটনীর কারণে লোকালয়ে প্রবেশের পূর্বে ঘূর্ণিঝড়টি শক্তি হারিয়ে কেন্দ্রে বায়ুর বেগ ৬০-৭০ কিঃমিঃ/ঘন্টা নেমে আসে। ঘূর্ণিঝড় “বুলবুল” এর প্রভাবে উপকূলীয় এলাকায় উঁচু জোয়ারজনিত জলোচ্ছ্বাস, ঝড়ো আবহাওয়াসহ উত্তরবঙ্গ ব্যতীত প্রায় সমগ্র বাংলাদেশেই মাঝারী থেকে ভারী বৃষ্টিপাত হয়।
- বাপাউবোর মার্চ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এর ১ সপ্তাহ আগে থেকেই প্রয়োজনীয় সামগ্রী ও জনবলসহ নদী তীর বা বাঁধের ঝুঁকিপূর্ণ এলাকায় অবস্থান নিয়ে প্রয়োজনীয় আগাম প্রস্তুতিমূলক কাজ সম্পাদন করে। উপকূলীয় পোন্ডারভূক্ত এলাকার অনেকটাই বাপাউবোর বাঁধ ও আগাম প্রস্তুতির কারণে বন্যা ও নদী ভাঙ্গনজনিত ব্যাপক ক্ষয়ক্ষতি হতে রক্ষা পায়।

- ঘূর্ণিঝড় বুলবুল-এ বাপাউবো'র ৬৩.০৯২ কিগমিঃ বাঁধ আংশিক ক্ষতিগ্রস্ত হলেও কেবলমাত্র বাগেরহাট জেলার সদর উপজেলার মাঝিডাঙ্গা এলাকায় ঘূর্ণিঝড়ের আঘাতে বাঁধের ৫০ মিটার দৈর্ঘ্যে ব্রীচ হয়। ঘূর্ণিঝড় অতিক্রমের অব্যবহিত পরপরই ৫.০০ লক্ষ টাকা ব্যয়ে এ ব্রীচ ক্রোজ করা হয়। ঘূর্ণিঝড় বুলবুল আঘাত হানার পূর্বে কিছু জরুরী কাজ সম্পাদন করায় ক্ষয়-ক্ষতির পরিমাণ অনেক কম হয়েছে।

#### হাওর এলাকায় আগাম বন্যা মোকাবেলাঃ

- বাপাউবো'র পরিচালন বাজেট হতে কাবিটা প্রকল্পের মাধ্যমে ২০২০ সালে ১০২৩টি পিআইসি দ্বারা সুনামগঞ্জ, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলার হাওর অঞ্চলে ১০৬.৮১ কোটি টাক ব্যয়ে প্রায় ৮৩৮ কিগমিঃ ডুবন্ত বাঁধ মেরামত করা হয়।
- দেশে কোভিড-১৯ রোগের প্রাদুর্ভাব দেখা দিলেও মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে দেশে খাদ্য-শস্যের সর্বোচ্চ উৎপাদন নিশ্চিত করতে বাপাউবো'র কর্মকর্তা-কর্মচারীগণ জীবনের ঝুঁকি নিয়ে লকডাউন পরিস্থিতিতেও হাওর অঞ্চলের বাঁধ নির্মাণ ও শক্তিশালীকরণ কাজ অব্যাহত রাখে।
- এপ্রিল, ২০২০ মাসের ৩য় সপ্তাহ হতে হাওর এলাকায় পাহাড়ী ঢলের পানি এসে নদ-নদীর পানি বিপদসীমা অতিক্রমের পূর্বাভাস থাকলেও মন্ত্রণালয়ের নির্দেশনা মাফিক মার্চ পর্যায়ে বাপাউবো'র তৎপরতায় বন্যা আসার পূর্বেই ১০ মে, ২০২০ নাগাদ হাওর এলাকায় শতভাগ ফসল কাটা সম্পন্ন হয়। এতে প্রায় ১৫ লক্ষ মেট্রিক টন বোরো ফসল পাহাড়ী ঢল ও অতিবৃষ্টিজনিত আগাম বন্যা থেকে রক্ষা পেয়েছে।

#### উপকূলীয় ঘূর্ণিঝড় “আম্পান”ঃ

##### (ক) পূর্ব প্রস্তুতিঃ

- গত ১৪ মে, ২০২০ তারিখে গভীর বঙ্গোপসাগরে একটি লঘুচাপ পরিলক্ষিত হয়, যা ১৬ মে, ২০২০ তারিখ রাতে গভীর নিম্নচাপে পরিণত হয় এবং তা থেকে মে, ২০২০ মাসের ২০-২২ তারিখের মধ্যে একটি সামুদ্রিক ঘূর্ণিঝড়ের বাংলাদেশের উপকূলে আছড়ে পড়ার পূর্বাভাস পাওয়া যায়।
- বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র গত ১৪ মে, ২০২০ তারিখে বঙ্গোপসাগরে লঘুচাপ পরিলক্ষিত হবার পর থেকেই আবহাওয়া অধিদপ্তরের সাথে সমন্বয় করে ঘূর্ণিঝড়ের গতিবিধি বিষয়ে নিয়মিত পূর্বাভাস প্রদান করে আসছে।
- উপকূলীয় ঘূর্ণিঝড় “আম্পান” ১৬ মে, ২০২০ তারিখেই গভীর নিম্নচাপ থেকে সাইক্লোনে রূপান্তরিত হয় এবং এটি সাইক্লোন ক্যাটেগরি-৫ পর্যন্ত উন্নীত হয়ে সুপার সাইক্লোনে রূপান্তরিত হয়। ১৯৯৯ সালে সৃষ্ট উড়িষ্যা সাইক্লোনের পর অদ্যবধি এটিই বঙ্গোপসাগরে সৃষ্ট সবচেয়ে শক্তিশালী সাইক্লোন।
- ১৭ মে, ২০২০ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় হতে আসন্ন ঘূর্ণিঝড়ের সম্ভাব্য দুর্যোগ ও ক্ষয়ক্ষতি মোকাবেলায় সতর্কতা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের (যেমন- মানুষকে সতর্ক করা, বেড়িবাঁধ মেরামত ও পাহারা, ধান কাটা তরান্বিত করা, আশ্রয়কেন্দ্র প্রস্তুত করা, স্বাস্থ্যসেবা, ত্রাণ সহায়তা প্রস্তুতি প্রভৃতি) জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং সকল জেলা প্রশাসনকে পত্র প্রদান করা হয়।
- ১৮ মে, ২০২০ তারিখে সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, পিরোজপুর, ঝালকাঠি, বরগুনা, পটুয়াখালী, ভোলা ও বরিশাল জেলার জেলা প্রশাসক এবং বাপাউবো'র সংশ্লিষ্ট মার্চ দপ্তরসমূহের কর্মকর্তাদের নিয়ে ভিডিও কনফারেন্সিং সভার মাধ্যমে আসন্ন ঘূর্ণিঝড় মোকাবেলায় করণীয় নির্ধারণ করা হয়।
- উপকূলীয় ঘূর্ণিঝড় “আম্পান” বাংলাদেশে আঘাত হানে ২০ মে, ২০২০ তারিখ অপরাহ্নে। আম্পানের কারণে ২০ তারিখ সকাল থেকেই সমুদ্র উত্তাল থাকায় স্বাভাবিক জোয়ার অপেক্ষা পানি সমতল অনেক বৃদ্ধি পায় এবং ঘূর্ণিঝড়টি বাংলাদেশে অতিক্রমকালীন অবস্থায় উপকূলীয় এলাকায় স্বাভাবিক অপেক্ষা প্রায় ১০-১২ ফুট উঁচু জোয়ারের জলোচ্ছ্বাস দেখা দেয়।

##### (খ) ঘূর্ণিঝড় পরবর্তী গৃহিত পদক্ষেপঃ

- গত ২২ মে, ২০২০ তারিখে মাননীয় উপমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় মহোদয় হেলিকপ্টার করে সাতক্ষীরা, বাগেরহাট, পটুয়াখালী ও নোয়াখালী জেলায় উপকূলীয় ঘূর্ণিঝড় আম্পানে ক্ষতিগ্রস্ত জনপদ পরিদর্শন করেন।





- সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় মহোদয় গত ২২-২৪ মে, ২০২০ তারিখে সাতক্ষীরা, খুলনা ও বাগেরহাট জেলায় উপকূলীয় ঘূর্ণিঝড় আম্পানে বাপাউবোর ক্ষতিগ্রস্ত বাঁধসমূহে পরিদর্শন করেন এবং তা দ্রুত মেরামতের নিমিত্ত জেলা প্রশাসনসমূহের সাথে সভা করে প্রয়োজনীয় নির্দেশনা দেন।
- গত ২৭-২৯ মে, ২০২০ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় মহোদয় পিরোজপুর, বাগেরহাট, সাতক্ষীরা ও খুলনা জেলায় উপকূলীয় ঘূর্ণিঝড় আম্পানে ক্ষতিগ্রস্ত বাঁধসমূহে পরিদর্শন, তা মেরামতের কর্মপন্থা এবং তা দ্রুত মেরামতের প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন।
- সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় মহোদয় গত ০১-০৪ জুলাই, ২০২০ তারিখে সাতক্ষীরা, খুলনা ও বাগেরহাট জেলায় উপকূলীয় ঘূর্ণিঝড় আম্পানে বাপাউবোর ক্ষতিগ্রস্ত বাঁধসমূহের মেরামত কার্যক্রম পরিদর্শন করেন এবং মেরামত কাজ দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্টদের সাথে সভা করে প্রয়োজনীয় নির্দেশনা দেন।
- ২১ মে, ২০২০ তারিখে আম্পান দুর্বল স্থল নিম্নচাপে পরিণত হবার পরপরই বাপাউবোর মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে যোগাযোগ ও সরেজমিনে কিছু এলাকা পরিদর্শন করে প্রাথমিক ক্ষয়-ক্ষতি নিরূপণ করেন। ক্ষয়-ক্ষতির প্রাথমিক প্রতিবেদন মন্ত্রণালয়ের মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়।

(গ) ঘূর্ণিঝড় আম্পানে ক্ষয়-ক্ষতির প্রাথমিক তথ্য ও গৃহিত পদক্ষেপঃ

- উল্লেখযোগ্য ক্ষয়ক্ষতির মধ্যে খুলনা বিভাগ, বরিশাল বিভাগ ও চট্টগ্রাম বিভাগব্যাপী মোট ১১১১টি স্থানে বাঁধ, নদী তীর সংরক্ষণ কাজ ও অন্যান্য অবকাঠামো ক্ষতিগ্রস্ত হয়, যার সম্ভাব্য পুনর্বাসন ব্যয় ৬৯২.৬৫ কোটি টাকা। ক্ষতিগ্রস্ত বাঁধ ও নদী তীরের দৈর্ঘ্য ২৯৩.৮৫৩ কিঃমিঃ।
- তন্মধ্যে, ৪৭৭টি স্থানে ৮৬.৭৬ কোটি টাকা ব্যয়ে মোট ৭৬.৪৬৭ কিঃমিঃ দৈর্ঘ্যে বাপাউবো কর্তৃক বাঁধ ও নদী তীর সংরক্ষণ কাজের মেরামত কাজ চলমান আছে।
- বেশি ক্ষতিগ্রস্ত উপকূলীয় ১৪টি স্থানে প্রায় ১৫.০৯৭ কিঃমিঃ দৈর্ঘ্যে মোট ৫১.৩৭ কোটি টাকা ব্যয়ে পুনর্বাসন/মেরামত কাজে বাংলাদেশ সেনাবাহিনীকে দায়িত্ব দেয়া হয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ সেনাবাহিনী খুলনার কয়রায় হাজরাখালি, রত্না এবং বাগেরহাটের শরনখোলার বগিতে বাঁধ পুনর্বাসন/মেরামতের কাজ শুরু করেছে।
- অবশিষ্ট ক্ষতিগ্রস্ত স্থানসমূহের জন্য ব্যয় প্রাক্কলন প্রস্তুত করা হচ্ছে যা উন্নয়ন বাজেট হতে বিভিন্ন প্রকল্প গ্রহণের মাধ্যমে খুব দ্রুত বাস্তবায়ন করা হবে।
- তবে বাঁধের ব্রীচ ক্রোজিং এবং সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত বাঁধের মেরামত কাজ যার দৈর্ঘ্য প্রায় ৬৬.৮৬৯ কিঃমিঃ এবং সম্ভাব্য ব্যয় ৮৯.৫৯ কোটি টাকা। আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই এ কাজ সমাপ্ত করার জন্য জোর প্রচেষ্টা অব্যাহত আছে। পরিচালন খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না পাওয়া গেলে যথাসময়ে কাজ সমাপ্তি নিয়ে সংশয় দেখা দিতে পারে।

## বাপাউবোর ২৫ বছর মেয়াদী খসড়া পরিকল্পনা

পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনার ক্ষেত্রে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) দেশের সর্ববৃহৎ প্রতিষ্ঠান। পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রধান বাস্তবায়নকারী সংস্থা হিসেবে বাপাউবো বন্যা নিয়ন্ত্রণ, নিকাশন ও সেচ, নদীতীর ভাঙ্গন প্রতিরোধ, ব-দ্বীপ উন্নয়ন ও ভূমি পুনরুদ্ধার, নদ-নদী ড্রেজিং, ইত্যাদি বিষয়ে প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও পরিচালন করে সেচ, জলাবদ্ধতা নিরসন, বন্যা প্রতিরোধ, নদী তীর ভাঙ্গন প্রতিরোধ, ব-দ্বীপ উন্নয়ন ও ভূমি পুনরুদ্ধার, নদ-নদীর নাব্যতা ও বহন ক্ষমতা বৃদ্ধি ইত্যাদি সেবাসমূহ প্রদান করে থাকে।

পানি সম্পদ মন্ত্রণালয়ের Vision (Sustainable water security for better livelihood acknowledging the effects of climate change) এবং mission (ensure fulfilling the requirements of water for the people and sustainable development through balanced and integrated management of water resources) বাস্তবায়নে আগামী ২৫ বছরে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাপাউবোতে গৃহীতব্য কার্যক্রম বিষয়ে আশু পদক্ষেপ গ্রহণ অত্যন্ত জরুরী। এ প্রেক্ষাপটে মন্ত্রণালয়ের বর্তমান রূপকল্প, উদ্দেশ্য, National Water Policy, 1999; BWDB Act, 2000; অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা নির্দেশিকা ২০০১; National Water Management Plan, 2004; Coastal Zone Policy, 2005; Coastal Zone Strategy, 2006; Bangladesh Water Act, 2013; অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৪; কাবিটা নীতিমালা, ২০১৭; Bangladesh Water Rule, 2018; Bangladesh Climate Change Strategy and Action Plan, 2009; Perspective Plan of Bangladesh 2010-2021; National Sustainable Development Strategy 2010-21; Seventh Five-Year Plan 2016-20; Bangladesh Delta Plan, 2100; Vision-2041 ইত্যাদি পর্যালোচনা করে আগামী ২৫ বছরে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাপাউবোতে গৃহীতব্য কার্যক্রমসমূহ সেচ সম্প্রসারণের মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ, সমন্বিত উন্নয়ন পরিকল্পনা গ্রহণ, জলবায়ু পরিবর্তনে

নেতিবাচক প্রভাব মোকাবেলা, মোহনা, সমুদ্র ও নদী হতে ভূমি উদ্ধার, নদী তীর সংরক্ষণ ও নদী ব্যবস্থাপনা, উপকূলীয় এলাকায় অবকাঠামোসমূহ উন্নয়ন ও পুনর্বাসন, হাওর ও জলাভূমি উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ইত্যাদি ক্যাটাগরীতে শ্রেণীবিভক্ত করে অগ্রাধিকার তালিকা প্রণয়ন করা হয়েছে। তালিকায় অন্তর্ভুক্ত প্রকল্পগুলো পর্যায়ক্রমে বাস্তবায়নের নিমিত্তে বিভিন্ন স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদে বিন্যস্ত করা হয়েছে। তালিকার স্বল্প মেয়াদভুক্ত কার্যক্রমসমূহ আগামী আট বছরের মধ্যে বাস্তবায়ন করা যেতে পারে। অনুরূপ ভাবে মধ্য ও দীর্ঘ মেয়াদের আওতাধীন কার্যক্রমসমূহ পর্যায়ক্রমে ১৫ বছর ও ২৫ বছরের মধ্যে বাস্তবায়ন করা যেতে পারে। তালিকায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ পর্যাবৃত্তে পর্যালোচনা করে হালনাগাদ করা হবে। যে সমস্ত প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা করা হয়নি অথবা দীর্ঘ দিন আগে সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদিত হয়েছে সেগুলো নতুন করে সমীক্ষা করা সমীচীন।

উল্লেখ্য, প্রণীত তালিকায় অন্তর্ভুক্ত প্রকল্পসমূহ বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ এর বিনিয়োগ পরিকল্পনা ও টেকসই উন্নয়ন অধীষ্ট-২০৩০ এর সাথে সামঞ্জস্যতা নিরূপণ করা হয়েছে। ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ এর ছয়টি অধীষ্টসমূহ হলো (১) বন্যা ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বিপর্যয় হতে নিরাপত্তা নিশ্চিত করা, (২) পানি নিরাপত্তা নিশ্চিত করা ও পানি ব্যবহারে দক্ষতা বৃদ্ধি, (৩) সমন্বিত ও টেকসই নদী ও মোহনা ব্যবস্থাপনা গড়ে তোলা, (৪) জলাভূমি ও জীব-বৈচিত্র্য সংরক্ষণ এবং তাঁদের যথোপযুক্ত ব্যবহার নিশ্চিতকরণ, (৫) অন্তঃ ও আন্তঃদেশীয় পানি সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য কার্যকরী প্রতিষ্ঠান ও ন্যায়সঙ্গত সুশাসন গড়ে তোলা, (৬) ভূমি ও পানি সম্পদের সর্বোত্তম সমন্বিত ব্যবহার নিশ্চিত করা।

আগামী ২৫ বছরে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাপাউবো কর্তৃক গৃহীতব্য কার্যক্রম সমূহের সংক্ষিপ্তসার নিম্নে প্রদত্ত হলো এবং বিস্তারিত পরিশিষ্ট ৪ এ সংযুক্ত। উল্লেখ্য কিছু প্রকল্প স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদে বাস্তবায়নের পরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে।

Type of Project	Total No Projects	Priority (Term-wise)			Included in BDP IP
		Short (8yrs)	Medium (15yrs)	Long (25yrs)	
River Management Project (Dredging, Bank Protection, Connectivity with Floodplain)	120	105	22	6	5
Land Reclamation and Development Projects	19	12	10	3	10
Integrated Development Project	43	31	19	2	12
Irrigation Project (New & Rehabilitation)	29	27	3	1	5
Climate Change Adaptation and Ecosystem Restoration Project	21	14	11	-	5
Rehabilitation of Coastal Polders	22	18	5	1	1
Haor Rehabilitation Projects	17	14	15	4	5
Others Projects	21	19	3	1	4
<b>Total</b>	<b>292</b>	<b>240</b>	<b>88</b>	<b>18</b>	<b>47</b>

## বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ এর কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ভূমিকা

জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগ সংক্রান্ত ঝুঁকি অর্থনীতির বিভিন্ন খাতসহ জাতীয় পর্যায়ের অধীষ্ট এবং লক্ষ্য অর্জনে প্রধান বাধা ও অনিশ্চয়তা হিসেবে দেখা দিয়েছে। এ সকল অনিশ্চয়তার কারণে বিশ্বের সকল ব-দ্বীপ অঞ্চলে অভিযোজন ভিত্তিক কৌশলগত পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। জলবায়ু পরিবর্তনের অভিঘাত সহিষ্ণু সমৃদ্ধশালী ব-দ্বীপ গড়ে তোলাসহ জলবায়ু পরিবর্তনের বিবেচনায় সার্বিকভাবে কৃষি ও শিল্প অর্থনীতি, মৎস্য, বনায়ন, জনস্বাস্থ্য, পানি ব্যবস্থাপনা ও পরিবেশ খাতকে সমন্বিত করে দেশের উন্নয়নের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী গত ৪ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে দেশের প্রথম শতবর্ষ মহাপরিকল্পনা “বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০” বা বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ অনুমোদন করেছেন। এটি মূলত একটি অভিযোজন ভিত্তিক কারিগরি এবং অর্থনৈতিক মহাপরিকল্পনা, যা উন্নয়ন ফলাফলের ওপর পানি সম্পদ ব্যবস্থাপনা, ভূমি ব্যবহার, পরিবেশ ও জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং এদের পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়াকে বিবেচনা করে No Regret পলিসিতে কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। তাই ডেল্টা প্ল্যান-২১০০ তে অঞ্চলভিত্তিক পরিকল্পনা প্রণয়নে অঞ্চলভিত্তিক পানি বিজ্ঞান এবং পানি সম্পদের সুষ্ঠু, টেকসই ও সমন্বিত ব্যবস্থা প্রধান ভূমিকা পালন করছে। ডেল্টা প্ল্যান-২১০০ এর সামগ্রিক উদ্দেশ্য হচ্ছে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের ঐক্যমতের ভিত্তিতে বাংলাদেশের পানি সম্পদ ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণসহ টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিতকরণ এবং তা বাস্তবায়নের কর্মকৌশল নির্ধারণ। ডেল্টা প্ল্যান-২১০০ তে বিনিয়োগ অগ্রাধিকার চিহ্নিত করা ও ভৌত অবকাঠামো নির্মাণেই সীমিত না রেখে তাতে গবেষণা, জ্ঞান এবং প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা উত্তরনেও সমান গুরুত্ব আরোপ করা হয়েছে।

বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ এর মূল উদ্দেশ্য হলো ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র নির্মূল ও মধ্যম আয়ের দেশে উত্তরণ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত হওয়া। এ লক্ষ্য অর্জনে ‘বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০’ এ জলবায়ু পরিবর্তন, বন্যা, খরা, নদী ভাঙ্গণ, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, লবণাক্ততার অনুপ্রবেশ এবং ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস কে চ্যালেঞ্জ ধরা হয়েছে।





বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ‘বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ এর ৬ টি অভীষ্ট অর্জনে flexible and adaptive approach অনুসরণ করে নিরলসভাবে প্রচেষ্টা অব্যাহত রাখবে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ‘বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০’ এর উদ্দেশ্য অর্জনে নিম্ন-বর্ণিত বিষয়সমূহ সক্রিয়ভাবে বিবেচনা করে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করছে।

### **Flood Risk Management Strategy**

- *Protecting Economic Strongholds and Critical Infrastructure* (indicative flood protection levels for economic strongholds and vital infrastructure are: 1/100 and 1/250 up to 2030; 1/250 - 1/1000 up to 2050, and 1/1000 - 1/2500 by 2100)
- *Equipping the FCD Schemes for the Future*
- *Safeguarding Livelihoods of Vulnerable Communities*

### **Fresh Water Strategy**

- *Ensure Water Availability by Balancing Supply and Demand for Sustainable and Inclusive Growth*
- *Maintaining Water Quality for Health, Livelihoods and Ecosystems*

### **Coastal Zone Strategy**

- *Increase drainage capacity and reduce flood risk at coastal zone*
- *Balancing water supply and demand for sustainable growth*
- *Reclaim New Land in the Coastal Zone*

### **River Systems and Estuaries Strategy**

- *Provide adequate room for the river and infrastructure to reduce flood risk*
- *Improvement of the conveyance capacity as well as stabilize the rivers*
- *Provide fresh water of sufficient quantity and quality.*
- *Maintain ecological balance and values (assets) of the rivers*
- *Allow safe and reliable waterway transport in the river system*

### **Urban Area Strategy**

- *Increase drainage capacity and reduce flood risk at urban area*
- *Enhance urban water security and water use efficiency*
- *Managing river systems and estuaries in newly developed areas*
- *Conserve and preserve urban wetlands and ecosystems and promote their wise-use*
- *Develop effective urban institutions and governance*
- *Integrated and sustainable use of urban land and water resources*

### **Haor and Flash Flood Areas Strategy**

- *Protect agriculture and vulnerable communities from flood*
- *River Management*
- *Sustainable Haor Ecosystem and Biodiversity Management*
- *Institutional Development*
- *Integrated Water/Land Resource Management*

### **Water Strategy for Chittagong Hill Tracts**

- *Protect of economic zones and towns from flood and storm surge*
- *Ensure water security and sustainable sanitation*
- *Ensure integrated river management*
- *Maintain Ecological Balance and Values (assets) at CHT*
- *Increase institutional capacity for integrated water resources management*

*Develop multi-purpose resources management system for sustainable growth*

শতবর্ষ এই ব-দ্বীপ পরিকল্পনায় উপকূলীয় অঞ্চল, বরেন্দ্র ও খরা প্রবণ অঞ্চল, হাওর ও আকস্মিক বন্যা প্রবণ অঞ্চল, পার্বত্য চট্টগ্রাম অঞ্চল, নদী ও মোহনা অঞ্চল এবং নগরঞ্চল- এ রকম মোট ৬টি হটস্পট নির্ধারণ করে সেখানে ৩৩ ধরনের চ্যালেঞ্জ শনাক্ত করা হয়েছে। এই মহাপরিকল্পনা বাস্তবায়নে ২০৩০ সাল নাগাদ দেশের টেকসই উন্নয়নে সরকার প্রায় ৩৭ বিলিয়ন মার্কিন ডলার (প্রায় ৩,১৪,৫০০ কোটি টাকা) বিনিয়োগ করবে, যার প্রায় ৮০% বাস্তবায়ন করবে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো)। ডেল্টা প্ল্যান-২১০০ বাস্তবায়নে ২০৩০ সাল নাগাদ বাংলাদেশের জিডিপি\*র ২.৫০%

বিনিয়োগের প্রয়োজন হবে। তন্মধ্যে ২% অর্থায়ন সরকারী খাত হতে এবং ০.৫০% অর্থায়ন বেসরকারি খাতে হতে নির্বাহ করা হবে।

এই মহাপরিকল্পনায় বিনিয়োগ অগ্রাধিকার হিসাবে Investment Plan-এ মোট ৮০টি কার্যক্রম বাস্তবায়নের জন্য চিহ্নিত করা হয়েছে যার মধ্যে বাপাউবো ৫৯টি প্রকল্প বাস্তবায়ন করবে। ডেল্টা প্ল্যান-২১০০ এর চিহ্নিত মোট ৮০টি কার্যক্রমের মধ্যে ১৭টি কার্যক্রমই বাপাউবো কর্তৃক বাস্তবায়নাধীন ২৮টি এডিপিভুক্ত চলমান প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। এছাড়া, বাপাউবোর চলমান এবং সমাপ্ত অন্যান্য এডিপিভুক্ত প্রকল্পসমূহ পরোক্ষভাবে ডেল্টা প্ল্যান-২১০০ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এসব প্রকল্পগুলোর মধ্যে রয়েছে বাঁধ নির্মাণ/পুনঃনির্মাণ, নদ-নদী ও খাল খনন, পোল্ডার পুনর্বাসন, নদীর তীর সংক্ষরণ, বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, নদী ব্যবস্থার পুনরুদ্ধার, হাইড্রলিক তথ্য সেবা ও আগাম সতর্কীকরণ ব্যবস্থা শক্তিশালীকরণ, বনায়ন ইত্যাদি যার ফলে জলবায়ু পরিবর্তন জনিত অভিযোজন সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে পানিসম্পদের টেকসই ব্যবস্থাপনা ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণসহ অর্থনৈতিক পবুদ্বি নিশ্চিত হচ্ছে।

ডেল্টা প্ল্যান-২১০০ এর Investment Plan-এর সাথে সামঞ্জস্য রেখে বাস্তবায়িত/বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ:

ক্র: নং	ডেল্টা প্ল্যান- ২০২০ এ প্রস্তাবিত প্রকল্প (Sl. no as per BDP Investment Plan)	প্রকল্প/ প্রকল্পভুক্ত কার্যক্রম	প্রকল্প ব্যয় (লক্ষ টাকা)	মেয়াদকাল
১	Implementation of Rationalized Water Related Interventions in GORAI-PASSUR Basin (Project Code: CZ 1.41)	গড়াই নদী ডেজিং ও তীর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধনী প্রক্রিয়াধীন)।	৫৯১৫৮.০৮	অক্টোবর, ২০১৮ হতে জুন, ২০২২
২	Development of Climate Smart Integrated Coastal Resources Database (Project Code: CZ 4.1)	Coastal Embankment Improvement Project Phase-1 (CEIP-1) in Satkhira, Khulna, Bagerhat, Pirojpur, Barguna & Patuakhali District (১ম সংশোধনী) শীর্ষক প্রকল্পের আওতায়" Long Term Monitoring, Research and Analysis of Bangladesh Coastal Zone" শীর্ষক সমীক্ষায় তা বাস্তবায়িত হচ্ছে।	সমীক্ষার চুক্তিমূল্য- ১১৮৬৬.০০ লক্ষ টাকা	সমীক্ষার মেয়াদকালঃ ১৫ সেপ্টেম্বর, ২০১৮ হতে ১৫ এপ্রিল, ২০২১
৩	River Bank Improvement Program (Project Code: MR 1.1)	নিম্নোক্ত ৩টি প্রকল্পের মাধ্যমে কার্যক্রমটি আংশিক বাস্তবায়িত হচ্ছে। কুড়িগ্রাম জেলার চিলমারী ও উলিপুর উপজেলায় ব্রহ্মপুত্র নদের ডান তীর ভাঙ্গনরোধ প্রকল্প। যমুনা নদীর ডান তীরের ভাঙ্গন হতে গাইবান্ধা জেলার সদর উপজেলা এবং গণকবর সহ ফুলছড়ি উপজেলার বিভিন্ন স্থাপনা রক্ষা প্রকল্প। যমুনা নদীর ভাঙ্গন হতে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলাধীন খুদবান্দি, সিংড়াবাড়ী ও শুভগাছা এলাকা সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত)।	৩০২৬০.০০ ২৯৯৩৬.৬৭ ৪৬৪৬০.০০	জানুয়ারি, ২০১৯ হতে জুন, ২০২২ জুলাই, ২০১৭ হতে জুন, ২০২১ জুলাই, ২০১৭ হতে জুন, ২০২০
৪	Improvement of Drainage Congestion & Flood Control for Chittagong City Corporation Area (Project Code: UA 10.1)	চট্টগ্রাম মহানগরীর বন্যা নিয়ন্ত্রণ, জলামগ্নতা/জলাবদ্ধতা নিরসন ও নিষ্কাশন উন্নয়ন প্রকল্প।	১৬২০৭৩.৫০	অক্টোবর, ২০১৮ হতে জুন, ২০২২
৫	Implementation of Rationalized Water Related Interventions in Hurasagar basin (Project Code: DP 1.21)	বাঙ্গালী-করতোয়া-ফুলজোর-হুরাসাগর নদী সিস্টেম ডেজিং/পুনঃখনন ও তীর সংরক্ষণ প্রকল্প।	২৩৩৫৬০.০০	নভেম্বর, ২০১৮ হতে জুন, ২০২২
৬	Revitalization & Restoration of Hurrasagar and Atrai Rivers (Project Code: DP 1.3)	নওগাঁ জেলার ধামুইরহাট পল্লীতলা ও মহাদেবপুর উপজেলাধীন ৩টি প্রকল্পের পুনর্বাসন এবং আত্রাই নদীর ডেজিংসহ তীর সংরক্ষণ।	১৭৯৪৭.০৫	জুলাই, ২০২০ হতে জুন, ২০২২



ক্রঃ নং	ডেস্টা প্ল্যান- ২০২০ এ প্রস্তাবিত প্রকল্প (Sl. no as per BDP Investment Plan)	প্রকল্প/ প্রকল্পভুক্ত কার্যক্রম	প্রকল্প ব্যয় (লক্ষ টাকা)	মেয়াদকাল
৭	Implementation of Rationalized Water Related Interventions in Chittagong Coastal Plain (Project Code: CH 1.11)	চট্টগ্রাম জেলার মিরশ্বরাই উপজেলায় বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল (বেজা) বন্যা নিয়ন্ত্রণ সড়ক কাম বেড়ী বাঁধ প্রতিরক্ষা ও নিষ্কাশন প্রকল্প (১ম সংশোধিত)।	১৬৫৭৪২.৫৩	জুলাই, ২০১৬ হতে জুন, ২০২১
৮	Rationalization of Polders in Chittagong Coastal Plain (Project Code: CH 1.10)	নিম্নোক্ত ৩টি প্রকল্পের মাধ্যমে কার্যক্রমটি আংশিক বাস্তবায়িত হচ্ছে।		
		চট্টগ্রাম জেলার উপকূলীয় এলাকায় পোল্ডার নং- ৬২ (পতেঙ্গা), পোল্ডার নং- ৬৩/১এ (আনোয়ারা), পোল্ডার নং- ৬৩/১বি (আনোয়ারা ও পটিয়া) পুনর্বাসন প্রকল্প (২য় সংশোধনী প্রক্রিয়াধীন)।	৩২০২৯.৭৭	মে, ২০১৬ হতে জুন, ২০২০
		চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলার পোল্ডার নং ৬৪/১এ, ৬৪/১বি এবং ৬৪/১সি এর সমন্বয়ে ক্ষতিগ্রস্ত অবকাঠামোসমূহের পুনর্বাসন প্রকল্প (২য় সংশোধিত)।	২৯৩৬০.৬৯	জুলাই, ২০১৫ হতে জুন, ২০২১
		চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলার পোল্ডার নং-৭২ এর ভাঙ্গনপ্রবণ এলাকায় স্লোপ প্রতিরক্ষা কাজের মাধ্যমে পুনর্বাসন প্রকল্প (১ম সংশোধিত)।	২১৯৩০.৮৩	জুলাই, ২০১৭ হতে জুন, ২০২১
৯	Program for Implementation of Rationalized Water Related Interventions in upper Meghna Basin (Project Code: HR 1.1)	নিম্নোক্ত ২টি প্রকল্পের মাধ্যমে কার্যক্রমটি বাস্তবায়ন হচ্ছে।		
		ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল উপজেলায় রাজাপুর নামক স্থানে মেঘনা নদীর বামতীর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত)।	৪১২৫.৮৪	জুলাই, ২০১৮ হতে জুন, ২০২১
		ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলার বড়িকান্দি হতে ধরাভাঙ্গা এমপি বাঁধ পর্যন্ত মেঘনা নদীর বামতীর সংরক্ষণ প্রকল্প	৭১০৯.০৫	অক্টোবর, ২০১৯ হতে জুন, ২০২১
১০	Expansion and Modernization of Network and Tools for Groundwater Monitoring including Establishment of a National Coordination Mechanism (Project Code: CC 1.45)	Bangladesh Weather and Climate Services Regional Project (BWCSR) Component-B: Strengthening Hydrological Information Services and Early Warning Systems (SHISEWS) (১ম সংশোধিত)	৩৪০৬৫.০০	জুলাই, ২০১৬ হতে জুন, ২০২১
১১- ১২	Rehabilitation of Water Management Infrastructure in Bhola District (Project Code: CZ 1.30)  এবং Development of Water Management Infrastructure in Bhola Island (Project Code: CZ 1.26)	নিম্নোক্ত প্রকল্পসমূহের মাধ্যমে কার্যক্রমটি বাস্তবায়ন হয়েছে/হচ্ছে।		
		ভোলা জেলার দৌলতখান ও বোরহানউদ্দিন উপজেলায় মেঘনা নদীর ভাঙ্গন হতে পোল্ডার নং- ৫৬/৫৭ রক্ষা প্রকল্প (১ম সংশোধিত)।	৫৫০৬৩.৯০	জানুয়ারী, ২০১৬ হতে জুন, ২০২১
		মেঘনা নদীর ভাঙ্গন হতে ভোলা জেলার সদর উপজেলাধীন রাজাপুর ও পূর্ব ইলিশা ইউনিয়ন রক্ষার্থে তীর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত)।	৩৪৩৯০.৬২	ডিসেম্বর, ২০১৫ হতে জুন, ২০২১
		নদী তীর সংরক্ষণের মাধ্যমে মেঘনা নদীর ভাঙ্গন হতে ভোলা জেলার তজুমুদ্দিন উপজেলা সদর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত)।	৬০৯৩৮.০৯	জুলাই, ২০১৬ হতে জুন, ২০২১
		মেঘনা নদীর ভাঙ্গন থেকে ভোলা জেলার চরফ্যাশন পৌর শহর সংরক্ষণ প্রকল্প (১ম সংশোধিত)।	২৭৭৯৭.৫৮	জুলাই, ২০১৬ হতে জুন, ২০২০
		ভোলা জেলার মেঘনা নদীর ভাঙ্গন থেকে মনপুরা উপজেলার রামনেওয়াজ লঞ্চঘাট এলাকা রক্ষা এবং তেঁতুলিয়া নদীর ভাঙ্গন থেকে চরফ্যাশন উপজেলার ঘোঘেরহাট লঞ্চঘাট এলাকা রক্ষা প্রকল্প (১ম সংশোধিত)।	৩১৩১৮.৫৯	জুলাই, ২০১৬ হতে জুন, ২০২০

ক্র: নং	ডেল্টা প্ল্যান- ২০২০ এ প্রস্তাবিত প্রকল্প (Sl. no as per BDP Investment Plan)	প্রকল্প/ প্রকল্পভুক্ত কার্যক্রম	প্রকল্প ব্যয় (লক্ষ টাকা)	মেয়াদকাল
		মেঘনা নদীর ভাঙ্গন হতে ভোলা জেলার লালমোহন উপজেলাধীন লর্ড হার্ডিঞ্জ ও ধলিগৌরনগর বাজার রক্ষা প্রকল্প।	৪৩২৫৫.৪২	জুলাই, ২০১৮ হতে জুন, ২০২২
		ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন তেতুলিয়া নদীর ভাঙ্গন হতে বকসী লঞ্চঘাট হতে বাবুরহাট লঞ্চঘাট পর্যন্ত প্রতিরক্ষা ও ড্রেজিং এবং কুকরী-মুকরী দ্বীপ বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প।	৫২৩৩৬.১৫	জুলাই, ২০১৮ হতে জুন, ২০২২
১৩	Study on Integrated Management of Drainage Congestion for Greater Noakhali (Project Code: CZ 1.4)	নোয়াখালী এলাকার জলাবদ্ধতা নিরসনকল্পে বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প (১ম সংশোধনী প্রক্রিয়াধীন)।	৩২৪৯৮.৮৫	জুলাই, ২০১৬ হতে জুন, ২০২১
১৪	Drainage Improvement of Dhaka-Narayangonj-Demra (DND) Project Phase-2 (Project Code: UA 1.3)	ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকায় নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প (ফেজ-২) (১ম সংশোধনী প্রক্রিয়াধীন)।	৫৫৮২০.০০	জুলাই, ২০১৬ হতে জুন, ২০২০
১৫	Development of Catchment and Sub-catchment Management Plans (Project Code: CH 26.2)	নিম্নোক্ত সমীক্ষা প্রকল্পদ্বয়ের মাধ্যমে কার্যক্রমটি বাস্তবায়িত হচ্ছে।		
		সাস্তু ও মাতামুহুরী নদীর বেসিন রেস্টোরেশনের নিমিত্ত সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প।	৪৯৫.০০	সেপ্টেম্বর, ২০১৯ হতে নভেম্বর, ২০২০
		কর্ণফুলী নদীর অববাহিকা উন্নয়ন ও ব্যবস্থাপনার লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা (হালদা নদী সহ) প্রকল্প	৪৯৭.০০	সেপ্টেম্বর, ২০১৯ হতে ডিসেম্বর, ২০২০
১৬	Flow Control and Water Storage Structures for Water Availability in the Dry season (Project Code: CH 26.5)	নিম্নোক্ত ৩টি সমীক্ষা প্রকল্পের মাধ্যমে কার্যক্রমটি বাস্তবায়িত হয়েছে/হচ্ছে।		
		সাস্তু ও মাতামুহুরী নদীর বেসিন রেস্টোরেশনের নিমিত্ত সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প।	৪৯৫.০০	সেপ্টেম্বর, ২০১৯ হতে নভেম্বর, ২০২০
		কর্ণফুলী নদীর অববাহিকা উন্নয়ন ও ব্যবস্থাপনার লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা (হালদা নদী সহ) প্রকল্প।	৪৯৭.০০	সেপ্টেম্বর, ২০১৯ হতে ডিসেম্বর, ২০২০
		Feasibility Study for Providing Irrigation Facilities through Construction of Hydraulic Elevator Dam (HED) across Macinee River at Dighinala, Khagrachari; Shrimai Khal at Patiya, Chattogram & Kasalang River at Sajek Valley, Rangamati	৪৬৯.৫৫	মে, ২০১৯ হতে ডিসেম্বর, ২০১৯
১৭	Revitalization of Khals all over the Country (Project Code: CC 1.43)	৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়) (১ম সংশোধনী প্রক্রিয়াধীন)।	২২৭৯৫৪.৬১	নভেম্বর, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২০





পঞ্চগড়ে বুড়ি তিস্তা নদীর খনন শুরু

কুড়িগ্রামে ড নদী-খাল পুনঃখনন শুরু

খাল পুনঃ খনন কাজ

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের রুটিন কার্যক্রম

### প্রধান পানি ব্যবস্থাপনা দপ্তর এর আওতাধীন দপ্তর সমূহের কার্যক্রম

### সেচ, সেচ সার্ভিস চার্জ ধার্য ও আদায় কার্যক্রম এবং জনগণের অংশগ্রহণমূলক কার্যক্রম

#### ২০১৯-২০ সালের ফসল ও সেচ কার্যক্রমের অগ্রগতি

২০১৯-২০ সালে পাউবো এর বৃহৎ ও ক্ষুদ্র সেচ প্রকল্প সমূহের ৩টি শস্য মৌসুমে ২৪.৮৪ লক্ষ হেক্টর জমিতে ফসল ও ১০.৮২ লক্ষ হেক্টর জমিতে সেচ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়। জুন ২০২০, পর্যন্ত ২৪.১৩ লক্ষ হেক্টর জমিতে ফসল চাষাবাদ ও ৯.৯৬ লক্ষ হেক্টর জমিতে সেচ সুবিধা প্রদান করা হয়েছে। প্রকল্প সমূহে প্রধান ফসল হিসাবে ধান, গম ও ভুট্টা আবাদ হয়ে থাকে। তাছাড়া প্রকল্পসমূহে তৈল ও ডাল জাতীয় ফসল সহ শীতকালীন ও গ্রীষ্মকালীন সবজি আবাদের মাধ্যমে খাদ্য উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করে আসছে। পর্যাপ্ত সেচ সুবিধা থাকায় শস্য বহুমুখীকরণের পাশাপাশি শস্যের নিবীড়তাও দিনে দিনে বৃদ্ধি পাচ্ছে। ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থ বছরে পূর্নবাসনকৃত ৬টি প্রকল্প সেচধর্মী প্রকল্প হিসাবে অর্ন্তভুক্ত করা হয়েছে। উক্ত ৬ টি সেচধর্মী প্রকল্পের মধ্যে জিকে সেচ প্রকল্প (২য় পর্যায়) এবং তিস্তা ব্যারেজ প্রকল্প (২য় পর্যায়) এ ২(দুই) টি প্রকল্পের তথ্যাদি সেচধর্মী প্রকল্পের তালিকায় পূর্ব হতেই অর্ন্তভুক্ত করা হয়েছে। অবশিষ্ট ৪(চার) টি সেচধর্মী প্রকল্পের (পাবনা জেলার গাজনার বিল, কুমিল্লা জেলার কার্জন খাল, শিবপুর এফসিডিআই ও নওগা জেলার জবাইবিল এফসিডিআই) ফসল ও সেচের তথ্যাদি মার্চ পর্যায় হতে সংগ্রহ করত: পরবর্তীতে অর্ন্তভুক্ত করা হবে।

#### ২০১৯-২০২০ সালের সেচ কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও অর্জিত সাফল্য নিম্নরূপ

(হেক্টর)

ক্রঃ নং	জোন	প্রকল্পের সংখ্যা	আওতাভুক্ত এলাকা	সেচযোগ্য এলাকা	ফসল		সেচ		নীট সেচকৃত জমি	
					লক্ষ্যমাত্রা	সাফল্য	লক্ষ্যমাত্রা	সাফল্য	লক্ষ্যমাত্রা	সাফল্য
১।	উত্তরাঞ্চল, রংপুর	১৯	১৮১১৬৮	১২২৯৬২	৩৭০৯৯৪	৩৭০৪৫৪	২২৩০৪৭	১৭৩২১৪	১১২৭৩৩	১১১১০৭
২।	উত্তর-পশ্চিমাঞ্চল, রাজশাহী	১১	১৯৬৪৫২	১২৯৫৪১	২৭৬৭১৫	২৯০২২৯	১৮৩৬৯৬	১৮৮০৫৫	৮৭৩১৬	৯২৫৫৮
৩।	পশ্চিমাঞ্চল, ফরিদপুর	৭	২৩০৪৭৭	১১৭১৪৬	২৯৭২৬৩	২৬৬৭৬২	১১২২৬০	৯৪৪৪২	৭৭১৫৮	৬৮৬৪৮
৪।	দক্ষিণ-পশ্চিমাঞ্চল, খুলনা	৪	১৫৬৭৩৫	১০৪৪৩৭	২৯১৬৯৯	২৮১২৫৪	১৭৯৮৮২	১৬৯৪০২	১০৩৮৪৫	৯৭২৬০
৫।	দক্ষিণাঞ্চল, বরিশাল	৬	৪৮৩০১১	১৫৪৬৬৪	৪৭৩৩৭৫	৪৭৩৩৭৫	৯৯৭৮৫	৯৯৭৬০	৮২১৮৫	৮২৩৩৫



ক্রঃ নং	জোন	প্রকল্পের সংখ্যা	আওতাভুক্ত এলাকা	সেচযোগ্য এলাকা	ফসল		সেচ		নীট সেচকৃত জমি	
					লক্ষ্যমাত্রা	সাফল্য	লক্ষ্যমাত্রা	সাফল্য	লক্ষ্যমাত্রা	সাফল্য
৬।	কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা	৫১	২৪৬৪৪৮	১৭১৮২৭	৩৫৪৫৪০	৩৫১৩২৭	১৬৯১১৪	১৬৮৮৪০	১৬৮৬৯৪	১৬৮৬৯০
৭।	পূর্বাঞ্চল, কুমিল্লা	৮	১৮২৫০৮	৭৯০৯৪	১৭৫৬৯৬	১৬৩২৪২	৫৪১৮৩	৫১৩৮৬	৫৪১৮৩	৫১৩৮৬
৮।	উত্তর-পূর্বাঞ্চল, সিলেট	৩	১১৬৪৯২	৪৭২৪৬	১২৩৩৪৪	১০০৩৯৭	২৫৯৫০	২১২৫২	২৫৯৫০	২১২৫২
৯।	দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্টগ্রাম	১৮	৭৬১৮১	৪৬৭৭৭	১২১০৬৮	১১৬৮২৫	৩৪৭৬০	৩০৫১০	৩৪৭৬০	৩০৩৬০
	সর্বমোট	১২৭	১৮৬৯৪৭২	৯৭৩৬৯৪	২৪৮৪৬৯৪	২৪১৩৮৬৫	১০৮২৬৭৭	৯৯৬৮৬১	৭৪৬৮২৪	৭২৩৫৯৬

### সেচ সার্ভিস চার্জ ধার্য ও আদায় অগ্রগতি

বাপাউবোর্ড কর্তৃক বাস্তবায়িত বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ প্রকল্প সমূহের পরিচালন ও রক্ষণাবেক্ষণ অংশীদারিত্বমূলক ব্যবস্থাপনার মাধ্যমে সম্পাদিত হয়ে থাকে। সেচ প্রকল্প সমূহে আধুনিক কৃষি ও শস্য উৎপাদনে গতিশীলতা আনয়নের লক্ষ্যে পানি ব্যবস্থাপনা সংগঠন (পানি ব্যবস্থাপনা দল, পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন, পানি ব্যবস্থাপনা ফেডারেশন) এর মাধ্যমে পানি সম্পদের সুষ্ঠু ও যথাযথ ব্যবহার নিশ্চিত করতঃ কৃষকের জমিতে সেচ প্রদান করা হয়। সেচের পানি সরবরাহ ও নিয়ন্ত্রণের ব্যবস্থা গ্রহণ করা সাপেক্ষে সরকার সংশ্লিষ্ট প্রকল্পের কৃষি জমির উপর সেচ সার্ভিস চার্জ ধার্যকরণের ব্যবস্থা প্রবর্তন করে। এতদুদ্দেশ্যে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক ২০০৩ সালে ‘সেচ সার্ভিস চার্জ আরোপ ও আদায় প্রবিধানমালা, ২০০৩ (৩১ মে ২০০৫ পর্যন্ত সংশোধিত) [(এস, আর, ও নং-২৮৪ আইন/২০০৩) (এস, আর, ও নং-১২৮/আইন/২০০৫)]’ নামে একটি প্রবিধানমালা জারী করা হয়। উক্ত প্রবিধানমালা অনুযায়ী বাপাউবোর্ডের সেচ প্রকল্পের ভৌগোলিক অবস্থান, বৈশিষ্ট্য এবং ফসল ভিত্তিক সেচের পানির চাহিদা ইত্যাদি বিবেচনা করে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক ফসলের বিভিন্ন মৌসুমে (খরিফ-২, রবি ও খরিফ-১) ১৩ টি সেচ প্রকল্পে সেচ সার্ভিস চার্জ এর হার অনুমোদন করা হয়। তদানুযায়ী সেচ সার্ভিস চার্জ আদায় করা হচ্ছে। এ প্রবিধানে সেচ প্রকল্পের উপকৃত কৃষকদের সমন্বয়ে গঠিত পানি ব্যবস্থাপনা সংগঠনকে সেচ সার্ভিস চার্জ আদায়ের দায়িত্বসহ আদায়কৃত অর্থ সুবিধাভোগী সংগঠনের সাথে আলোচনাক্রমে সংশ্লিষ্ট প্রকল্পের পরিচালন ও রক্ষণাবেক্ষণে ব্যয় নির্বাহ করার ব্যবস্থা রাখা হয়েছে। এর ফলে সরকার কর্তৃক বিপুল অর্থে সমাপ্ত প্রকল্পের নিজস্ব মালিকানাবোধ সৃষ্টি, সেচের পানির অপচয়রোধ, সুষ্ঠু ব্যবস্থাপনা ও সুখম বন্টনের মাধ্যমে প্রকল্পের মূল উদ্দেশ্য সমুন্নত এবং সুষ্ঠু পরিচালনা ও টেকসই রক্ষণাবেক্ষণের জন্য স্থানীয় সুবিধাভোগীদের সম্পৃক্ত করার পদক্ষেপ নেয়া হয়েছে। বাপাউবোর্ডের সেচ প্রকল্পসমূহে ২০০১-২০০২ হতে সেচ সার্ভিস চার্জ ধার্য ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। ২০১৯-২০ অর্থ বছরে সেচ সার্ভিস চার্জ ধার্যের পরিমাণ ৪৮.১২০ লক্ষ টাকা এবং আদায়ের পরিমাণ ২৮.৩৭০ লক্ষ টাকা। নিম্নের সারণীতে বর্তমানে জুন, ২০২০ ইং সময় পর্যন্ত ১৩ টি সেচ প্রকল্পে ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থ বছরের সেচ সার্ভিস চার্জ ধার্য এবং আদায়ের তথ্যাদি সন্নিবেশিত করা হলো।

### সেচ সার্ভিস চার্জ ধার্য ও আদায়ের অগ্রগতি (জুন, ২০২০ পর্যন্ত)

ক্রঃ নং	জোনের নাম	প্রকল্পের নাম	সেচ সার্ভিস চার্জ আদায়ের লক্ষ্যমাত্রা		সেচ সার্ভিস চার্জ আদায়ের অগ্রগতি		অগ্রগতি (ক্রমপুঞ্জিত)	
			২০১৮-১৯	২০১৯-২০	২০১৮-১৯	২০১৯-২০	ক্রমপুঞ্জিত আদায়	মন্তব্য
১।	পূর্বাঞ্চল, কুমিল্লা।	মেঘনা-ধনাপোতা সেচ প্রকল্প	৮.০০০	৮.০০০	১২.০১০	০৮.৫১০	২০.৫২০	
		চাঁদপুর সেচ প্রকল্প	৪.৫০০	৪.৫০০	৪.২৫০	৩.২১০	৭.৪৬০	
		সুন্দলপুর সেচ প্রকল্প	০.২৫০	০.২৫০	০.২১০	০.০০০	০.২১০	
২।	দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্টগ্রাম।	মহুরী সেচ প্রকল্প	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	
		কর্ণফুলী সেচ প্রকল্প	২.০০০	২.০০০	১.৮৪০	১.১২০	২.৯৬০	
		হারবাংছড়া সেচ প্রকল্প	০.১০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	
৩।	উত্তর- পশ্চিমাঞ্চল, রাজশাহী।	পাবনা সেচ ও পল্লী উন্নয়ন প্রকল্প	২.৪৫০	২.৪০০	৩.৮৮০	২.৩৩০	৬.২১০	
৪।	উত্তরাঞ্চল,	তিস্তা বাঁধ সেচ প্রকল্প	১৬.০০০	১৭.০০০	১৬.০৫০	১১.৯০০	২৭.৯৫০	বুড়ি তিস্তা প্রকল্পে



ক্রঃ নং	জোনের নাম	প্রকল্পের নাম	সেচ সার্ভিস চার্জ আদায়ের লক্ষ্যমাত্রা		সেচ সার্ভিস চার্জ আদায়ের অগ্রগতি		অগ্রগতি (ক্রমপুঞ্জিত)	
			২০১৮-১৯	২০১৯-২০	২০১৮-১৯	২০১৯-২০	ক্রমপুঞ্জিত আদায়	মন্তব্য
	রংপুর।	(১ম পর্যায়)						মামলা চলমান থাকায় সেচ সার্ভিস চার্জ আদায় কার্যক্রম বর্তমানে বন্ধ রয়েছে।
		টাঙ্গন বাঁধ প্রকল্প	০.১০০	০.১০০	০.১৬০	০.১২০	০.২৮০	
		বুড়ি তিস্তা প্রকল্প	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	
৫।	কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা।	এন. এন. আই. পি. (ব্লক এ-১)	০.৭৫০	৪.৯১০	০.৩২০	০.০০০	০.৩২০	
৬।	পশ্চিমাঞ্চল, ফরিদপুর।	জি-কে সেচ প্রকল্প	৮.১৬০	৮.৩৬০	৩.৭৮০	০.৯৮০	৪.৭৬০	
৭।	উত্তর-পূর্বাঞ্চল, সিলেট।	মনু নদী সেচ প্রকল্প	০.৫০০	০.৫০০	০.৩৫০	০.২০০	০.৫৫০	
	মোট	১৩ টি প্রকল্প	৪২.৮১০	৪৮.১২০	৪২.৮৪০	২৮.৩৭০	৭১.২১০	

২০১৮-২০১৯ সাল		২০১৯-২০২০ সাল	
মোট লক্ষ্যমাত্রা	মোট প্রাপ্তি	মোট লক্ষ্যমাত্রা	মোট প্রাপ্তি
৪২.৮১২	৪২.৮৪৪	৪৮.১২০	২৮.৩৭০

মন্তব্যঃ সেচ সার্ভিস চার্জ আদায় কার্যক্রম চলিতেছে যাহা ২০১৯-২০২০ সালের জুন মাস পর্যন্ত অব্যাহত থাকিবে।

#### পানি ব্যবস্থাপনায় জনগণের অংশগ্রহণমূলক কার্যক্রম

নদীমাতৃক বাংলাদেশের জীবনধারা পানির ভিত্তিতেই গঠিত। পরিবেশগত ও গুণগত মানে পানির সহজ প্রাপ্যতা একটি মৌলিক নাগরিক অধিকার এবং তা নিশ্চিত করতে প্রয়োজন সুষ্ঠু পরিকল্পনা। এ উপলব্ধি থেকেই ১৯৯৯ সালের জানুয়ারী মাসে বাংলাদেশ সরকার কর্তৃক “জাতীয় পানি নীতি” ঘোষণা করা হয়। পানি ব্যবস্থাপনায় স্বার্থ সংশ্লিষ্টদের অংশগ্রহণ, উন্নয়ন, পরিবেশ সম্পর্কে সচেতনতা ও ক্ষমতা বৃদ্ধি, পানি ব্যবস্থাপনার সকল স্তরে স্থানীয় স্বার্থ সংশ্লিষ্টদের কার্যকর সিদ্ধান্ত প্রদানের সুযোগ সৃষ্টিসহ অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনায় স্থানীয় স্বার্থ সংশ্লিষ্টদের পর্যায়ক্রমে মালিকানা প্রদান করার লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা নীতিমালা (GPWM) ২০০১ সালে প্রকাশ করা হয়। পরবর্তীতে পানি ব্যবস্থাপনা সংগঠন সমূহের গঠন, উন্নয়ন ও সামাজিক পরিবীক্ষণ ও নিবন্ধন এর কাজগুলো যৌক্তিকভাবে ও ফলপ্রসূ করণের লক্ষ্যে “অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা বিধিমালা-২০১৪” সরকার কর্তৃক জারী করা হয়।

বোর্ডের প্রকল্পসমূহে স্থানীয় জনগণকে সম্পৃক্ত করার জন্য সকল প্রকল্পে পানি ব্যবস্থাপনা সংগঠন গঠন করা হচ্ছে এবং তাদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ দেয়া হচ্ছে। এ ধারাবাহিকতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধীন বিভিন্ন বাস্তবায়নায়িত্ব ও বাস্তবায়িত প্রকল্প সমূহে অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে মাঠ পর্যায়ে পানি ব্যবস্থাপনা দল (WMG), পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (WMA) ও পানি ব্যবস্থাপনা ফেডারেশন (WMF) নামে তিন স্তরভিত্তিক পানি ব্যবস্থাপনা সংগঠন (WMO) গঠন করা হচ্ছে।

উল্লিখিত পানি ব্যবস্থাপনা সংগঠন সমূহ বাপাউবো এর বিভিন্ন প্রকল্পে সেচের পানির সুষ্ঠু ব্যবস্থাপনা করাসহ সেচ অবকাঠামোর পরিচালনা ও রক্ষণাবেক্ষণ-এ অংশগ্রহণের মাধ্যমে অবদান রাখছে। বাপাউবো কর্তৃক গঠিত পানি ব্যবস্থাপনা সংগঠন সমূহকে সেচ অবকাঠামোর পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব গ্রহণের উদ্দেশ্যে সংগঠনের সদস্যদেরকে বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ দেয়া হচ্ছে। সংগঠন সমূহকে বিভিন্ন আয়বর্ষক কর্মসূচীর সাথে সম্পৃক্ত করণের মাধ্যমে তাদেরকে টেকসই অবস্থায় নেয়ার জন্য বাপাউবো বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। “অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা বিধিমালা-২০১৪” এর আলোকে বাপাউবোর্ডের অধীন ১৫১টি বাস্তবায়িত প্রকল্প/উপ-প্রকল্প/স্কিম ও পোল্ডার সমূহে গঠিত পানি ব্যবস্থাপনা সংগঠন সমূহ এর সক্ষমতা বৃদ্ধি সহ উন্নয়ন ও আইনগত অধিকার প্রদানের লক্ষ্যে নিবন্ধনের প্রক্রিয়া চলমান।

#### পানি ব্যবস্থাপনা সংগঠন গঠন-নিবন্ধনের তথ্যাদি (জুন-২০২০ পর্যন্ত)

প্রকল্পের সংখ্যা	আওতাভুক্ত এলাকা (হেক্টর)	পানি ব্যবস্থাপনা দল		পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন		পানি ব্যবস্থাপনা ফেডারেশন	
১৫১	২০৮০৪৫৯	গঠন	নিবন্ধন	গঠন	নিবন্ধন	গঠন	নিবন্ধন
		২৯৪১	২৫৪০	২২৪	১৯৪	৩	৩

### মহিপুর সেচ পরীক্ষা খামার বাপাউবো, রংপুরে কার্যক্রম

দেশকে খাদ্যে স্বয়ং সম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে দেশের বৃহত্তম তিস্তা ব্যারেজ সেচ প্রকল্প ও বুড়ি তিস্তা সেচ প্রকল্প এলাকার সেচ ও কৃষি উন্নয়নের জন্য ১৯৬০ সালে মহিপুর সেচ পরীক্ষা খামার স্থাপন করা হয়। তিস্তা ব্যারেজ সেচ প্রকল্পের চাষীগণের মান্দ্গাত্মা আমলের কৃষি ও খাদ্য উৎপাদন বিষয়ক ধ্যান ধারণা পরিবর্তন করিয়া প্রকল্প এলাকার মাটি ও আবহাওয়া উপযোগী আধুনিক কৃষি প্রযুক্তি সমূহের পরীক্ষা নীরিক্ষা করতঃ উহার লাভজনক ফলাফল প্রকল্প এলাকার চাষীদের মধ্যে জনপ্রিয় করার লক্ষ্যেই এই খামারের প্রতিষ্ঠা। খামার টি মূলতঃ একটি ফলিত গবেষণা ও প্রদর্শনী খামার। প্রতিষ্ঠা লগ্ন হইতেই খামারটি অত্র প্রকল্পের সেচ ও কৃষি উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখিয়া আসিতেছে। মহিপুর সেচ পরীক্ষা খামারটি রংপুর জেলা শহর হইতে উত্তর দিকে ২০ কিলোমিটার দূরে গঙ্গাচড়া উপজেলাধীন লক্ষ্মীটারী ইউনিয়নে অবস্থিত। তিস্তা নদীর ভাঙ্গনে খামারটির কিয়দংশ নদীতে বিলীন হওয়ায় বর্তমানে খামারটির আয়তন ৯.০০(নয়) একর, যাহা দুইটি বকে বিভক্ত, ১ নং বকে ৬.০০(ছয়) একর জমি ও ২ নং বকে ৩.০০(তিন) একর জমি রহিয়াছে। খামারের ৯.০০ (নয়) একর জমির মধ্যে বর্তমানে ৮.০০ (আট) একর জমিতে খামারের পরীক্ষা নীরিক্ষার আওতায় চাষাবাদ কার্যক্রম পরিচালিত হইতেছে। ২০১৯-২০২০ অর্থবছরে প্রশিক্ষণ খাতে প্রাপ্ত বরাদ্দের তহবিল স্থানান্তর সাপেক্ষে প্রশিক্ষণের মাধ্যমে পরীক্ষামূলক চাষাবাদ কার্যক্রম ও প্রাপ্ত ফলাফল এবং প্রয়োগকৃত চাষাবাদ কলাকৌশল সম্পর্কে প্রকল্প এলাকার ১৮০ জন কৃষকদের মাঝে সম্প্রসারণ/ উদ্বুদ্ধকরণ ও হাতে কলমে শিক্ষা প্রদান করা হয়েছে। প্রদর্শনী প্লট স্থাপন, চাষী সমাবেশ, শস্য কর্তন, সভা, সেমিনার, মাঠ দিবস, লিফলেট ইত্যাদি এবং সর্বপরি বোর্ডের নিজস্ব সম্প্রসারণ উইং এর মাধ্যমে প্রকল্পের চাষীগণের নিকট পৌছানো হইতেছে এবং ২০১৯-২০২০ অর্থবছরে ৪,৯২,৪৯০ টাকা রাজস্ব জমা করা হইয়াছে। প্রকল্পের স্বার্থে বিভিন্ন সময়ে IRRI, BRRI, BARI, BINA, BAU, BJRI, SRDI, DAE ইত্যাদি প্রতিষ্ঠানের সহিত যৌথ সহযোগিতায় অত্র খামার বিভিন্ন পরীক্ষা কার্যক্রম চালাইয়া আসিতেছে। তিস্তা ব্যারেজ সেচ প্রকল্পে বর্তমানে অধিক মাত্রায় রাসায়নিক সার ও কীটনাশক ঔষধের ব্যবহার কমানিয়া নতুন প্রযুক্তিতে ফসলের নিবীড়তা বৃদ্ধি সহ ফলন বৃদ্ধি, উফশী ফসলের আবাদ বৃদ্ধি, সেচ এলাকা বৃদ্ধি ইত্যাদি গবেষণা কার্যক্রম অত্র খামারের মাধ্যমে চালানো হইতেছে।



বাপাউবো, মহিপুর সেচ পরীক্ষা খামার, রংপুরে মাঠ দিবস কার্যক্রম



খরিফ-২ মৌসুমের পরীক্ষামূলক উফশী রোপা আমন ধান শস্য কর্তন কার্যক্রম উপস্থিত প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর মহোদয়, প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা মহোদয়, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপাউবো, পওর সার্কেল-১/২ বাপাউবো, রংপুর মহোদয়, উপ-সচিব, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা, প্রধান কৃষিতত্ত্ববিদ, বাপাউবো, ঢাকা মহোদয়, মুখ্য সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো, রংপুর মহোদয়, অতিরিক্ত পরিচালক (অর্থ পরিদপ্তর), বাপাউবো, ঢাকা মহোদয়, নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, রংপুর, উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো, রংপুর এবং ৭০ জনকৃষক/পানি ব্যবস্থাপনা সংগঠনের প্রতিনিধি।

### পানি বিজ্ঞান (Hydrology) এর আওতাধীন দপ্তরসমূহের কার্যক্রম

পানি সম্পদ সেস্তরের সমন্বিত উন্নয়ন ও ব্যবস্থাপনার জন্য নির্ভরযোগ্য পানি বিজ্ঞান উপাঙ্গের প্রাপ্যতা অপরিহার্য। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রধান প্রকৌশলী পানি বিজ্ঞান এর আওতায় ৪ টি সার্কেল- ভূ-পরিস্থ পানি বিজ্ঞান সার্কেল, গ্রাউণ্ড ওয়াটার হাইড্রোলজি সার্কেল, রিভার মরফোলজি ও গবেষণা সার্কেল এবং প্রসেসিং এণ্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল সমূহের মাধ্যমে সমগ্র দেশব্যাপী পানি বিজ্ঞান নেটওয়ার্কের সাহায্যে সুদীর্ঘ পাঁচ দশকের অধিককাল পানি বিজ্ঞান উপাঙ্গ সংগ্রহের গুরুত্বপূর্ণ দায়িত্ব





পালন করছে। বর্তমানে প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান এর আওতাধীন বিভিন্ন দপ্তর সমূহ সারাদেশ ব্যাপী বিস্তৃত নিম্নবর্ণিত নেটওয়ার্কের মাধ্যমে পানি বিজ্ঞান উপাত্ত সমূহ সংগ্রহ করছে।

ক্রমিক	উপাত্তের নাম	স্টেশন সংখ্যা	মন্তব্য
১.	টাইডাল/ননটাইডাল পানি সমতল	৩৫৬	দিনে ৭ বার-টাইডাল/দিনে ৫ বার- ননটাইডাল
২.	টাইডাল/ননটাইডাল প্রবাহ	১২৪	দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক
৩.	ভূ-পরিস্থ পানির গুণাগুণ	১৮	মাসিক
৪.	লবণাক্ততা	১০০ টি (স্থির) ৬৬ টি (গতিশীল)	দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক
৫.	ঘন প্রবাহ	২	সাপ্তাহিক/পাক্ষিক
৬.	পলি প্রবাহ	২০	সাপ্তাহিক/পাক্ষিক
৭.	বারিপাত	২৭৪	দৈনিক
৮.	আবহাওয়া	৩টি	দৈনিক (১টি বন্ধ)
৯.	বাল্পায়ন	৩৯	দৈনিক
১০.	মরফোলজিক্যাল ক্রস সেকশন	১৯২৮	বাৎসরিক/দ্বি-বাৎসরিক/ত্রি-বাৎসরিক/চতুর্থ- বাৎসরিক/পঞ্চম-বাৎসরিক
১১.	ভূ-গর্ভস্থ পানি সমতল (সাপ্তাহিক)	১২৭২	সাপ্তাহিক
১২.	ভূ-গর্ভস্থ পানি সমতল (দৈনিক)	২০	দৈনিক
১৩.	ভূ-গর্ভস্থ পানির গুণাগুণ বিশ্লেষণ	১১৭	বাৎসরিক
১৪.	একুইফার পাম্প টেস্ট	২	
১৫.	বোরহোল লিথলজি (খননকৃত পরীক্ষণীয় কূপ হতে)	৬	
১৬.	একুইফার অনুসন্ধান	৪	
১৭.	পর্যবেক্ষণ কূপ পুনঃখনন ও উন্নয়ন	২০০	

### ভূ-পরিস্থ পানি বিজ্ঞান সার্কেল

নদী-মাতৃক দেশ আমাদের এই বাংলাদেশ। উত্তরে বিস্তীর্ণ হিমালয় পর্বতমালা এবং দক্ষিণে বঙ্গোপসাগরের মধ্যবর্তী পদ্মা-মেঘনা-যমুনা বাহিত পলল ভূমিতে গড়া আমাদের বাংলাদেশ। এখানে ৪০৫টি ছোট-বড় নদ-নদী সমগ্র দেশটিকে মালার মত জড়িয়ে রেখেছে। নদ-নদীসমূহের মধ্যে বড় তিনটি আন্তর্জাতিক নদী (পদ্মা, মেঘনা ও যমুনা)- সহ মোট ৫৭টি সীমান্ত নদী এবং বাকীগুলো দেশের অভ্যন্তরীণ অববাহিকা ভিত্তিক অথবা প্রধান নদীর শাখা বা উপশাখা হিসেবে বহমান। ৫৭টি সীমান্ত নদীর মধ্যে ৫৪টি বাংলাদেশ-ভারত এবং ৩টি (নাফ, সাদু ও মাতামুগুরী) বাংলাদেশ-মিয়ানমার এর আন্তঃদেশীয় নদী।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পানি বিজ্ঞান সংক্রান্ত তথ্য ও উপাত্ত সংগ্রহ কার্যক্রমের মধ্যে ভূ-পরিস্থ পানি বিজ্ঞান সার্কেলের আওতায় তথ্য ও উপাত্ত সংগ্রহ কার্যক্রম খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ভূ-পরিস্থ পানি বিজ্ঞান সার্কেলের অধীনে মাঠ পর্যায়ে ঢাকা, কুমিল্লা, ফরিদপুর ও পাবনায় অবস্থিত ৪টি পরিমাপ বিভাগের মাধ্যমে ভূ-পরিস্থ পানি বিজ্ঞানের সকল তথ্য ও উপাত্ত সংগ্রহ কার্যক্রম পরিচালনা করা হয়। বিভাগসমূহের আওতায় ১৩টি উপ-বিভাগ এবং ৩৯টি শাখা অফিসের মাধ্যমে উপাত্ত সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করা হয়। উক্ত কার্যক্রমের আওতায় বাংলাদেশের বিভিন্ন নদ-নদীর পানি সমতল, প্রবাহ পরিমাপ, পলল/পলি নমুনা, পানিতে লবণাক্ততার পরিমাণ, বারিপাত, বাল্পায়ন এবং আবহাওয়া-তত্ত্ব বিষয়ক তথ্য ও উপাত্ত সংগ্রহ করা হয়।

২০১৯-২০২০ অর্থ বৎসরে বর্ণিত পরিমাপ বিভাগগুলোর মাধ্যমে সমগ্র দেশব্যাপী বিস্তৃত প্রায় ১৪০টি নদীতে ৩১১টি (হাওড় ও পার্বত্য অঞ্চলসহ) পানি সমতল গেজ স্টেশন, ৮৪টি নদীর ১১২টি প্রবাহ পরিমাপ স্টেশনের মাধ্যমে ২৪৯৯টি প্রবাহ পরিমাপ কাজ, ২০টি পলল/পলি নমুনা সংগ্রহ স্টেশন, ১৮টি পানির গুণাগুণ পরিমাপ স্টেশন, ১০০টি স্থির এবং ৬৬টি গতিশীল স্টেশনের মাধ্যমে পানির লবণাক্ততা পরিমাপ, ২৭৪টি বারিপাত পরিমাপ স্টেশন, ৩৯টি বাল্পায়ন কাম বারিপাত স্টেশন এবং ৩টি (১টি দীর্ঘদিন যাবৎ বন্ধ আছে) আবহাওয়া তত্ত্ব স্টেশনের মাধ্যমে উপাত্ত সংগ্রহ কার্যক্রম বাস্তবায়ন করা হয়।

ইহা ছাড়া গঙ্গা সমীক্ষা জরীপ কাজের আওতায় দক্ষিণ-পশ্চিমাঞ্চলের মধুমতি, নবগঙ্গা ও রূপসা-পশুর নদীতে ৩টি স্টেশনে নভেম্বর হইতে জুন পর্যন্ত ৮ মাস প্রতি মাসে ০২ (দুই) দিন প্রতি ঘন্টা অন্তর (সকাল ৬ঃ০০ ঘটিকা হইতে রাত ৮ঃ০০ ঘটিকা পর্যন্ত) ৩৮টি টাইডাল প্রবাহ পরিমাপ করা হয়। কুমিল্লা ও ফরিদপুর পরিমাপ বিভাগের আওতায় দক্ষিণ-পূর্বাঞ্চল এবং দক্ষিণ-পশ্চিমাঞ্চলের নদীসমূহের ১০০টি স্থির স্টেশনের মাধ্যমে নভেম্বর হইতে জুন পর্যন্ত ৮ মাস, প্রতিমাসে ০৪ (চার) দিন, দিনে ০২ বার এবং ফরিদপুর পরিমাপ বিভাগের আওতায় ৬৬টি গতিশীল স্টেশনে (বরদিয়া থেকে খুলনার হিরন পয়েন্ট পর্যন্ত) জানুয়ারি

মাসে লবণাক্ততা পরিমাপ করা হয়। শুষ্ক মৌসুমে যৌথ নদী কমিশনের চাহিদানুযায়ী গঙ্গা নদীতে হার্ডিঞ্জ ব্রিজ পয়েন্টে ৬ মাস ও তিস্তা নদীর ডালিয়াতে ৮ মাস দৈনিক প্রবাহ পরিমাপ উপাত্ত সংগ্রহ করা হয়। গঙ্গা নদীর হার্ডিঞ্জ ব্রিজ পয়েন্টে বাংলাদেশ-ভারত যৌথ পর্যবেক্ষণ কমিটি কর্তৃক জানুয়ারি হইতে মে পর্যন্ত ৫ মাস যৌথভাবে প্রবাহ পরিমাপ করা হয়।

ভূ-পরিষ্ক পানি বিজ্ঞান সার্কেলের আওতাধীন মোট ৩৫৬টি (হাওড় ও পার্বত্য অঞ্চলসহ) পানি সমতল স্টেশনের মধ্যে ১০১টি পানি সমতল স্টেশনে সকাল ৬ঃ০০ ঘটিকা হইতে বিকাল ৬ঃ০০ ঘটিকা পর্যন্ত মোট ৫ (পাঁচ) বারের সংগৃহীত উপাত্ত দৈনিক ০২ (দুই) বার (সকাল ৯ঃ০০ ঘটিকা ও বিকাল ৩ঃ০০ ঘটিকা) এবং ৭২টি বারিপাত স্টেশনের ২৪ ঘন্টায় বারিপাতের পরিমাণ সকাল ৯ঃ০০ ঘটিকার সময় বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রে প্রেরণ করতে হয়। উক্ত কার্যক্রম রাষ্ট্রীয় গুরুত্ব বহন করে বিধায় বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রে সঠিকভাবে বন্যা তথ্য ও উপাত্ত প্রেরণের বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে মনিটরিং করতে হয়।

এক নজরে ভূ-পরিষ্ক পানি বিজ্ঞান সার্কেলের আওতায় তথ্য উপাত্ত সংগ্রহের নেটওয়ার্ক

ক্রমিক নং	উপাত্তের নাম	স্টেশন সংখ্যা	মন্তব্য
১।	পানি সমতল (Water Level)	৩৫৬	দিনে ৭ বার-টাইডাল/দিনে ৫ বার- ননটাইডাল
২।	প্রবাহ (Discharge)	১২৪	দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক
৩।	ভূ-পরিষ্ক পানির গুণাগুণ (Quality)	১৮	মাসিক
৪।	লবণাক্ততা (Salinity)	১০০ টি(স্থির) ৬৬ টি (গতিশীল)	দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক
৫।	বারিপাত (Rainfall)	২৭৪	দৈনিক
৬।	আবহাওয়া (Metrological)	৩টি (১টি বন্ধ আছে)	দৈনিক
৭।	বাপ্পায়ন (Evaporation)	৩৯	দৈনিক
৮।	পলল/পলি নমুনা সংগ্রহ (Float Sediment)	২০	সাপ্তাহিক / পাক্ষিক

#### ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তরের মাধ্যমে সুদীর্ঘ পাঁচ দশকেরও বেশী সময় ধরে ভূ-গর্ভস্থ পানির অনুসন্ধান, সমীক্ষা ও পর্যবেক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে। ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তরের রয়েছে দেশব্যাপী পর্যবেক্ষণ নেটওয়ার্ক। দেশব্যাপী ১২৭২ টি পর্যবেক্ষণ কূপের সমন্বয়ে গড়ে উঠা নেটওয়ার্ক থেকে ভূ-গর্ভস্থ পানি সমতল উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়। প্রায় পাঁচ দশকেরও বেশী সময় ধরে উক্ত পর্যবেক্ষণ কূপসমূহ হতে উপাত্ত সংগ্রহ করা হচ্ছে। এছাড়াও প্রকল্পের আওতায় নতুন পর্যবেক্ষণ কূপ স্থাপন করে নিয়মিত ভূ-গর্ভস্থ পানি সমতল পর্যবেক্ষণ নেটওয়ার্ক এর অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করা হয়। তদুপরি ১১৫ টি পর্যবেক্ষণ কূপের মাধ্যমে ভূ-গর্ভস্থ পানির নমুনা সংগ্রহ করতঃ ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তরের ল্যাবরেটরিতে রাসায়নিক মান (আর্সেনিকের পরিমাণ, লবণাক্ততা ইত্যাদি) নির্ণয় করা হয়। ভূ-গর্ভস্থ পানি স্তরসমূহের পানি ধারণ ও পরিবাহী গুণাগুণ নির্ণয়ের জন্য Aquifer Pump Test ও Slug Test সহ বিভিন্ন সমীক্ষা কার্যক্রমও পরিচালনা করা হয়েছে।

বাংলাদেশে ভূ-গর্ভস্থ পানির ক্রমবর্ধমান উত্তোলন ও চাহিদার প্রেক্ষিতে পরিবেশ, আর্থ-সামাজিক ও বিজ্ঞান সম্মত ব্যবহারের বিষয়সমূহ বিবেচনা করতঃ পানিসম্পদের সম্পূরক (Conjunctive) উন্নয়নে সমীক্ষা, পরিকল্পনা ও ব্যবস্থাপনা গ্রহণ জরুরী। ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তরের আওতায় দেশব্যাপী স্থাপিত পর্যবেক্ষণ নেটওয়ার্ক হতে প্রাপ্ত তথ্য ও উপাত্ত পানীয়, গৃহস্থালী, শিল্প-কারখানা ও কৃষিজ সেচকাজে ভূ-গর্ভস্থ পানির যথাযথ, সম্পূরক ও টেকসই ব্যবহার এবং ব্যবস্থাপনায় অধিকতর গুরুত্বের সাথে কাজে লাগানো যেতে পারে। সময়ের চাহিদা অনুযায়ী বিদ্যমান নেটওয়ার্কের সম্প্রসারণ এবং প্রাতিষ্ঠানিক ও আইনগত কাঠামোর উন্নয়ন বিবেচনায় ২০১১-২০১২ সালে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর অর্থায়নে উপকূলীয় ১৯টি জেলায় সর্বোচ্চ ৩৫০ মিটার পর্যন্ত বিভিন্ন গভীরতায় ৬৭৪ টি পর্যবেক্ষণ কূপ এবং বোর্ডের Bangladesh Weather and Climate Services Regional Project (BWCSRP), কম্পোনেন্ট-বি: Strengthening Hydrological Information Services and Early Warning Systems (SHEWS) প্রকল্পের আওতায় ২০১৮-২০১৯ সালে দেশব্যাপী ৬৯টি স্থানে সর্বোচ্চ ৩০০ মিটার গভীরতা পর্যন্ত Clustered Well (প্রতিটি স্থানে ৪টি করে কূপ) স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। উক্ত ৬৯টি স্থানসহ ৯০৫টি পর্যবেক্ষণ কূপে ডাটা লগার এবং টেলিমেট্রি স্থাপন করতঃ স্বয়ংক্রিয় পদ্ধতিতে ভূ-গর্ভস্থ পানির উপাত্ত সংগ্রহের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। এ ছাড়াও বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর অর্থায়নে স্থাপিত সকল কূপ হতে স্থায়ীভাবে উপাত্ত সংগ্রহের প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে। ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তরের আওতায় পানির গুণাগুণ পরীক্ষার জন্য ইতোমধ্যে স্থাপিত ল্যাবরেটরীকে আরও কার্যকরী ও আধুনিক করার লক্ষ্যে BWCSRP, কম্পোনেন্ট-বি:





SHEWS প্রকল্পের মাধ্যমে একটি Ion-Chromatography সহ মাঠ পর্যায়ে ব্যবহারের জন্য বিভিন্ন যন্ত্রপাতি ও সরঞ্জাম সংগ্রহ করা হয়েছে।



ছবি ১: বাংলাদেশের বিভিন্ন স্থানে স্থাপিত ৫০ বৎসরেরও অধিক পুরাতন পর্যবেক্ষণ কূপ এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর অর্থায়নে ও BWCSR, কম্পোনেন্ট-বি: SHEWS প্রকল্পের আওতায় স্থাপিত পর্যবেক্ষণ কূপ (Clustered Well) এর নমুনা। দেশব্যাপী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২২২২ টি পর্যবেক্ষণ কূপ বিদ্যমান থাকলেও বর্তমানে পুরাতন ও অগভীর ১২৭২ টি কূপ হতে উপাত্ত সংগ্রহ করা হচ্ছে। তবে, ২২২২ টি পর্যবেক্ষণ কূপের মধ্যে ৯০৫টি পর্যবেক্ষণ কূপে ডাটা লগার ও টেলিমেট্রি স্থাপন করতঃ স্বয়ংক্রিয় পদ্ধতিতে ভূ-গর্ভস্থ পানির উপাত্ত সংগ্রহের কাজ চলমান রয়েছে এবং অবশিষ্ট কূপসমূহ হতেও স্থায়ীভাবে উপাত্ত সংগ্রহের প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে।

ভূ-গর্ভস্থ পানি সম্পদের অনুসন্ধান, উন্নয়ন, সমীক্ষা ইত্যাদি কার্যক্রমের পাশাপাশি পানি উন্নয়ন বোর্ডের বিবিধ দপ্তরের আওতাধীনে গৃহীত হাইড্রোলিক/ইঞ্জিনিয়ারিং স্ট্রাকচার নির্মাণ সংক্রান্ত কার্যক্রমের অংশ হিসেবে ভূ-গর্ভস্থ মৃত্তিকা অনুসন্ধান কার্যক্রম এ পরিদপ্তর কর্তৃক পরিচালিত হয়। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বহির্ভূত জাতীয় উন্নয়ন কর্মকাণ্ডে নিয়োজিত বিবিধ প্রতিষ্ঠানকেও ডিপোজিট কার্যক্রমের আওতায় এ পরিদপ্তর প্রয়োজনীয় সেবা ও সহায়তা প্রদান করে থাকে।

ছক ১: ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তরের ২০১৯-২০২০ অর্থ বছরে পানিতত্ত্ব বিষয়ক জরীপ ও অনুসন্ধানের আওতায় সম্পাদিত কর্মকাণ্ডের তালিকা:

ক্রমিক নং	উপাণ্ডের নাম ও স্টেশন	স্টেশন সংখ্যা
১	ভূ-গর্ভস্থ পানি সমতল (সাপ্তাহিক)	১২৭২
২	ভূ-গর্ভস্থ পানি সমতল (দৈনিক)	২০
৩	একুইফার পাম্প টেস্ট	২
৪	বোরহোল লিথলজি (খননকৃত পরীক্ষণীয় কূপ হতে)	৬
৫	একুইফার অনুসন্ধান	৪
৬	পর্যবেক্ষণ কূপ পুনঃখনন ও উন্নয়ন	২০০

ছক ২: ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তরের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে বানিজ্যিক খনন কাজ ও বানিজ্যিক খনন কাজ (ডিপোজিট) এর আওতায় সম্পাদিত কর্মকাণ্ডের তালিকা:

নং	কাজের নাম	প্রাপ্ত চাহিদাপত্র	সম্পাদিত কাজের পরিমাণ
১	ভূ-কারিগরি সমীক্ষা (সাব-সয়েল খনন কাজ)	২৬ টি (বাপাউবো'র মাঠ পর্যায়ের দপ্তর হতে)	২০২২৪ ফুট

### রিভার মরফলজি এণ্ড রিসার্চ সার্কেল

রিভার মরফলজি এন্ড রিসার্চ সার্কেলের অধীনে কুষ্টিয়া ও ময়মনসিংহ মরফলজি বিভাগ এবং ঢাকা ম্যাপিং সেল (বিভাগ) কর্তৃক দেশব্যাপী বর্তমানে বিদ্যমান মোট ৪০৫ টি নদীর মধ্যে প্রধান প্রধান এবং ঢাকার চতুর্দিকের সকল নদীসহ গুরুত্বপূর্ণ ১৭০টি নদীর ১৯২৮টি ক্রস সেকশনে পর্যায়ক্রমে ব্যাথিমিট্রিক সার্ভে (প্রস্থচ্ছেদ জরীপ) সম্পন্ন করা হয়ে থাকে। প্রতি বছর ১১ টি নদী, দুই বছর পর পর ১৭টি নদী, তিন বছর পর পর ৪২টি নদী, চার বছর পর পর ৪১টি নদী এবং পাঁচ বছর পর পর ৫৯টি নদীর প্রস্থচ্ছেদ জরীপ করা হয়। নদীর প্রস্থচ্ছেদ জরীপের মাধ্যমে বাংলাদেশের প্রধান প্রধান নদ-নদীর ইরোশন/ডিপোজিশন, নদীর ব্যাস্ক লাইন শিফটিং ও নদীর থলওয়েগ ও গতিপথ নির্ণয়ক উপাত্ত সংগ্রহ করা হয়। এ সকল জরীপ উপাত্তসমূহ জিওরেফারেন্সিং, ভেলিডেশন, কোয়ালিটি কন্ট্রোল, সংরক্ষণ এবং ডিজাইন, প্ল্যানিং ও রিসার্চ এর চাহিদা মোতাবেক সরবরাহের জন্য প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বাপাউবো, ৭২, গ্রীনরোড, ঢাকায় প্রেরণ করা হয়। রিভার মরফলজি এন্ড রিসার্চ সার্কেলের অধীন তিনটি বিভাগ কর্তৃক ২০১৯-২০২০ অর্থ বছরে মোট ৪০টি নদীর ৭৪৭টি প্রস্থচ্ছেদ জরীপ কাজ সম্পন্ন করা হয়েছে।

এক নজরে অত্র সার্কেলের কার্যক্রমঃ

ক্রঃ নং	দপ্তরের নাম	মোট নদ-নদীর সংখ্যা	বছর অনুযায়ী নদ-নদীর সংখ্যা					মোট ক্রস সেকশন	২০১৯-২০২০ অর্থ বছরে সম্পাদিত নদ-নদী জরীপ কাজে ক্রস সেকশনের সংখ্যা
			প্রতি বৎসর	দুই বছর পর পর	তিন বছর পর পর	চার বছর পর পর	পাঁচ বছর পর পর		
১	ম্যাপিং সেল (বিভাগ), বাপাউবো, ঢাকা।	৪৬	০৬	০৩	১০	১২	১৫	৪৫৬	১৮৩
২	মরফলজি বিভাগ, বাপাউবো, কুষ্টিয়া	৬৫	০২	০৬	২৩	১২	২২	৭২২	২৭১
৩	মরফলজি বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ	৫৯	০৩	০৮	০৯	১৭	২২	৭৫০	২৯৩
সর্বমোট		১৭০	১১	১৭	৪২	৪১	৫৯	১৯২৮	৭৪৭

২০১৯-২০২০ অর্থ বছরের গৃহীত কার্যক্রম

ক্রঃ নং	বিভাগের নাম	নদীর সংখ্যা	প্যাকেজ সংখ্যা	ক্রস সেকশনের সংখ্যা	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)	মোট ব্যয় (লক্ষ টাকায়)	মন্তব্য
১	ম্যাপিং সেল (বিভাগ), বাপাউবো, ঢাকা।	১১টি	১১টি	১৮৩	৮৫.০০	৮৪.৬৬	
২	মরফলজি বিভাগ, বাপাউবো, কুষ্টিয়া।	১৮টি	১৬টি	২৭১	৯৭.৯৫	৯৬.৯৮	
৩	মরফলজি বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ।	১১টি	১৮টি	২৯৩	১২২.০০	১২১.৯৭	
সর্বমোট		৪০টি	৪৫টি	৭৪৭টি	৩০৪.৯৫	৩০৩.৬১	


### প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল

প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেলের অধীনে সারফেস ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ, রিভার মরফোলজি প্রসেসিং ব্রাঞ্চ, গ্রাউন্ড ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র এবং নির্মাণ ও যন্ত্রায়ন বিভাগ নামের পাঁচটি দপ্তর রয়েছে।

### অত্র সার্কেলধীন ম্যানেজমেন্ট এন্ড সার্ভিসেস ব্রাঞ্চ এর কার্যক্রমঃ

পানি বিজ্ঞান সংশ্লিষ্ট তথ্য উপাত্ত সমূহ সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, সঠিকতা যাচাই করণ সহ অন্যান্য কার্যাবলী সম্পন্ন করার জন্য প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, ২০১৯-২০২০ অর্থ বছরের নিম্নবর্ণিত কার্যাবলী সম্পন্ন করেছে:

১. Data application Serverঃ হাইড্রোলজিক্যাল, বাপাউবো কর্তৃক সংগৃহীত সকল তথ্য-উপাত্ত সমূহ এই server এ যথাযথ সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, সঠিকতা যাচাই করণ করা হয়েছে।
২. Data Application Serverঃ প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বাপাউবো, গ্রীন রোড, ঢাকা এর আওতাধীন তিনটি ব্রাঞ্চ (১) সারফেস ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ, (২) রিভার মরফোলজী প্রসেসিং ব্রাঞ্চ এবং (৩) গ্রাউন্ড ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ এর সকল পানি বিজ্ঞানের উপাত্ত সমূহ Application Server Software এর মাধ্যমে ম্যানুয়ালী এন্ট্রি দেওয়া হয়েছে।
৩. Data Backup Serverঃ Data application server এর সকল তথ্য-উপাত্ত সমূহ Backup রাখা হয়েছে।
৪. Web Serverঃ ব্যবহারকারীগণ [www.hydrology.bwdb.gov.bd](http://www.hydrology.bwdb.gov.bd) website visit করে পানি বিজ্ঞান সম্পর্কিত উপাত্ত সমূহ সম্পর্কে সম্যক ধারণা, ডাটার সময় কাল, ডাটার মূল্য ও অন্যান্য বিষয়ে সম্যক ধারণা নিয়ে ম্যানুয়াল পদ্ধতিতে অথবা অন-লাইনের মাধ্যমে আবেদন করতে পারছে।





৫. পানি বিজ্ঞানের উপাত্ত সমূহের ডাটার মূল্য নতুন ভাবে নির্ধারণ করার জন্য বাপাউবোর মহাপরিচালক মহোদয় কেন্দ্রীয়ভাবে মার্চ, ২০২০ তারিখে একটি কমিটি গঠন করে এবং এ সংক্রান্ত কাজের প্রক্রিয়া চলমান।
৬. বর্তমানে হাইড্রোলজি ওয়েব পোর্টাল এর মাধ্যমে অটোমেশন পদ্ধতিতে পানি বিজ্ঞানের উপাত্ত সমূহ গ্রহণ, প্রদান এবং অর্থ আহরনের কাজটি Online Payment Gateway সেবার মাধ্যমে নেওয়ার কাজটি চলমান।
৭. গত ২০১৯-২০ অর্থ বছরে পানি বিজ্ঞান সম্পর্কিত তথ্য-উপাত্ত সমূহ বিভিন্ন সরকারি সংস্থা/প্রকল্প, বেসরকারি সংস্থা, দেশী/বিদেশী প্রকল্প, বিশ্ববিদ্যালয়, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান, উপদেষ্টা প্রতিষ্ঠান, এনজিও (NGO) সহ অন্যান্য প্রতিষ্ঠানকে (আনুমানিক ২০০ প্রতিষ্ঠান) সেবা প্রদান করা হয়েছে। এই সেবা প্রদানের মাধ্যমে বাপাউবোর আনুমানিক ১২ লক্ষ টাকা রাজস্ব আয় হয়েছে।



অত্র সার্কেলের অধীনস্থ নিম্নোক্ত তিনটি প্রসেসিং ব্রাঞ্চার মাধ্যমে ডাটা বিষয়ক কার্যক্রম সম্পাদিত হয়।

#### ক) সারফেস ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ

ভূ-পরিস্থ পানি বিজ্ঞান সার্কেল কর্তৃক সংগৃহীত পানি সমতল, প্রবাহ, ভূ-পরিস্থ পানির গুণাগুণ, লবণাক্ততা, পলি প্রবাহ, বারিপাত, আবহাওয়া এবং বাষ্পায়ন উপাত্ত সমূহের ডাটা সারফেস ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চে প্রেরণ করা হয়। এ দপ্তরের আওতায় সমগ্র বাংলাদেশের পানি সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে সংগৃহীত সকল হাইড্রোলজিকাল তথ্য/উপাত্ত গুলোর যথাযথভাবে গুণগতমান পরীক্ষা/নিরীক্ষা, মিসিং ডাটা নির্ণয়, প্রক্রিয়াজাতকরণ করা হয়। এ সকল উপাত্তসমূহের বিশ্লেষণের ভিত্তিতে বাপাউবোসহ সংশ্লিষ্ট সকল সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান/দপ্তরে উপাত্তসমূহ ব্যবহার উপযোগী করে secondary information প্রস্তুত করা সহ সকল উপাত্ত ডাটাবেজে সংরক্ষণ ও সরবরাহের কাজ করা হয়। চলতি অর্থ বছরে “RAINFALL IN BANGLADESH YEAR: 2017 & 2018” শিরোনামে একটি প্রতিবেদন প্রণয়ন করা হয়, যাহা বাপাউবোর বিভিন্ন দপ্তরে প্রেরণসহ ডিজিটাল আর্কাইভে সংরক্ষিত আছে।

#### খ) গ্রাউন্ড ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ

ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান সার্কেল কর্তৃক সংগৃহীত ভূ-গর্ভস্থ পানি সমতল (সাপ্তাহিক), ভূ-গর্ভস্থ পানি সমতল (দৈনিক), ভূ-গর্ভস্থ পানির গুণাগুণ (শুষ্ক ও বর্ষা মৌসুমে), একুইফার বৈশিষ্ট্য, বোরহোল লিথলজি উপাত্ত সমূহের ডাটা গ্রাউন্ড ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চে প্রেরণ করা হয়। পানি সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে সংগৃহীত সকল ভূ-গর্ভস্থ পানির তথ্য/উপাত্ত-এর যথাযথভাবে গুণগতমান পরীক্ষা/নিরীক্ষা, মিসিং ডাটা নির্ণয়, প্রক্রিয়াজাতকরণ করা হয়। এ সকল উপাত্তসমূহের বিশ্লেষণের ভিত্তিতে বাপাউবোসহ সংশ্লিষ্ট সকল সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান/দপ্তরে উপাত্তসমূহ ব্যবহার উপযোগী করে secondary information প্রস্তুত করা সহ সকল উপাত্ত ডাটাবেজে সংরক্ষণ ও সরবরাহের কাজ করা হয়। চলতি অর্থ বছরে “Ground Water Table Hydrograph of 38 districts for the year 2008 to 2018” শিরোনামে একটি প্রতিবেদন প্রণয়ন করা হয়, যাহা বাপাউবোর বিভিন্ন দপ্তরে প্রেরণসহ ডিজিটাল আর্কাইভে সংরক্ষিত আছে।

#### গ) রিভার মরফলজি প্রসেসিং ব্রাঞ্চ

রিভার মরফলজি এন্ড রিসার্চ সার্কেল কর্তৃক সংগৃহীত মরফলজিক্যাল ট্রাস সেকশন (Bathymetric Survey) উপাত্ত এর ডাটা রিভার মরফলজি প্রসেসিং ব্রাঞ্চে প্রেরণ করা হয়। এ দপ্তরের আওতায় সমগ্র বাংলাদেশের পানি সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে সংগ্রহকৃত উক্ত হাইড্রোলজিকাল তথ্য/উপাত্ত এর যথাযথভাবে গুণগতমান পরীক্ষা/নিরীক্ষা, মিসিং ডাটা নির্ণয়, প্রক্রিয়াজাতকরণ করা হয়। এ সকল উপাত্তসমূহের বিশ্লেষণের ভিত্তিতে বাপাউবোসহ সংশ্লিষ্ট সকল সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান/দপ্তরে উপাত্তসমূহ ব্যবহার উপযোগী করে secondary information প্রস্তুত করা সহ সকল উপাত্ত ডাটাবেজে সংরক্ষণ ও সরবরাহের কাজ করা হয়।

বিভিন্ন প্রকল্প প্রণয়নের জন্য এ সকল তথ্য উপাত্তের ভিত্তিতে বিভিন্ন প্রতিবেদন প্রস্তুত করা হয়। বর্তমানে বৈশ্বিক জলবায়ু ও আবহাওয়া পরিবর্তন সংশ্লিষ্ট উপাত্ত যথাযথভাবে প্রক্রিয়াকরণ অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। এ সকল তথ্য বিভিন্ন সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান তাদের প্রকল্পের কাজ/দেশের উন্নয়নমূলক কাজে অথবা বাণিজ্যিক কাজে ব্যবহার করে থাকে এবং দেশী বিদেশী অনেক সংস্থা, গবেষণামূলক কাজে এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান তাদের শিক্ষামূলক কাজে উক্ত তথ্য/উপাত্ত ব্যবহার করে থাকে। তদুপরি সংগ্রহকৃত সকল তথ্য/উপাত্ত সমূহ দেশের পানি সম্পদ সংক্রান্ত সকল প্রকার উন্নয়নমূলক কর্মকাণ্ড ও বিভিন্ন প্রকল্পের পরিকল্পনা ও নকশা প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।



### নির্মান ও যন্ত্রায়ন বিভাগ, বাপাউবো, ঢাকা দপ্তরের ২০১৯-২০২০ অর্থ বছরে বিভিন্ন কার্যক্রম

১. কারেন্ট মিটার রেটিং ল্যাব কর্তৃক ৩৬ টি কারেন্ট মিটার এর সার্ভিসিং এবং রেটিং করণ এবং ২টি কারেন্ট মিটার মেরামত।
২. বিভিন্ন সাইজের ১৮৫ টি কাঠের এবং ১৪০ টি প্লাস্টিকের ওয়াটার লেভেল স্টাফ গেজ ক্রয় এবং সরবরাহ।
৩. ৮০ টি রেইনগেজ ক্রয় এবং সরবরাহ।
৪. ২০ টি অটো লেভেল মেশিন, ৪৪ টি লেভেলিং স্টাফ, ২৪ টি হ্যান্ড জিপিএস এবং ২১ টি ডিজিটাল ব্যালাস ক্রয় এবং সরবরাহ।
৫. বিভিন্ন ওজনের ২১ টি কারেন্ট মিটার এর কাউন্টার ওয়েট এবং ২০ টি কারেন্ট মিটার এর সিগনাল কাউন্টার তৈরী ও সরবরাহ।
৬. ক্যাটামারান সার্ভে বোট এর জন্য ২ টি আউটবোর্ড মোটর ক্রয় ও সরবরাহ এবং ৩ টি ক্যাটামারান সার্ভে বোট মেরামত।
৭. পানি বিজ্ঞান এর ডেটা সেন্টার এর জন্য এর বিভিন্ন হার্ডওয়্যার এবং সফটওয়্যার সরবরাহ।

### বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের কার্যক্রম

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র (FFWC) বন্যা বিষয়ক জাতীয় ফোকাল পয়েন্ট হিসেবে নিয়োজিত। প্রতি বছর বর্ষা মৌসুমে (মে-অক্টোবর) ‘বন্যা তথ্য কেন্দ্র’ সাপ্তাহিক এবং সকল ছুটির দিনসহ প্রতিদিন খোলা থাকে এবং দেশের অভ্যন্তর ও উজানের বৃষ্টিপাত, নদ-নদী সমূহের পানি সমতল বুলেটিন আকারে প্রকাশসহ গাণিতিক মডেল ভিত্তিক বন্যা পূর্বাভাস প্রণয়ন ও প্রচার করে থাকে।

গাণিতিক মডেল ভিত্তিক নির্ভরযোগ্য বন্যা পূর্বাভাস প্রতিবেদন প্রণয়নপূর্বক টেলিফোন, ফ্যাক্স, লবি ডিসপেন্স, ই-মেইল, SMS, ভয়েস মেসেজ, বাংলা ও ইংরেজীতে ওয়েব সাইট ([www.ffwc.gov.bd](http://www.ffwc.gov.bd)), Interactive Voice Response (IVR) পদ্ধতি ব্যবহার করে মোবাইল ফোন (১০৯০ নাম্বারে কল করে ৫ চেপে বিনামূল্যে বাংলায় বন্যা বার্তা শোনা যায়) ইত্যাদির মাধ্যমে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান, প্রচার মাধ্যম, NGO, উন্নয়ন সহযোগী, স্থানীয় প্রশাসন, জেলা-উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ইত্যাদি পর্যায়ে নিয়মিত বিতরণ/প্রেরণ করা হয়।

উন্নত প্রযুক্তি ব্যবহার করে বর্তমানে ২৯টি প্রধান নদ-নদীর ৫৪টি স্থানে সুনির্দিষ্ট তথ্যভিত্তিক ৫ (পাঁচ) দিনের আগাম পূর্বাভাস ও সতর্কবার্তা প্রণয়ন করা হচ্ছে। স্টেশনভিত্তিক বন্যা পূর্বাভাস ব্যবস্থার পাশাপাশি ৫ দিনের বন্যা পূর্বাভাসের পানি সমতল পূর্বাভাস প্রোফাইল নির্ণয়পূর্বক চারটি গুরুত্বপূর্ণ বাঁধ এবং সড়কের দৈর্ঘ্য বরাবর স্থাপনাভিত্তিক বন্যা পূর্বাভাস ব্যবস্থাও চালু রয়েছে।


২০০৫-০৭ খ্রিঃ মেয়াদে আন্তর্জাতিক দাতা সংস্থা USAID-র সহায়তায় ১৮টি স্থানে গাণিতিক মডেলভিত্তিক ১০ দিনের সম্ভাব্যতা মূলক আগাম বন্যা পূর্বাভাস

পরীক্ষামূলকভাবে চালু করা হয় এবং ২০১৪ খ্রিঃ হতে আঞ্চলিক দুর্যোগ সতর্কীকরণ সহযোগিতা সংস্থা RIMES-এর কারিগরী সহায়তায় এ পদ্ধতি ৩৮টি স্থানে সম্প্রসারণ করা হয়, যা বর্তমান অবধি একটি মধ্যমেয়াদী বন্যা পূর্বাভাস ব্যবস্থা হিসেবে সক্রিয় আছে। ১০ দিনের সম্ভাব্যতামূলক আগাম বন্যা পূর্বাভাস ১৫ দিনে উন্নীত করার বিষয়ে গবেষণা চলমান রয়েছে। এছাড়া RIMES-এর কারিগরী সহায়তায় আগামীতে শুষ্ক মৌসুমে খরা পর্যবেক্ষণ ব্যবস্থা চালু করার উদ্যোগ পরিকল্পনাধীন রয়েছে।


জুন/২০১৫ হতে ভয়েস কলের পরিবর্তে মোবাইল ফোনে SMS ভিত্তিক ডিজিটাল তথ্য আদান-প্রদান ব্যবস্থা প্রচলন করা হয়েছে। এ পদ্ধতিতে গেজ পয়েন্ট হতে গেজ পাঠকগণ নির্দিষ্ট ফরমেটে SMS করে FFWC-তে নিয়মিত তথ্য প্রেরণ করেন এবং বন্যা তথ্য আদান-প্রদানে ডিজিটাল পদ্ধতি চালু হওয়ায় ভুল কম হচ্ছে, সময় কম লাগছে, খরচ হ্রাস পেয়েছে এবং সর্বোপরি তথ্য ব্যবস্থাপনায় দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি পেয়েছে।





বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র ওয়েবসাইটের ([www.ffwc.gov.bd](http://www.ffwc.gov.bd)) হোম পেজ (মানচিত্রে পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশনসমূহ প্রদর্শিত হচ্ছে)



৫ দিনের বন্যা পূর্বাভাসের পানিসমতল লেখচিত্র  
স্টেশন: যমুনা নদীর সিরাজগঞ্জ পয়েন্ট



মাঠ পর্যায় হতে গেজ পাঠক কর্তৃক SMS-এর মাধ্যমে তথ্য-উপাত্ত সংগ্রহ এবং কম্পিউটারে সংক্রিয় ভাবে উপাত্ত সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ সফটওয়্যার দেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকায় এপ্রিল-মে মাসের আকস্মিক বন্যা পূর্বাভাস প্রদান করার লক্ষ্যে আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী/দাতা সংস্থা IFAD এর অনুদান সহায়তাপুষ্ট স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) অধীনে বাস্তবায়নাধীন 'Haor Infrastructure Livelihood Improvement Project (HILIP)' প্রকল্পের 'Climate Adaptation and Livelihood Protection (CALIP) component এর আওতায় 'Development of Early Warning System of Flash Flood in the North Eastern Region of Bangladesh' শীর্ষক গবেষণা কার্যক্রম জুন, ২০২০ এ সমাপ্ত হয়েছে। বর্তমানে উত্তর-পূর্বাঞ্চলের প্রধান নদ-নদীসমূহের মোট ২৬ টি স্থানে ৩(তিন) দিনের সুনির্দিষ্ট তথ্য ভিত্তিক আকস্মিক বন্যা পূর্বাভাস ব্যবস্থা সক্রিয় রয়েছে যা প্রচারের সুবিধার্থে একটি পৃথক ওয়েবভিত্তিক ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে।




আকস্মিক বন্যা পূর্বাভাস প্রদান করার জন্য ওয়েবভিত্তিক ব্যবস্থা  
(<http://geo.iwmbd.com:2000/flashflood/>)

৩ দিনের আকস্মিক বন্যা পূর্বাভাসের পানিসমতল লেখচিত্র  
স্টেশন: সোমেশ্বরী নদীর দুর্গাপুর পয়েন্ট


বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সরবরাহকৃত তথ্য ও সার্বিক দিক-নির্দেশনায় যুক্তরাষ্ট্র ভিত্তিক University of Washington (UW) এ কর্মরত প্রফেসর ডঃ ফয়সাল হোসেনের নেতৃত্বে একটি গবেষণা দল বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলের জন্য একটি আকস্মিক বন্যা পূর্বাভাস ব্যবস্থা তৈরি করেছে যা ৩ দিনের আগাম আকস্মিক বন্যা পূর্বাভাস দিয়ে থাকে। উক্ত আগাম পূর্বাভাসটি <http://depts.washington.edu/saswe/flashflood> ওয়েবসাইটে প্রচার করা হচ্ছে। ২০২০ সালের আকস্মিক বন্যা মৌসুমে ওয়াশিংটন ভিত্তিক আকস্মিক বন্যা পূর্বাভাস মডেলের তথ্য ব্যবহার করা হয়েছে এবং বাস্তবিক তথ্যের প্রেক্ষিতে ওয়াশিংটন ভিত্তিক আকস্মিক বন্যা পূর্বাভাস মডেলের পূর্বাভাসের সঠিকতা যাচাই করা হচ্ছে।

ওয়াশিংটন ভিত্তিক আকস্মিক বন্যা পূর্বাভাস মডেলের সুবিধা- গাণিতিকভাবে কার্যকর, তুলনামূলক পূর্বাভাস, উজানের তথ্যের উপর নির্ভরশীল নয়, সরল ওয়েবসাইট ইত্যাদি।




চিত্রঃ যুক্তরাষ্ট্র ভিত্তিক University of Washington এর আকস্মিক বন্যার পূর্বাভাস ওয়েব সাইট





বন্যা পূর্বাভাস বার্তা তৃণমূল পর্যায়ে সুচারুভাবে পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে এপ্রিল, ২০১৮ হতে আঞ্চলিক সহযোগিতা সংস্থা ICIMOD এর সহায়তায় অ্যান্ড্রয়েড অপারেটিং সিস্টেমভিত্তিক BWDB Flood App নামক একটি মোবাইল অ্যাপ পরিষেবা চালু করা হয়েছে। অ্যাপটি Google Play Store থেকে বিনামূল্যে Download করা যাবে। এটি মূলতঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র ওয়েবসাইটের একটি মোবাইল ফোন বান্ধব সংস্করণ যার সাহায্যে যে কোনো অ্যান্ড্রয়েডভিত্তিক মোবাইল ফোন গ্রাহক কেবল একটি ইন্টারনেট সংযোগের মাধ্যমে অতি সহজে বন্যা পূর্বাভাস বার্তা এবং চিত্রসমূহ তার ফোনে পেয়ে যাবেন।

BWDB Flood App এর ডাউনলোড পেজ, ড্যাশবোর্ড এবং স্টেশন মানচিত্র (বাম থেকে ডান) মাধ্যমে নিখুঁততর স্থানভিত্তিক প্লাবন মানচিত্রে রূপ দেওয়ার উদ্দেশ্য নিয়ে ইন্টারনেটভিত্তিক জনপ্রিয় Search Engine সংস্থা Google ২০১৯ সালের মার্চ মাসে বাপাউবোর সাথে একটি সমঝোতা স্মারক চুক্তি করে। চুক্তির আওতায় Google বাপাউবোর বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র দপ্তরের নদ-নদীর পানি সমতল তথ্য ও পূর্বাভাসকৃত তথ্য ব্যবহার করে নিজস্ব ওয়েবভিত্তিক মডেল এবং উন্নততর Digital Elevation Map (DEM) এর মাধ্যমে Real time বন্যা প্লাবন মানচিত্র প্রস্তুত করা এবং Google Alert Service এর মাধ্যমে জনসাধারণের নিকট পৌঁছে দেয়ার পদ্ধতি উদ্ভাবন করেছে। বর্তমানে এই ওয়েবভিত্তিক সেবা চলমান আছে। প্রাথমিকভাবে ২০২০ বন্যা মৌসুমের জন্য পাইলটভিত্তিতে বগুড়া ও সিরাজগঞ্জ জেলার প্লাবন মানচিত্র প্রণয়ন ব্যবস্থা করার কথা থাকলেও বর্তমানে এই সিস্টেমে বগুড়া ও সিরাজগঞ্জের পাশাপাশি গাইবান্ধা, জামালপুর ও টাংগাইল জেলার কিছু অংশে প্লাবন মানচিত্র প্রদান করা হচ্ছে। এর মাধ্যমে ভবিষ্যতে অধিকতর দক্ষতার সাথে স্থানীয় পর্যায়ে বন্যা দুর্যোগ ব্যবস্থাপনা সম্ভব হবে বলে আশা করা যায়।



Google এর সিরাজগঞ্জের প্লাবন মানচিত্র

### ড্রেজার পরিদপ্তরের কার্যক্রম

নদ-নদীর নাব্যতা রক্ষাকল্পে বৃটিশ আমল হতেই এ উপমহাদেশে (বাংলাদেশ) ড্রেজার ব্যবহৃত হয়ে আসছে। ১৯৪৭ সাল হইতে তৎকালীন সিবি এন্ড আই (Communication Building & Irrigation Dept.) তে এস.ডিফয়ার্জ-২৮ ইঞ্চি ও এস. ডি আলেকজান্ডার-৪১ ইঞ্চি নামের দুইটি ড্রেজার দ্বারা বাংলাদেশ ভূখণ্ডে ড্রেজিং কার্যক্রম শুরু করে। পরবর্তীতে ১৯৫৩ সালে ১৮টি ১২ ইঞ্চি সাকশন ড্রেজার সংগ্রহ করে ড্রেজিং কার্যক্রম পরিচালনা করা হয়। ১৯৫৯ সালে ড্রেজার গুলো সহ সংস্থা টিইপি ওয়াপদা'র (East Pakistan Water & Power Development Authority) নিকট হস্তান্তরিত হয়। উল্লেখ্য, সংস্থা টিইপি ওয়াপদা'র নিকট হস্তান্তরের আগে তৎকালীন পূর্ব পাকিস্তানের বন্যা, সেচ ও পানি নিষ্কাশন মন্ত্রণালয়ের মাধ্যমে আরও ২(দুই)টি ড্রেজার, এস. ডিসাফিনাতুল হাসান-২৪" ও এস. ডিআমিনুল বাহার-৪৩" উক্ত সংস্থার সাথে যুক্ত হয়। বর্তমানে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে সর্বমোট ৩২টি ড্রেজার আছে। তন্মধ্যে তৎকালীণ ড্রেজার পরিদপ্তরের ২৮টি, তিস্তা ব্যারেজ প্রকল্পের ২টি এবং কেজি ডি আরপি এর ২টি। বিগত আওয়ামীলীগ সরকারের সময়কালীন ১৯৯৬-২০০১ মেয়াদে ২০০০ সালে লেদারল্যান্ড সরকারের “Orent Grant” এর আওতায় আধুনিক প্রযুক্তির ইলেকট্রনিক্যালি কন্ট্রোলড ইঞ্জিন সম্বলিত ৫(পাঁচ) টি ১৮ ইঞ্চি ড্রেজার সংগ্রহ করা হয়। সেই সময়ে তৎকালীন নোদারল্যান্ড সরকার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কে ১টি ৬ ইঞ্চি ড্রেজার উপহার হিসাবে প্রদান করেন। পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর নিয়ন্ত্রনে ড্রেজারের



যাবতীয় পরিচালনা হয়ে আসছে। ড্রেজারের আওতাধীন নারায়ণগঞ্জ, মানিকগঞ্জ, ভেড়ামারা, খুলনায় ৫ (পাঁচ) টি পরিচালনা বিভাগের মাধ্যমে দেশের বিভিন্ন অঞ্চলে ড্রেজিং কার্যক্রম পরিচালনা করে থাকে। এছাড়া বাংলাদেশের নৌ-পথের নাব্যতা রক্ষার্থে অভ্যন্তরীণ নৌ-পরিবহন সংস্থা ড্রেজিং কার্যক্রম পরিচালনা করে। বাংলাদেশের স্বাধীনতার পর ১৯৭৪ সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ফরিদপুর জেলায় চন্দনা বারাসিয়া নদী পুনঃখনন কাজের উদ্বোধন করেন। বাংলাদেশের নদ-নদীসমূহের নাব্যতা রক্ষাকল্পে ড্রেজিং এর গুরুত্ব উপলব্ধি করে ১৯৭৫ সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১১টি ড্রেজার ক্রয়ের নির্দেশনা দেন। ১৯৯৮ সালে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নির্দেশে কুষ্টিয়া জেলায় গড়াই নদী পাইলট সেকশনে ড্রেজিং করা হয়। ২০০০-২০০১ অর্থ বৎসরের নেন্দারল্যান্ড এর আর্থিক সহায়তা প্রকিউরমেন্ট অব ড্রেজারস এন্ড এঙ্গিলারি ইকুইপমেন্ট ফর রিভার ড্রেজিং ফর ফ্লাড প্রটেকশন অব বাংলাদেশ প্রকল্পের আওতায় এস.ডি শীতলক্ষ্যা-১৮", এস.ডি ব্রহ্মপুত্র-১৮", এস.ডি মহানন্দা-১৮", এস.ডি নবগঙ্গা-১৮" ও এস.ডি চিত্রা-১৮" ড্রেজার ক্রয় করা হয়।

২য় বার ২০০৯ সালে ক্ষমতায় আসীন হয়ে বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা দেশের ভরাট হওয়া নদ-নদী পুনরুদ্ধার ও নাব্যতা রক্ষাকল্পে ক্যাপিটাল ড্রেজিং কার্যক্রম গ্রহণের নির্দেশনা দেন। মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক গৃহীতব্য/গৃহীত নদী ভাঙ্গন রোধে তীর প্রতিরক্ষা কাজ সম্বলিত প্রকল্প সমূহে একটি নির্দিষ্ট আনুপাতিক হারে নদী ড্রেজিং কার্যক্রম অর্ন্তভুক্ত করণের জন্য অনুশাসন দিয়েছেন, যেন নদীতে জাহাজ ডুবো চর ড্রেজিং এর মাধ্যমে অপসারিত হওয়ার ফলে নদীর প্রবাহ তীরে আঘাত করে নদী ভাঙ্গন পরিস্থিতি সৃষ্টি না করে। ইতোপূর্বে ড্রেজার বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অন্তর্গত স্ব-আয়ে পরিচালিত একটি পরিদপ্তর ছিল। তবে বর্তমানে নিড বেসড সেট আপ অনুমোদিত হওয়ার প্রেক্ষিতে ড্রেজারের জনবলের বেতন-ভাতাদি বোর্ডের সংস্থাপন বাজেট থেকে নির্বাহ করা হচ্ছে। ড্রেজার কর্তৃক ২০১৭-২০১৮ অর্থ বছরে প্রায় ৪৫.০০ কিঃমিঃ দৈর্ঘ্যে ৬৫.০০ লক্ষ ঘনমিটার ড্রেজিং সম্পাদন করা হয়।

ড্রেজার, বাপাউবো এর সম্পাদিত উল্লেখযোগ্য ড্রেজিং কার্যক্রমঃ

১. বাপাউবো এর অধীনে ভেড়ামারাস্থ জিকে পাম্প হাউজের ইনটেক চ্যানেল ড্রেজিং কাজ।
২. বাংলাদেশ-ভারত যৌথ উদ্যোগে ভেড়ামারা বৈদ্যুতিক সাবস্টেশন নির্মাণের জন্য পদ্মা নদী হতে পলি অপসারণ করে পি.জি.সি.বি এর অনুকূলে ভূমি উন্নয়ন কাজ।
৩. বিআইডব্লিউটিএএর আওতাধীন পাটুরিয়া-দৌলতদিয়া, পাটুরিয়া বাঘাবাড়ী ফেরী রুটের নাব্যতা রক্ষার ড্রেজিং কাজ।
৪. সুরমা নদী খননের মাধ্যমে সুনামগঞ্জের দোয়াবা বাজার উপজেলা কমপ্লেক্স এর ভূমি উন্নয়ন কাজ।
৫. বাপাউবো এর আওতাধীন সিরাজগঞ্জ হার্ড পয়েন্ট রক্ষায় নদীতে গতি পথ পরিবর্তনের ড্রেজিং কাজ।
৬. বাপাউবো এর আওতাধীন ক্যাপিটাল পাইলট ড্রেজিং ফর রিভার সিস্টেম অব বাংলাদেশ, সিরাজগঞ্জ এর ড্রেজিং কাজ।
৭. পি.জি.সি.বি এর আওতাধীন সিরাজগঞ্জ ৪৫০ মেঘাওয়াট বিদ্যুৎ কেন্দ্রের ভূমি উন্নয়ন কাজ।
৮. পি.জি.সি.বি এর আওতাধীন ফেঞ্চুগঞ্জ ৯০ মেঘাওয়াট বিদ্যুৎ কেন্দ্রের ভূমি উন্নয়ন কাজ।
৯. পি.জি.সি.বি এর আওতাধীন চাঁদপুর ১৫০ মেঘাওয়াট বিদ্যুৎ কেন্দ্রের ভূমি উন্নয়ন কাজ।
১০. আদমজী ইপিজেড এর ভূমি উন্নয়ন কাজ।
১১. বিআইডব্লিউটিএ এর আওতাধীন ঢাকা শহরের বৃত্তাকার নৌপথ খনন কাজ।
১২. মংলা বন্দরে জেটি সংরক্ষণ ড্রেজিং কাজ, গোয়াল পাড়া পাওয়ার হাউজের সম্মুখে ভৈরব নদী খনন কাজ, মেঘনা সিমেন্ট ফ্যাক্টরী, মংলা সিমেন্ট ফ্যাক্টরী ও সামিট সুরমা গ্যাস কোম্পানির জেটির সম্মুখে ড্রেজিং কাজ এবং কালনী কুশিয়ারা নদী খননের মাধ্যমে ভূমি উন্নয়ন করে দুঃস্থ পুনর্বাসন প্রকল্পের ড্রেজিং কাজ।
১৩. বি.সি.আই.সি এর আওতাধীন যমুনা ফার্টিলাইজার কোম্পানি ও জিয়াফার্টিলাইজার কোম্পানি এর অফটেক চ্যানেল এর ড্রেজিং কাজ।

ড্রেজার, বাপাউবো এর সাম্প্রতিক কার্যক্রমঃ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অন্তর্গত ড্রেজারের অধীনে বর্তমানে মোট ৪১টি (৯টি ২৬", ২টি ২০", ১৬টি ১৮", ১৩টি ১২" এবং ১টি ৬" ডিসচার্জ পাইপডায়ালা) বিভিন্ন ক্ষমতা সম্পন্ন কাটার সাকশন ড্রেজার রয়েছে এবং ওয়ার্ক বোট ২২টি (সচল ২২টি), টাগবোট ১৫টি (সচল ৭টি, মেরামতধীন ৮টি), হাউজবোট ৩২টি (সচল ২১টি, মেরামতধীন ৩টি, মেরামত অযোগ্য ৮টি) রয়েছে। তাছাড়া নারায়ণগঞ্জ ড্রেজার বেইসে একটি বৃহদাকার ওয়ার্কশপ রয়েছে যাহার আধুনিকায়ন প্রয়োজন।

বর্তমানে সচল ও কার্যক্ষম ড্রেজার গুলোর বাৎসরিক ড্রেজিং ক্ষমতা প্রায় ২০৯.৫০ লক্ষ ঘনমিটার। ড্রেজার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর ড্রেজিং কাজ ছাড়াও বোর্ডের অনুমতিক্রমে অন্যান্য সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত ও বেসরকারী প্রতিষ্ঠানের ড্রেজিং কাজ সম্পাদন করে থাকে। ২০১৭-২০১৮ অর্থ বছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের গৃহীত ড্রেজিং প্রকল্প গুলোর মধ্যে ড্রেজার কর্তৃক কুষ্টিয়া জেলাধীন জিকে ইন টেকক্যানেল খনন, কুষ্টিয়া জেলাধীন বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের কুঠিবাড়ী ও পার্শ্ববর্তী এলাকা সংরক্ষণের নিমিত্তে পদ্মা নদী ড্রেজিং, কালনী কুশিয়ারা নদী ব্যবস্থাপনা প্রকল্পের অধীনে ধলেশ্বরী নদী ড্রেজিং (১টি প্যাকেজ), ব্রাহ্মণবাড়িয়া জেলাধীন গুজিয়াকাই খাল খনন, ভৈরব ব্রীজ হতে কুলিয়ারচর পর্যন্ত মেঘনা নদী

ড্রেজিং এবং কুষ্টিয়া জেলাধীন গড়াই নদী পুনরুদ্ধার প্রকল্পের ড্রেজিং কাজ, কালনী কুশিয়ারা নদীব্যবস্থাপনা প্রকল্পের অধীনে ধলেশ্বরী নদী ড্রেজিং (২টি প্যাকেজ), বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার (নিউ ধলেশ্বরী-পুংশী-বংশী-তুরাগ-বুড়িগঙ্গা রিভার সিস্টেম) প্রকল্পের অধীন তুরাগ নদী ড্রেজিং, কিশোরগঞ্জ জেলাধীন হাটুরিয়া খাল ড্রেজিং, হাওড় এলাকায় আগাম বন্যা প্রতিরোধ ও নিষ্কাশন উন্নয়ন প্রকল্পের অধীন রক্তী নদী ড্রেজিং এবং পিরোজপুর জেলাধীন ভাভালিয়া উপজেলার পোনা নদী খনন কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। ড্রেজার কর্তৃক ২০১৮-২০১৯ অর্থ বছরে প্রায় ৩৮.০০ কিঃমিঃ দৈর্ঘ্যে ৫০.০০ লক্ষ ঘনমিটার ড্রেজিং সম্পাদন হয়েছে। বিগত ২০১৯-২০ অর্থ বছরে ড্রেজার, বাপাউবো, নারায়নগঞ্জ/খুলনা প্রায় ১০০.৮০ লক্ষ ঘন মিটার ড্রেজিং সম্পাদন হয়েছে।

বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনার আলোকে বাংলাদেশের নদ-নদীসমূহ খননের মাধ্যমে নদ-নদীর ধারণ ক্ষমতা বৃদ্ধিকল্পে পাইলট ক্যাপিটাল ড্রেজিং প্রকল্পের আওতায় বিভিন্ন মেয়াদে সুষ্ঠু পানিসম্পদ ব্যবস্থাপনা, সেচ ব্যবস্থাপনা উন্নয়ন, মৎস্য সম্পদের উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ, ভূমি পুনরুদ্ধার ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় সরকার নদীমাতৃক বাংলাদেশের নদ-নদী ড্রেজিংকল্পে “Procurement of Dredger & Ancillary Equipment for River Dredging of Bangladesh” শীর্ষক প্রকল্পের অধীন বিভিন্ন সাইজের/ক্ষমতার ২১টি ড্রেজার ও অন্যান্য সহযোগী জলযান/যন্ত্র পানি সংগ্রহের কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে উক্ত প্রকল্পের অধীনে ৭টি ২৬", ২টি ২০" ডিসচার্জ ডায়ার ড্রেজার ক্রয় সম্পন্ন হয়েছে। উল্লেখিত নতুন ৮টি ড্রেজার দ্বারা ড্রেজিং কার্যক্রম অব্যাহত রয়েছে। ১টি ড্রেজার টেস্ট ট্রায়াল সম্পাদন পূর্বক গ্রহণের অপেক্ষায় রয়েছে। ক্যাপিটাল ড্রেজিং শেষ হওয়ার পর নিয়মিত মেইন্টেনেন্স ড্রেজিং (অর্থাৎ নদীর নাব্যতা বজায় রাখার লক্ষ্যে) বাস্তবায়ন করার জন্য উপরোক্ত ড্রেজার ও যন্ত্রপাতি ক্রয় করা হচ্ছে, যা দ্বারা সকল মেইন্টেনেন্স ড্রেজিং সম্পাদিত হবে।

চলমান ড্রেজিং প্রকল্প গুলোর ড্রেজিং কার্যক্রম সফলতার সাথে সম্পন্ন করার লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয় এবং বোর্ডের দিকনির্দেশনা মোতাবেক ড্রেজার এর কর্মকর্তা/কর্মচারীবৃন্দ নিয়মিত বিশেষত দারকিসহ নিরলস প্রচেষ্টা অব্যাহত রেখেছে।

### যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরের কার্যক্রম

২০১৯-২০২০ অর্থ বছরে যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর বিভিন্ন পণ্য বিভাগ কর্তৃক বিভিন্ন খাতে আয়ের বিপরীত ব্যাক দপ্তরে জমা বাবদ প্রাপ্ত অর্থের বিবরণী। নিম্নে ২০১৯-২০২০ অর্থ বছরের আয় ব্যয়ের হিসাব দেয়া হলো :

ক্রমিক নং	খাত	আয় (লক্ষ টাকা)	ব্যয় (লক্ষ টাকা)
১।	যন্ত্রপাতি ভাড়া বাবদ প্রাপ্তি	২৫৩.৭০	০.০০
২।	জলযান ভাড়া বাবদ প্রাপ্তি	১২৭.৬০	০.০০
৩।	ফ্রেজিকেশন কাজ বাবদ প্রাপ্তি	১১৭.৮৬	০.০০
৪।	বিবিধ আয় বাবদ প্রাপ্তি	৪৩.৮৫	০.০০
	মোট	৫৪৩.০১	০.০০

### অডিট পরিদপ্তরের কার্যক্রম

অডিট আপত্তি সংক্রান্ত তথ্য ( ০১ জুলাই, ২০১৯ থেকে ৩০ জুন, ২০২০ পর্যন্ত) :

(টাকার অংক কোটি টাকায়)

মন্ত্রণালয়/ সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (কোটি টাকায়)	ব্রডশিট জবাবের সংখ্যা	নিষ্পত্তিকৃত অডিট আপত্তি		অনিষ্পন্ন অডিট আপত্তি		মন্তব্য
				সংখ্যা	টাকার পরিমাণ (কোটি টাকায়)	সংখ্যা	টাকার পরিমাণ (কোটি টাকায়)	
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	২৩৮	১,৮৬৭.১০	১৭২	১৭১	৪৩১.১০	০	-	কলাম ৫ এ বর্ণিত নিষ্পত্তিকৃত আপত্তিসমূহ ২০১৯- ২০২০ আর্থিক বছরসহ পূর্ববর্তী বছর সমূহের।
মোট :	২৩৮	১,৮৬৭.১০	১৭২	১৭১	৪৩১.১০	০	-	

অডিট রিপোর্টে গুরুতর/ বড় রকমের কোন জালিয়াতি/ অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেস সমূহের তালিকা :  
অডিট রিপোর্টে গুরুতর/ বড় রকমের কোন জালিয়াতি/ অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে নাই।

এখানে উল্লেখ্য যে, ২০১৮-২০১৯ খ্রিঃ অর্থবছর সমাপ্তির পর ২০১৯-২০২০ খ্রিঃ অর্থবছরের অডিট কার্যক্রম পরিচালিত হয়।  
তৎপক্ষে সূত্রোক্ত স্মারকের চাহিদানুযায়ী ২০১৯-২০২০ খ্রিঃ অর্থবছরের প্রতিবেদন প্রেরণ করা সম্ভব হলো না।



## শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

প্রতিবেদনাধীন অর্থ বৎসরে (২০১৯-২০) মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন অর্থ বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা				অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা
	চাকুরীচ্যুত/বরখাস্ত	অব্যাহতি	অন্যান্য দণ্ড	মোট	
৬৫	০৭	১১	১২	৩০	৩৫

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মামলা সংক্রান্ত কার্যক্রম

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মামলা-সংক্রান্ত কার্যক্রম (জুলাই ২০১৮ থেকে জুন ২০১৯ পর্যন্ত) :

সারণী- ১: দায়েরকৃত এবং নিষ্পত্তিকৃত মামলা সম্পর্কিত তথ্যাদি (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত):

সরকারী সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয় বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ- এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা	উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা	দায়েরকৃত মোট মামলার সংখ্যা	নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা
৩১	৪৪	২৭	১০২	৬০

সারণী- ২: বাপাউবো তথা সরকারের পক্ষে নিষ্পত্তিকৃত মামলা থেকে আর্থিক ও প্রশাসনিক অর্জন সম্পর্কিত তথ্যাদি (০১ জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২০ পর্যন্ত):

ক্র.নং	মাসের নাম	নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	পক্ষে নিষ্পত্তির সংখ্যা	বিপক্ষে নিষ্পত্তির সংখ্যা	মামলার রায় পক্ষে হওয়ায় গুরুত্বপূর্ণ প্রশাসনিক অর্জন	মামলার রায় পক্ষে হওয়ায় আর্থিক অর্জন	
						টাকা পরিশোধের আইনি বাধ্যবাধকতা থেকে পরিদ্রাণ	বাদীর নিকট থেকে আদায়কৃত টাকা
১।	জুলাই ২০১৯	০৪	০৪	০০	যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তরে দৈনিক হাজিরা ভিত্তিক পদে নিয়োজিত ১৭ জন ব্যক্তিকে বোর্ডের স্থায়ী পদে নিয়মিতকরণের আইনগত বাধ্যবাধকতা থেকে পরিদ্রাণ পাওয়া গিয়েছে।	-	-
২।	আগস্ট ২০১৯	০৩	০৩	০০	-	-	-
৩।	সেপ্টেম্বর ২০১৯	০৩	০৩	০১	-	-	-
৪।	অক্টোবর ২০১৯	০৯	০৬	০৩	-	-	-
৫।	নভেম্বর ২০১৯	০৩	০১	০১	-	-	-
৬।	ডিসেম্বর ২০১৯	০২	০২	০০	-	২০,০১,৮৬,৬০২.০০	৮৯,২৩,২৬৯.৪০
৭।	জানুয়ারি ২০২০	০৩	০২	০১	-	৬৮,৬১,১৭২.০০	-
৮।	ফেব্রুয়ারি ২০২০	০৯	০৮	০১	-চট্টগ্রাম জেলার দক্ষিণ পতেঙ্গা মৌজায় ৪.৫১ একর ভূমি বাদীর অনুকূলে অবযুক্তির আইনগত বাধ্যবাধকতা থেকে পরিদ্রাণ পাওয়া গিয়েছে। -দৈনিক হাজিরা ভিত্তিক চাকুরীচ্যুত ১২১জন ব্যক্তিকে আত্মীকরণ করতে হয়নি। -৮৯ সিপিএফভুক্ত কর্মকর্তাকে জিপিএফ ও পেনশনে অন্তর্ভুক্ত করতে হয়নি।	-	-
৯।	মার্চ ২০২০	০৮	০৬	০২	-ওয়ামিপ- এর প্রকল্প খাতে নিয়োগপ্রাপ্ত সহকারী প্রধান (অর্থনৈতিক)-কে স্থায়ী পদে আত্মীকরণের আইনগত বাধ্যবাধকতা থেকে পরিদ্রাণ পাওয়া গিয়েছে।	-	-
১০।	এপ্রিল ২০২০	-	-	-	-	-	-



ক্র.নং	মাসের নাম	নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	পক্ষে নিষ্পত্তির সংখ্যা	বিপক্ষে নিষ্পত্তির সংখ্যা	মামলার রায় পক্ষে হওয়ায় গুরুত্বপূর্ণ প্রশাসনিক অর্জন	মামলার রায় পক্ষে হওয়ায় আর্থিক অর্জন টাকা পরিশোধের আইনি বাধ্যবাধকতা থেকে পরিদ্রাণ	বাদীর নিকট থেকে আদায়কৃত টাকা
১১।	মে ২০২০	-	-	-	-	-	-
১২।	জুন ২০২০	১৬	১৫	০১	-৪টি দেওয়ানী মামলার রায় পক্ষে হওয়ায় বোর্ডের অধিগ্রহণকৃত সম্পত্তির মালিকানা সত্ত্ব অটুট রয়েছে।	৫,০৩,৬৬,৩৭৫.০০	-
মোট: ৬০		৫১	৯	-	-	২৫,৭৪,১৪,১৪৯.০০	৮৯,২৩,২৬৯.৪০

উপরিউক্ত সারণী- ১ থেকে দেখা যায় যে ২০১৯-২০২০ অর্থবছরে বোর্ডের সাথে সম্পৃক্ত মোট ১০২টি মামলা বিভিন্ন আদালতে দায়ের হয় এবং মোট ৬০টি মামলা নিষ্পত্তি হয়। এ অর্থবছরে মামলা দায়েরের তুলনায় নিষ্পত্তির হার ৫৮.৮২%। অন্যদিকে সারণী- ২ থেকে পরিলক্ষিত হয় যে ২০১৯-২০২০ অর্থবছরে নিষ্পত্তিকৃত ৬০টি মামলার মধ্যে ৫১টি মামলার রায় বোর্ড তথা সরকারের পক্ষে এবং ৯টি মামলার রায় বিপক্ষে হয়েছে। সূত্রাং ৮৫% মামলায় বোর্ড তথা সরকারের পক্ষে রায় হয়েছে, যা গত অর্থবছরের তুলনায় (৮৫.০০%-৭৯.৪৪%) ৫.৫৬% বেশি। এ মামলাগুলোর রায় পক্ষে হওয়ায় ২৫,৭৪,১৪,১৪৯.০০ (পঁচিশ কোটি চুয়াত্তর লক্ষ চৌদ্দ হাজার একশত ঊনপঞ্চাশ টাকা মাত্র) টাকা বাদীদের অনুকূলে পরিশোধের আইনগত বাধ্যবাধকতা থেকে বোর্ড তথা সরকার পরিদ্রাণ পেয়েছে। অন্যদিকে বাদীর দায়েরকৃত ১টি রিট পিটিশন থেকে উদ্ধৃত বোর্ডের আপীল মামলার রায় বোর্ডের পক্ষে আনীত হওয়ায় ৮৯,২৩,২৬৯.৪০ (ঊননব্বই লক্ষ তেইশ হাজার দুইশত ঊনষাট টাকা মাত্র) টাকা আদায়পূর্বক বোর্ডের রাজস্ব ব্যাংক হিসাবে জমা দেওয়া হয়েছে। উল্লেখ্য, মামলার রায় বোর্ডের বিপক্ষে হওয়ার কারণে ২০১৯-২০২০ অর্থবছরে কোন টাকা কোন বাদীর অনুকূলে পরিশোধ করতে হয়নি।

### জমি অধিগ্রহণ কার্যক্রম

২০১৯-২০২০ সালের এডিপিভুক্ত বিভিন্ন প্রকল্প/উপ-প্রকল্পের ১১২৬.৬৭ হেঃ জমি অধিগ্রহণের জন্য কার্যক্রম অব্যাহত আছে।

২০১৯-১৯ সালের জের (Carried over)	= ৫৭০.৪৪ হেঃ
২০১৯-২০ সালের কার্যক্রম	= ৫৫৫.৭৯ হেঃ
মোট	= ১১২৬.৬৭ হেঃ

(ক) জুন' ২০২০ পর্যন্ত অগ্রগতির বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক নং	বিবরণ	অর্জিত অগ্রগতি (হেঃ)	অগ্রগতির (%)
১।	সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রস্তাব পেশ	১০৬১.১১	৯৪.১৮
২।	ডিএলএস/সিএলএসি কর্তৃক অনুমোদিত	৯৬০.৪২	৮৫.২৪
৩।	ভূমি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত	৮৫৫.২৯	৭৫.৯১
৪।	প্রাক্কলন প্রাপ্ত	৪২৪.৫৫	৩৭.৬৮
৫।	তহবিল প্রদান	৪২৪.৫৫	৩৭.৬৮
৬।	দখল প্রাপ্ত	৩৩০.২১	২৯.৩১

(খ) জুন' ২০২০ পর্যন্ত পেঞ্জিং কাজের বিবরণ নিম্নরূপঃ


ক্রমিক নং	বিবরণ	অর্জিত অগ্রগতি (হেঃ)	অগ্রগতির (%)
১।	জেলা প্রশাসক	৭২৬.৯৭	৬৪.৫২%
২।	পানি উন্নয়ন বোর্ড	৬৬.৫৬	৫.৯১%
৩।	ভূমি মন্ত্রণালয়	২.৯৬	০.২৬%
	মোট	৭৯৬.৪৬	

### e-GP কার্যক্রম

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) এ ২০১৬-১৭ অর্থ বছর হতে সকল পওর এবং পানি উন্নয়ন বিভাগে সকল উন্মুক্ত দরপত্র (OTM) এবং সীমিত দরপত্র (LTM) e-GP পদ্ধতিতে আহবান বাধ্যতামূলক করা হয়েছে। ২০১৯-২০ অর্থ বছরে বাপাউবোতে মোট ২৬১২টি OTM এবং ২৬৯টি LTM দরপত্র e-GP পদ্ধতিতে আহবান করা হয়।



বিশ্বব্যাংকের অর্থায়নে এবং Central Procurement Technical Unit (CPTU) কর্তৃক বাস্তবায়িত এর Additional Financing of Public Procurement Reform Project II (PPRPIAF) প্রকল্পের আওতায় এবং Dohatec পরামর্শক প্রতিষ্ঠানের কারিগরী সহায়তায় কন্ট্রাক্ট এণ্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবোতে e-GP Cell ও e-GP Helpdesk স্থাপন করা হয়েছে। স্থাপিত e-GP Cell ও e-GP Helpdesk বাপাউবোর Procuring Entity এবং ঠিকাদারগণকে e-Tendering সংক্রান্ত বিভিন্ন সহযোগিতা প্রদান করে আসছে। এছাড়াও Central Procurement Technical Unit (CPTU) কর্তৃক বাস্তবায়িত Digitizing Implementation Monitoring and Public Procurement Project এর আওতায় বাপাউবো একটি PSPSOs হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে এবং e-GP এর মাধ্যমে e-contract management বাস্তবায়নে অন্যতম ভূমিকা পালন করছে। নিচের লেখচিত্রে এর আওতায় ২০১২-১৩ অর্থ বছর হতে বাপাউবো এর e-GP ব্যবহার প্রবণতা বর্ণিত হলো :



বাপাউবো এর e-GP ব্যবহার প্রবণতা

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) কার্যক্রম

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক বিভিন্ন কর্মকাণ্ড বাস্তবায়নের মধ্য দিয়ে বর্তমান সরকারের "ডিজিটাল বাংলাদেশ" রূপরেখার সুশাসন, স্বচ্ছতা ও সামাজিক সমতা প্রতিষ্ঠার কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে Personnel Management Information System (PMIS), On-line Recruitment Management System (ORMS), Online Payment Gateway and SMS Gateway Service System, Geographic Information System (GIS) Based Digital Land Information System, Finger Print Based Online Attendance System, Online Hydrological Data Sale System, APR Monitoring System, Online Training Management System, Online GAD System, Electronic Government Procurement (eGP), Auto Real Time Data Acquisition System (ARTDAS), MODFLOW-Hydro Geo Analyst System, RIVER Morphology System, GIS based MIS of Completed Project (SIMS), Development of Smart Project Monitoring and Management Information System (SPMMIS) বাস্তবায়ন করা হয়েছে এবং Development and Piloting of WMO-Registration & Irrigation Management system এর কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। তথ্য প্রযুক্তি খাতকে আরো সমৃদ্ধ করার মাধ্যমে বোর্ডের কর্মকাণ্ড অধিকতর গতিশীল হয়েছে এবং অনেক সুফল পাওয়া যাচ্ছে।

### ২০১৯-২০ অর্থ বছরে নিম্নোক্ত কাজগুলো করা হয়েছেঃ


- ২০১৮-১৯ এর অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়।
- বাপাউবোর ডিজাইন সার্কেল সমূহের প্রায় ১০০০ পুরানো নক্সা ডিজিটাল ফরমেটে সংরক্ষণ করা হয়েছে।
- ই-নথি কার্যক্রমের উপর ৮১ জনকে ৪টি ব্যাচে ৮দিনের প্রশিক্ষণ দেওয়া হয়েছে।
- পানি সম্পদ মন্ত্রণালয় সহ ঢাকা শহরের সকল অফিসে ইন্টারনেট সুবিধা প্রদান করা হয়েছে।
- পূর্বাঞ্চল এর আওতাধীন ২১ টি শহরে বাপাউবোর সকল দপ্তরে ইন্টারনেট সুবিধা প্রদান করা হয়েছে।
- পশ্চিমাঞ্চল এর আওতাধীন ৪২ টি শহরে বাপাউবোর সকল দপ্তরে ইন্টারনেট সুবিধা প্রদান করা হয়েছে।
- পানি ভবনে অবস্থিত ডাটাসেন্টারের জন্য কম্পিউটার সার্ভার এবং স্টোরেজ সংগ্রহ করা হয়েছে।
- পানি ভবনে আইপি ক্যামেরার সার্ভেলেস সিস্টেম স্থাপন করা হয়েছে।
- পানি ভবনে অত্যাধুনিক আইসিটি ল্যাব স্থাপন করা হয়েছে।
- পানি ভবনে ব্যবহারের জন্য ১২০০ আইপি ফোনের অত্যাধুনিক সফট সুইচ ভিত্তিক সিস্টেম বিটিসিএলের সহযোগিতায় বাংলাদেশে সর্বপ্রথম বসানোর উদ্যোগ নেয়া হয়েছে।
- বাপাউবোর জন্যে নিজস্ব ASN এর ৫৫২ আইপি ব্লক লিজ নেয়া হয়েছে।

- নারায়ণগঞ্জ, ঠাকুরগাঁও, বগুড়া, পাবনা, পটুয়াখালী, ফেনী, চাঁদপুর, নাটোর, দিনাজপুর ও সিরাজগঞ্জ জেলাগুলিতে ল্যান প্রতিষ্ঠা করা হয়েছে।
- Development and Piloting of WMO-Registration & Irrigation Management system বাপাউবো এর উপর সফটওয়্যার তৈরী করা হয়েছে।
- ড্রেজার সমূহের ফুয়েল ইনটেক মনিটরিং এর জন্য অনলাইন সিস্টেমের পাইলটিং করা হবে।
- সংসদীয় আসন অনুযায়ী বাপাউবোর কার্যক্রমের প্রতিবেদন ভিত্তিক একটি মোবাইল ও ডেস্কটপ এ্যাপস তৈরী করা হয়েছে।

এছাড়াও সংস্থার অভ্যন্তরীণ বিভিন্ন কার্যক্রমে যেমন প্রশাসনিক, মানব সম্পদের তথ্য ব্যবস্থাপনা, তথ্য আদান-প্রদান, গবেষণা, পরিকল্পনা, জমি সংক্রান্ত ওয়েবসাইটের মাধ্যমে বিভিন্ন তথ্য ও টেঙার প্রকাশ ইত্যাদি কাজে বগুদিন যাবৎ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার করা হচ্ছে। ফলে দেশের কৃষকসহ সর্বস্তরের জনগণ এ থেকে উপকার পেয়ে আসছে। বন্যা পূর্বাভাস সতর্কীকরণ এর মাধ্যমে দেশ তথা জাতি বন্যার পূর্ব প্রস্তুতি গ্রহণ করার সুযোগ পাচ্ছে। আগামীতে ডিজাইন, প্রকিউরমেন্ট, পরিকল্পনা, প্রসেসিং, জমি সংক্রান্ত তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বোর্ড তথা দেশকে গুরুত্বপূর্ণ সেবা সুলভে ও দ্রুততার সাথে দেয়া সম্ভব হবে।



স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচী বাস্তবায়নের নিমিত্তে Zoom Meeting এর মাধ্যমে সভা অনুষ্ঠান।



পাওয়ার রুম, পানি ভবন

সার্ভার রুম, পানি ভবন





## ইনোভেশন কর্মকাণ্ড

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০১৮-২০১৯ সালের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রনয়ন ও জুন ২০১৮ তারিখ পর্যন্ত বাস্তবায়িত উদ্ভাবন কর্মপরিকল্পনার বাৎসরিক প্রতিবেদন প্রনয়ন করা হয়েছে। বাপাউবোর অভ্যন্তরীণ সেবাসমূহকে অধিকতর সহজ, সমন্বিতপযোগী জনবান্ধব ও ডিজিটাইজ করা করার জন্য সেবা গ্রহীতা ও সেবা দাতাদের সাথে পর্যায়ক্রমে আলোচনা করণ এবং তা থেকে গুরুত্বের বিবেচনায় সেবা সহজীকরণ উদ্যোগ বাছাই করা হচ্ছে। জনগণের দোর গোড়ায় ই-সেবা নিশ্চিত করার লক্ষ্যে বাপাউবোর ই-সেবা কার্যক্রম বাস্তবায়ন, উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) এর ডাটাবেইজ বাস্তবায়ন করা হয়েছে। বাপাউবোর সার্ভিস সমূহকে ই-সার্ভিসে রূপান্তরের জন্যে ২০২১ সাল পর্যন্ত একটি ই-সার্ভিস রোড ম্যাপ প্রণয়ন করা হয়েছে। উক্ত রোড ম্যাপ হতে দুইটি সার্ভিস Development and Piloting of WMO-Registration & Irrigation Management System বাপাউবো এর উপর সফটওয়্যার তৈরীর চুক্তি করা হয়েছে। সরকারের ইনোভেশন কর্মকাণ্ডের ধারাবাহিকতায় বাপাউবোর সকল জনবল নিয়োগ এর কার্যক্রম অন-লাইনে চলমান আছে ইহা ছাড়াও বাপাউবোতে ই-ফাইলিং সিস্টেম ব্যবহার শুরু করা হয়েছে এবং ব্যবহারকারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দেয়া হয়েছে।

বাপাউবোর ইনোভেশন কার্যক্রম সম্পর্কে সকলকে ওয়াকিবহাল এবং উৎসাহিত করার জন্যে বাপাউবোর বিভিন্ন দপ্তরে বিভিন্ন সময়ে সভা, ২ ও ৫ দিনের অভ্যন্তরীণ এবং ৫ দিনের বৈদেশিক ইনোভেশন প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন

সরকারী কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা ও দায়বদ্ধতা বৃদ্ধির মাধ্যমে অভীষ্ট লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পৃথিবীর বিভিন্ন দেশে ফলাফল ভিত্তিক (results-oriented) কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি (Performance Management System) চালু রয়েছে। সরকারের বিধোষিত নীতি ও কর্মসূচী যথাযথ বাস্তবায়নের মাধ্যমে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন এবং সরকারি কর্মকাণ্ডে স্বচ্ছতা, দায়বদ্ধতা এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করণের নিমিত্তে ২০১৪-১৫ অর্থ-বছর হতে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা হয়েছে।

সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির (Government Performance Management System- GPMS) আওতায় প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগের সচিব স্ব স্ব কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ সচিবের সঙ্গে একটি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement- APA) স্বাক্ষর করবেন। মন্ত্রিপরিষদ সচিব মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি এবং কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় কমিটির সভাপতি হিসেবে এবং মন্ত্রণালয়/বিভাগের সচিব স্ব স্ব মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে এ চুক্তিতে স্বাক্ষর করবেন।

প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ সরকারের সার্বিক উন্নয়ন অগ্রাধিকার (Development Priorities), বিশেষত প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২১ ও সংশ্লিষ্ট পঞ্চবার্ষিক পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে এবং Allocation of Businessও মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর আলোকে স্ব স্ব বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন করবে। কর্মসম্পাদন চুক্তিতে মন্ত্রণালয়/বিভাগের ভিশন, মিশন, কৌশলগত উদ্দেশ্য, এগুলি অর্জনের জন্য অগ্রাধিকার ভিত্তিতে করণীয় বিষয়সমূহ (Activities) এবং কর্মকৃতি নির্দেশকসমূহ (Performance Indicators) ও লক্ষ্যমাত্রা (Targets) বিধৃত হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী এ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুমোদন করবেন।

২০১৯-২০ অর্থ-বছরের মন্ত্রণালয়ের সহিত স্বাক্ষরিত চুক্তির আলোকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন সফটওয়্যারের মাধ্যমে পানি সম্পদ মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে। মূল্যায়ন কার্যক্রম এখনো আরম্ভ হয়নি। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে মহাপরিচালক, বাপাউবো গত ২৩ জুলাই, ২০২০ তারিখে সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়ের সাথে ২০২০-২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেন। মহাপরিচালক, বাপাউবো গত ২১ জুলাই, ২০২০ তারিখে ৯টি জোনের প্রধান প্রকৌশলী ও ৬টি পূর্ণকালীন প্রকল্প পরিচালকের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেন।

## এক নজরে বাপাউবো'র সাফল্যের খতিয়ান

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সূচনালগ্ন থেকেই দেশের পানি সম্পদের ব্যবস্থাপনা ও উন্নয়নে সরকারের গৃহীত পরিকল্পনা এবং প্রণীত নীতিমালার আলোকে দেশের বন্যা নিয়ন্ত্রণ, নদী ভাঙ্গন রোধ করে সেচ সুবিধার সম্প্রসারণ, নদী খনন/ড্রেজিং প্রভৃতি কর্মসূচী সম্বলিত এ যাবৎ ৮৭৭টি ছোট বড় প্রকল্প (সেচধর্মী- ১৩০টি, এফসিডি/এফসিডিআই- ৫১৪টি, নদী তীর সংরক্ষণধর্মী- ১২১টি, ভূমি পুনরুদ্ধারধর্মী- ৬টি, সমীক্ষাধর্মী- ১০৫টি ও ভবন নির্মাণধর্মী- ১টি) বাপাউবো কর্তৃক বাস্তবায়ন সমাপ্ত করা হয়েছে। তিস্তা ব্যারেজ প্রকল্প, চাঁদপুর সেচ প্রকল্প, জিকে সেচ প্রকল্প, মুন্সীর সেচ প্রকল্প, বরিশাল সেচ প্রকল্প প্রভৃতি প্রকল্পের সেচ সুবিধার সম্প্রসারণ করে দেশকে খাদ্য উৎপাদনে স্বয়ং সম্পূর্ণতা অর্জনে অগ্রণী ভূমিকা পালন করেছে। অপরদিকে, দেশের নদী তীরবর্তী গুরুত্বপূর্ণ জেলা শহরগুলোতে নদী তীর সংরক্ষণমূলক কাজ বাস্তবায়নের মাধ্যমে সিরাজগঞ্জ, চাঁদপুর, ভোলা, চাঁপাইনবাবগঞ্জ, নরসিংদী, নওগাঁসহ মোট ৩১টি জেলা শহরকে নদী ভাঙ্গন হতে সুরক্ষা প্রদান করা হয়েছে এবং আরও কয়েকটি শহরে এরূপ



কার্যক্রম চলমান আছে। সাম্প্রতিককালে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত অগ্রাধিকারের ভিত্তিতে ড্রেজিং করে সারা বছর নদীতে পানির প্রবাহ ধরে রাখার লক্ষ্যে ব্যাপক পরিসরে নদী ড্রেজিংয়ের কর্ম-পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং এর আলোকে নদী ড্রেজিং প্রকল্প গৃহীত ও বাস্তবায়ন করা হচ্ছে। বাংলাদেশ ডেল্টা প্ল্যান, ২১০০ বাস্তবায়নের লক্ষ্যে নদী বেসিন ভিত্তিক উন্নয়নের লক্ষ্যে সমগ্র বাংলাদেশকে ৭টি নদী বেসিনে বিভক্ত করে সমীক্ষা সম্পাদন করা হচ্ছে। ইতোমধ্যে কিছু প্রকল্প বাস্তবায়নাধীনও রয়েছে। ড্রেজিং কাজের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় সংখ্যক ড্রেজার ক্রয় করা হচ্ছে। বিভিন্ন দাতা সংস্থা/উন্নয়ন সহযোগীর অর্থায়নে অংশীদারীত্বমূলক সমন্বিত পানি ব্যবস্থাপনা ধারণার আলোকে বর্তমানে প্রকল্প গৃহীত হচ্ছে এবং এরূপ প্রকল্পসমূহ বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকাসমূহে সেচ, বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থার প্রভূত উন্নয়নের ফলে কৃষি ও মৎস্য সম্পদের বাম্পার ফলন অর্জনের মাধ্যমে সবুজ বিপ্লব সাধিত হয়েছে।

২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত প্রতিষ্ঠালগ্ন থেকে বাপাউবো কর্তৃক বিগত ৬১ বছরে দেশের প্রায় ১১০ লক্ষ হেক্টর বন্যা মুক্ত ও নিষ্কাশনযোগ্য এলাকার মধ্যে প্রায় ৬৪.৯৬ লক্ষ হেক্টর এলাকা প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন অথবা সেচ সুবিধার আওতাভুক্ত করা হয়েছে। এ সব প্রকল্পের আওতায় ৫৭৮৮ কিলোমিটার উপকূলীয় বাঁধসহ মোট ১৬,৩৫৩ কিলোমিটার বাঁধ নির্মাণ করা হয়েছে। নির্মিত এ সকল সুবিধাদি দ্বারা বাপাউবো'র প্রকল্প এলাকায় বিগত অর্থ-বছরে প্রায় ১১০.৭৮ লক্ষ মেট্রিক টন অতিরিক্ত খাদ্য শস্য (প্রকল্পপূর্ব অবস্থার তুলনায়) উৎপাদিত হয়েছে।

২০১৯-২০ অর্থ-বছরের আরম্ভ হয় ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা বেসিনে বন্যা ও নদী ভাঙ্গন পরিস্থিতি দিয়ে। ব্রহ্মপুত্র ও যমুনা নদীর পানি সবকয়টি স্টেশনে বিপদসীমা অতিক্রম করে জামালপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধায় বন্যা ভয়াবহ আকার ধারণ করে, যা উত্তর-মধ্যাঞ্চলের বগুড়া, সিরাজগঞ্জ ও টাঙ্গাইল সহ মানিকগঞ্জ পর্যন্ত বিস্তৃত হয়। ২০১৯ সালের বন্যা মৌসুম হতেই পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন কার্যক্রমের অধিকতর সমন্বয়, মনিটরিং ও তড়িৎ সিদ্ধান্ত গ্রহণের স্বার্থে ডিজিটাল ম্যাসেসিজিং প্ল্যাটফর্ম Whatsapp তে পানি সম্পদ মন্ত্রণালয়, বাপাউবো (সদর দপ্তর ও মাঠ দপ্তর) এবং জেলা প্রশাসন এর কর্মকর্তাদের নিয়ে একটি ম্যাসেসিজিং গ্রুপ গঠন করা হয়। এই গ্রুপে এ মন্ত্রণালয়ের আওতায় মাঠ পর্যায়ে কাজ বাস্তবায়নে জটিলতা দেখা দিলে সিদ্ধান্ত গ্রহণ, কাজের মনিটরিং এবং কাজ বাস্তবায়নে জবাবদিহিতা অধিকতর গতিশীলতার সাথে নিশ্চিত হয়। পরিচালন বাজেটের আওতায় আপদকালীন জরুরী কাজ বাস্তবায়নের মাধ্যমে মন্ত্রণালয়, বাপাউবো, স্থানীয় প্রশাসনের সম্মিলিত প্রচেষ্টায় ২০১৯ সালের বন্যা মৌসুমের সফল মোকাবেলা সম্ভব হয়। ঘর্নিঝড় “বুলবুল” ও ঘর্নিঝড় “আম্পান” সর্বোচ্চ সামর্থ্য দিয়ে মোকাবেলা করা হয়।

২০১৯-২০ অর্থ-বছরে বাপাউবো বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে চাহিদা মাফিক বরাদ্দ না পেলেও অর্থ-বছরের প্রারম্ভ থেকেই ওভারপ্রোথামিং করায় এবং শুষ্ক মৌসুম আরম্ভের পূর্বেই সিংহভাগ দরপত্রের কার্যাদেশ প্রদান করায় সন্তোষজনক অগ্রগতির কারণে জানুয়ারি, ২০২০ মাসে এডিপি বরাদ্দের ১.৫০ গুণেরও বেশি আরএডিপি বরাদ্দ প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। কিন্তু ৮ মার্চ, ২০২০ তারিখে বৈশ্বিক মহামারী কোভিড-১৯ রোগের বাংলাদেশে প্রথম সংক্রমণ ধরা পরে এবং রোগটির সংক্রমণ রোধে ২৫ মার্চ, ২০২০ তারিখের পর থেকে ৩০ মে, ২০২০ তারিখ পর্যন্ত সরকারী নির্দেশনা মোতাবেক সারা দেশে লকডাউন পরিস্থিতি বিরাজ করে। লকডাউন পরিস্থিতিতে প্রকল্পসমূহের বাস্তবায়ন প্রবলভাবে বাঁধাগ্রস্ত হয়। এতদসংক্রান্ত বিবিধ কারণে বেশির ভাগ প্রকল্পেরই কাজের সাইট বন্ধ হয়ে যায় ও সর্বোচ্চ প্রচেষ্টায় সামাজিক দূরত্ব নিশ্চিত করে নিরাপদ স্বাস্থ্যবিধি পালন করে স্থানীয় প্রশাসনের সাথে আলোচনাক্রমে কিছু প্রকল্পে আংশিকভাবে কাজ চলমান রাখা সম্ভব হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে দেশে খাদ্য-শস্যের সর্বোচ্চ উৎপাদন নিশ্চিত করতে বাপাউবো'র কর্মকর্তা-কর্মচারীগণ জীবনের ঝুঁকি নিয়ে লকডাউন পরিস্থিতিতেও হাওর অঞ্চলের বাঁধ নির্মাণ, শক্তিশালীকরণ কাজ করে হাওরের শতভাগ ফসল কাটা নিশ্চিত করে। পানি সম্পদ মন্ত্রণালয় ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের উদ্যোগে মে, ২০২০ মাসের মধ্যে সিংহভাগ প্রকল্পে কঠোর সামাজিক দূরত্ব নিশ্চিত করে নিরাপদ স্বাস্থ্যবিধি অনুসরণ করে কাজ আরম্ভ হয়। অর্থ-বছরের প্রারম্ভে ওভার প্রোথামিং করার ফলশ্রুতিতে অর্থ-বছর শেষে সন্তোষজনক বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা সমূহের অর্জন সম্ভব হয়। অর্থ-বছরে ৩০টি প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও সর্বাঙ্গিক প্রচেষ্টায় সর্বোচ্চ ১২টি সমাপ্ত করা সম্ভব হয়, যার মধ্যে ১টি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প। দেশের পানি সম্পদ খাতে সরকারের ক্রমবর্ধিত বিনিয়োগের প্রেক্ষিতে জনগুরুত্ব বিবেচনায় নিয়ে ২০১৯-২০ অর্থ-বছরে বাপাউবো'র নতুন ২০টি প্রকল্প অনুমোদন লাভ করে।

জামালপুর জেলার ইসলামপুর উপজেলার হারগিলা বাজার সন্নিহিত যমুনা নদীর মৃতপ্রায় চ্যানেলের উপর ১২০০ মিটার দীর্ঘ ক্রসড্যাম নির্মাণ ও তাতে প্রতিরক্ষামূলক কাজ সম্পাদনের মাধ্যমে যমুনা নদীর ভাঙ্গন হতে প্রায় ১২০০০ হেক্টর এলাকাকে রক্ষা করা সম্ভব হয়েছে। এতে যমুনা নদীবক্ষ হতে প্রায় ৫০০ হেক্টর জমি পুনরুদ্ধার করা সম্ভব হয়েছে। ৬.০৪২ কিমিঃ নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের মাধ্যমে মেঘনা নদীর ভাঙ্গন হতে স্বর্ণদ্বীপ (জাহাজ্যার চর) এলাকার প্রায় ১৬,১৯৪ হেক্টর জমিতে বিদ্যমান বাংলাদেশ সেনাবাহিনীর ৩টি প্রশিক্ষণ কেন্দ্র, ২টি সাইক্লোন শেল্টার, ১টি ডেইরি ফার্ম ও বাংলাদেশ সেনাবাহিনীর গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ নদী ভাঙ্গনের কবল হতে রক্ষা করা হয়েছে। নওগাঁ জেলার পোরশা উপজেলায় ভারতীয় সীমান্ত হতে প্রায় ৩.০০ কিঃমিঃ ভিতরে বিল এলাকায় হাপানিয়া নামক স্থানে ১৪-ভেন্ট রেগুলেটর নির্মাণ, ৪৫০ মিটার খাল পুনঃখনন করে



রেগুলেটরের পুনর্ভবা নদীর সাথে সংযোগ স্থাপন ও রেগুলেটর থেকে জবাইবিল পর্যন্ত আরো ১৭.৫৫০ কিঃমিঃ খাল পুনঃখননের মাধ্যমে জবাইবিল ও তৎসংলগ্ন এলাকায় ১১২০০ হেক্টর জমিতে সেচ সুবিধার সম্প্রসারণ ঘটেছে। “যমুনা নদীর ভাঙ্গন হতে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলাধীন খুদবান্দি, সিংড়াবাড়ী ও শুভগাছা এলাকা সংরক্ষণ” শীর্ষক প্রকল্পে ৪.০০ কিঃমিঃ যমুনা নদী ড্রেজিং করে প্রাপ্ত ড্রেজড ম্যাটেরিয়ালের পরিকল্পিত ব্যবস্থাপনার মাধ্যমে কাজিপুর উপজেলায় বাঐখোলা নামক স্থানে ১টি ক্রসবার নির্মাণ করা হয়েছে ও মেঘাই স্পার-১ এর ভাটিতে নিচু জমি ভরাট করে স্থানীয় পর্যায়ে চিও-বিনোদন ও পর্যটনের নতুন ক্ষেত্র উন্মোচিত হয়েছে। পদ্মা নদী হতে কুমার নদে সারা বছর পানির প্রবাহ নিশ্চিত করতে ফরিদপুর জেলার মদনখালীতে কুমার নদের উৎসমুখে পদ্মা নদীর পরিবর্তিত বেড লেভেল এর সাথে সামঞ্জস্য রেখে বিদ্যমান ১৯৮৩-৮৪ সালে নির্মিত রেগুলেটরের অতিরিক্ত হিসেবে ৬-ভেন্টের ১টি রেগুলেটরের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। ২০১৯-২০ অর্থ-বছরে কুষ্টিয়া জেলা শহরের সন্নিকটে গড়াই নদী প্রায় পূর্ণ প্রশস্ততায় ড্রেজিং করে প্রাপ্ত ড্রেজড ম্যাটেরিয়ালের সুপরিকল্পিত ব্যবস্থাপনার মাধ্যমে নদী তীরবর্তী প্রায় ১.৬০ বর্গকিলোমিটার ভূমি পুনরুদ্ধার করা সম্ভব হয়েছে। খুলনা জেলার দাকোপ উপজেলায় ২০০৯ সালে সংঘটিত উপকূলীয় ঘূর্ণিঝড় “আইলা” তে বেড়িবাঁধ ভেঙ্গে নলিয়ান নদীর সৃষ্ট চ্যানেলে দীর্ঘ ১০ বছর পর সিইআইপি-১ প্রকল্পের আওতায় নদীর ১৭৫ মিটার প্রশস্ত চ্যানেল গত ২৭/০২/২০২০ তারিখে ক্লোজ করে দীর্ঘদিন ধরে পানিবন্দী বিস্তীর্ণ জনপদে স্বস্তি ফিরিয়ে আনা হয়। প্রায় ৫০০ মিটার দৈর্ঘ্যের নলিয়ান ক্লোজারটির সেকশন ডেভেলপমেন্ট ও স্লোপ প্রোটেকশন সম্পন্ন হয়েছে।

২০১৯-২০ অর্থ-বছরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুকূলে খুলনা জেলায় আঠারোবাকি নদী, ব্রাহ্মণবাড়িয়া জেলায় তিতাস নদী, সিরাজগঞ্জ, গাইবান্ধা, জামালপুর ও টাঙ্গাইল জেলায় যমুনা নদী, ফরিদপুর জেলায় কুমার ও মরা কুমার নদ, যশোর জেলায় ভৈরব নদী, কক্সবাজার জেলায় বাঁকখালী নদী, নরসিংদী জেলায় আড়িয়াল খাঁ, হাড়িদোয়া, পাহাড়িয়া, পুরাতন ব্রহ্মপুত্র ও মেঘনা শাখা নদী, চাঁপাইনবাবগঞ্জ জেলায় মহানন্দা নদী, ফরিদপুর ও শরীয়তপুর জেলায় পদ্মা নদী, কুষ্টিয়া জেলায় গড়াই নদী ড্রেজিং করা হয়। এছাড়া, বাংলাদেশের প্রথম শতবর্ষমেয়াদী মহাপরিকল্পনা “বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০” এর আওতায় গৃহিত প্রকল্প “৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়)” এর আওতায় দেশব্যাপী ১৫০০ কিঃমিঃ এরও বেশি ছোট নদী/খাল/জলাশয় পুনঃখনন ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। প্রকল্পটির আওতায় ২৩ ডিসেম্বর, ২০১৯ হতে সারাদেশে একযোগে নদী, খাল বা তাদের তীরে অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম আরম্ভ হয়েছে। এর ফলে উক্ত এলাকার নদী ও খালগুলো নাব্যতা ফিরে পাওয়ার পাশাপাশি তা সেচ কাজে সহায়ক হয়েছে। নদী/খাল পুনঃখননের ফলে তাদের নাব্যতা বৃদ্ধি পেয়েছে এবং তৎসংলগ্ন এলাকাসমূহে পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নত হওয়ার ফলে বন্যার ঝুঁকি ও প্রকোপ হ্রাস পেয়েছে।

কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলায় সেনা স্থাপনা নির্মাণের লক্ষ্যে নির্ধারিত এলাকার ভূমি উন্নয়ন, ওয়েড প্রোটেকশন ও তীর প্রতিরক্ষা কাজ বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। জাইকার ঋণ সহায়তায় হাওর এলাকায় পুরাতন ১৫টি উপ-প্রকল্পের পুনর্বাসন এবং নতুন এলাকাকে বন্যা ব্যবস্থাপনার আওতায় এনে ১৪টি নতুন উপ-প্রকল্প বাস্তবায়ন করে হাওর এলাকার বন্যা ব্যবস্থাপনার উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়ন করা হচ্ছে। চট্টগ্রাম জেলার মিরশ্বরাই উপজেলায় বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল (বেজা) কর্তৃক নির্মাণাধীন বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর-কে বন্যামুক্ত করার লক্ষ্যে দেশের প্রথম সুপার ডাইক নির্মাণাধীন আছে, যা উপর দিয়ে নির্মিতব্য মোটরবেল পেভমেন্ট যোগাযোগ ব্যবস্থা ও পর্যটনের উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখবে। ভবিষ্যত ঘূর্ণিঝড়ে জলোচ্ছ্বাসের প্রকোপ মোকাবেলায় ৭টি প্রকল্পের মাধ্যমে চট্টগ্রাম ও কক্সবাজার জেলার উপকূলীয় পোল্ডারসমূহের পুনর্বাসন করা হচ্ছে। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত সেচ প্রকল্পসমূহ আধুনিকায়নের নিমিত্ত এশীয় উন্নয়ন ব্যংকের (এডিবি) ঋণ সহায়তায় ফেনী জেলায় অবস্থিত মুহুরী সেচ প্রকল্পের পুনর্বাসন ও আধুনিকায়নের কাজ চলমান রয়েছে।

২০১৯-২০২০ অর্থ-বছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সারাদেশব্যাপী বিভিন্ন ধরনের অবকাঠামো উন্নয়ন করেছে যার তালিকা নিম্নে প্রদান করা হলো :

ক্রমিক নং	অবকাঠামোর বিবরণ	২০১৯-২০ অর্থবছরে নির্মিত	
		পূর্ণ	আংশিক
১	সুইস ও রেগুলেটর নির্মাণ/ পুনঃনির্মাণ (সংখ্যা)	৫১	৬৮
২	অন্যান্য পানি কাঠামো (বোটপাস/সাইফুন/একুইডাক্ট/ ইনলেট/ পাইপ সুইস ইত্যাদি) নির্মাণ/ পুনঃনির্মাণ (সংখ্যা)	৮২	৪৩
৩	সুইস ও রেগুলেটর মেরামত (সংখ্যা)	১৪২	২৬
৪	সুইস ও রেগুলেটর রক্ষণাবেক্ষণ মেরামত (সংখ্যা)	১৬০	৬৫
৫	অন্যান্য পানি কাঠামো (বোটপাস/সাইফুন/একুইডাক্ট/ ইনলেট/ পাইপ সুইস ইত্যাদি) মেরামত (সংখ্যা)	২৩৫	১১০
৬	বাঁধ নির্মাণ/পুনঃনির্মাণ (কিলোমিটার)		
	উপকূলীয় বাঁধ	৩১.১১	১৮.৪৬
	দুর্ভুক্ত বাঁধ	৩১.০০	৫৬.৫০
	অন্যান্য বন্যা নিয়ন্ত্রণ বাঁধ	২৯.৮৯	২৩.৭৭

ক্রমিক নং	অবকাঠামোর বিবরণ	২০১৯-২০ অর্থবছরে নির্মিত	
		পূর্ণ	আংশিক
৭ (১)	উপকূলীয় বাঁধ বাঁধ পুনরাকৃতিকরণ/মেরামত/উন্নীতকরণ (কিলোমিটার)	১৬৮.৮৭	৬৬.৮৬
৭ (২)	ডুবন্ত বাঁধ (বাঁধ পুনরাকৃতিকরণ/মেরামত/উন্নীতকরণ)	৮৩৮.১৬ (১০২৩ পিআইসি) ৩১.০০ (প্রকল্পের আওতায়)	- ৪.০০ (প্রকল্পের আওতায়)
	অন্যান্য বন্যা নিয়ন্ত্রণ বাঁধ	১৬৩.২৬	১৫৫.৪৪
	সেচ খালের ডাইক	২২৪.৬৫	-
৮	বাঁধের ব্রিজ ক্রোজিং দৈর্ঘ্য (কিলোমিটার)	২৫.৬৪	-
৯	বাঁধের রেইনকাট, যোগস ইত্যাদি মেরামত (কিলোমিটার)	৭৩.৪৭	-
১০	বাঁধের ঢাল স্থায়ী প্রতিরক্ষা (কিলোমিটার)	৪০.০১	৩৭.০৪
১১	বাঁধের ঢাল অস্থায়ী প্রতিরক্ষা (কিলোমিটার)	১৩.৪১	৭.৮০
১২ (১)	নিষ্কাশন খাল খনন (কিলোমিটার)	১.৭০	-
১২ (২)	নিষ্কাশন খাল পুনঃখনন (কিলোমিটার)	১৪৪৭.৯৩	৮৩১.১১
১২ (৩)	সেচ খাল খনন (কিলোমিটার)	-	-
১২ (৪)	সেচ খাল পুনঃখনন (কিলোমিটার)	১৭০.৮৯	৮৩.০০
১৩	খাল হতে কচুরীপানা/আবর্জনা অপসারণ (কিলোমিটার)	২৯২.৫২	৩২.৭০
১৪	খালের ঢাল প্রতিরক্ষা (কিলোমিটার)	৩.০৪	২.৫০
১৫	জমি অধিগ্রহণ (হেক্টর)	৮৩.৪৮	২৩২.৬৬
১৬	নদী তীর স্থায়ী সংরক্ষণ (কিলোমিটার)	৫৮.১৭	১৪৪.৭৮
১৭	নদী তীর সংরক্ষণ কাজ মেরামত/ শক্তিশালীকরণ (কিলোমিটার)	৪.০৭	৪.৮৫
১৮	নদী তীর অস্থায়ী প্রতিরক্ষা (কিলোমিটার) (জরুরী আপদকালীন প্রতিরক্ষাসহ)	১১০.৭২	৭.২২
১৯	নদ-নদী ড্রেজিং ও পুনঃখনন (লক্ষ ঘনমিটার মাটি)	১১৬০.৫২	-
	ড্রেজার দ্বারা নদী ড্রেজিং (কিলোমিটার)	১৭৭.৪০	৯৪.৩৮
	রক্ষণাবেক্ষণ ড্রেজিং (কিলোমিটার)	০.৪১	১৪.৫০
	এক্সকাভেটর দ্বারা নদী পুনঃখনন (কিলোমিটার)	৫৭৭.৩১	৭০৬.৩০
	লুপকাট খনন (কিলোমিটার)	০.৬০	-
২০	ড্রেজার সরবরাহ গ্রহণ (সংখ্যা)	-	১
২১	পাম্প হাউস নির্মাণ (সংখ্যা)	-	২ (শিমরাইল, আদমজীনগর)
২২	পাম্প সরবরাহ প্রাপ্তি (সংখ্যা)	-	-
২৩	ক্রোজার নির্মাণ (সংখ্যা)	-	-
	হাওর অঞ্চল (অস্থায়ী)	১৩৫	-
	উপকূলীয় অঞ্চল	৭	৯
	অন্যান্য	৫	-
২৪	ক্রসড্যাম নির্মাণ (সংখ্যা)	১ (জামালপুরঃ হারগিলা)	-
২৫	ক্রসবার নির্মাণ (সংখ্যা)	১ (সিরাজগঞ্জঃ বাঐখোলা)	-
২৬	স্পার নির্মাণ (সংখ্যা)	৩০	-
২৭	গ্লোয়েন নির্মাণ (সংখ্যা)	-	-
২৮	গ্লোয়েন পুনর্বাসন/মেরামত (সংখ্যা)	-	-
২৯	স্পার পুনর্বাসন/মেরামত (সংখ্যা)	৫	-
৩০	কজওয়ে নির্মাণ (সংখ্যা)	১০	১১
৩১	ব্রিজ ও কালভার্ট নির্মাণ (সংখ্যা)	৩২	২০
৩২	রাস্তা নির্মাণ (কিলোমিটার)	১.০৭	১৪.৫০
৩৩	ফ্রাডওয়ালা নির্মাণ (কিলোমিটার)	০.৭১	-
৩৪	ভবন নির্মাণ (সংখ্যা)	১২	২৩
৩৫	ভূমি উন্নয়ন (ঘনমিটার মাটি লক্ষ/হেক্টর এলাকা)	৫২.৩১/১৪৯.৩২	
৩৬ (১)	ডাবল কেবিন পিকআপ ক্রয় (সংখ্যা)	১	-
৩৬ (২)	মোটর সাইকেল ক্রয় (সংখ্যা)	৯	-
৩৭	জলযান ক্রয় (সংখ্যা)	৪	-
৩৮	বনায়ন (গাছ সংখ্যা)	৩,৯৫,২৫২	
৩৯	সম্পাদিত সমীক্ষা (সংখ্যা)	৪	৪
৪০	ভূমি পুনরুদ্ধার (বর্গ কিলোমিটার)	৮.৬০ [৭.০০ (জামালপুরঃ হারগিলা ক্রসড্যাম) + ১.৬০ (কুষ্টিয়াঃ গড়াই)]	
৪১	সেচ সুবিধার আওতাভুক্ত এলাকার সম্প্রসারণ (হেক্টর)	১১,২০০ (নওগাঁঃ জবাইবিল)	-
৪২	বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন সুবিধার আওতাভুক্ত এলাকার সম্প্রসারণ (হেক্টর)	-	-



## এক নজরে জুন, ২০২০ পর্যন্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক সম্পাদিত অবকাঠামো/কর্মকাণ্ডের বিবরণ

বাস্তবায়িত প্রকল্পের সংখ্যা	৮৭৭	টি
সেচ, বন্যা নিয়ন্ত্রণ ও পানি নিষ্কাশন সুবিধার আওতাভুক্ত এলাকা	৬৪.৯৬	লক্ষ হেক্টর
সেচ সুবিধার আওতাভুক্ত এলাকা (১৩০টি সেচধর্মী প্রকল্প বাস্তবায়িত)	১৬.৩৫	লক্ষ হেক্টর
ব্যারেজ (তিস্তা, মনু, বুড়ি তিস্তা ও ট্যাংগন)	৪	টি
ভূমি সৃজন/পুনরুদ্ধার	১০৪৫.৮১	বর্গ কিলোমিটার
নদী ভাঙ্গন হতে সংরক্ষিত জেলা শহর	৩১	টি
নদী ভাঙ্গন রোধে তীর প্রতিরক্ষা কাজ	১২৮৭	কিলোমিটার
স্পার নির্মাণ	২৫১	টি
ফ্লাড ওয়াল নির্মাণ	১৭.২২৪	কিলোমিটার
সমান্তরাল বাঁধের দৈর্ঘ্য	১৬৩৫৩	কিলোমিটার
ক) উপকূলীয় বাঁধ (১৩৯টি পোল্ডার)	৫৭৮৮	কিলোমিটার
খ) ডুবন্ত বাঁধ (৯৯টি হাওর/হাওর উপ-প্রকল্পের মাধ্যমে)	২৬২৫	কিলোমিটার
গ) অন্যান্য বন্যা নিয়ন্ত্রণ বাঁধ	৭৯৪০	কিলোমিটার
সেচ খালের ডাইক	৩৬১২	কিলোমিটার
বাপাউবো'র বাঁধের উপর সওজ কর্তৃক নির্মিত রাস্তা	১৩২৩	কিলোমিটার
বাপাউবো'র বাঁধের উপর এলজিইডি কর্তৃক নির্মিত রাস্তা	৪১৮৩	কিলোমিটার
সড়ক (পাকা ও কাঁচা)	১০৮৫	কিলোমিটার
সেচ খালের দৈর্ঘ্য	৫৩৫৫	কিলোমিটার
নিষ্কাশন খালের দৈর্ঘ্য	৪৫০২	কিলোমিটার
হাইড্রোলিক স্ট্রাকচার	১৫৪৮৮	টি
পাম্প হাউজের সংখ্যা	২৩	টি
ক্রোজার	১৪১৩	টি
ব্রিজ/কালভার্ট	৫৭৩৭	টি
রাবার ড্যাম (পেকুয়া, মহামায়া, পালাকাটা, কণ্ডা, বাগুজারা)	৫	টি
ড্রেজার সংখ্যা	৪১	সেট
নদী পুনঃখনন	১৩২০	কিলোমিটার
নদী ড্রেজিং	৮২৩	কিলোমিটার

## উপসংহার

